Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

দাম : ৪ টাকা

# কর্মসংস্থান

www.karmosangsthan.com

Vol. 32 ■ Issue No. 50 ■ 21st December 2019 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

ভেতরের পাতায়

- ৮০ সুপারভাইজর, নার্স, ড্রেসার, অ্যাটেন্ড্যান্ট
- খাদি ও ভিলেজ ইন্ডাস্ট্রিতে চাকরি
- ক্লার্কশিপ পদের পরীক্ষার সম্ভাব্য ১ সেট প্রশ্নের চটপট উত্তর বের করার কৌশল

## ১,৮১৭ মাল্টি টাস্কিং স্টাফ প্রতিরক্ষা গবেষণা সংস্থায়

**মাধ্যমিক বা, আই.টি.আই থেকে পাশ ছেলেমেয়েদের**

কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা মন্ত্রকের অধীন ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশনের সেন্টার ফর পার্সোনেল ট্যালেন্ট ম্যানেজমেন্ট (CEPTAM) 'মাল্টিটাস্কিং স্টাফ (এম.টি.এস.)' পদে ১,৮১৭ জন লোক নিচ্ছে।

মাধ্যমিক পাশ কিংবা আই.টি.আই. পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ২৩-১-২০২০'এর হিসাবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী, মহিলারা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ১৮,০০০-৫৬,৯০০ টাকা। শূন্যপদ : ১,৮১৭টি (জেনাঃ ৮৪৯, ই.ডব্লু.এস. ১৮৮, ও.বি.সি. ৫০৩, তঃজাঃ ১৬৩, তঃউঃজাঃ ১১৪)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১৩৫, মেধাবী খেলোয়াড় ৫০, প্রতিবন্ধী ৭৩।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে দু'টি ধাপে : কম্পিউটার বেসড টেস্ট (স্ক্রিনিং টেস্ট) ও কম্পিউটার বেসড টেস্ট (ফাইনাল পরীক্ষা)। স্ক্রিনিং টেস্টে ১০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং এবিলিটি, (খ) জেনারেল অ্যাওয়ারনেস, (গ) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউট অ্যান্ড ☞ এরপর ৬ পাতায়

## বায়ুসেনাতে এয়ারম্যান

**উচ্চমাধ্যমিক ছেলেদের জন্য**

ভারতীয় বিমানবাহিনী গ্রুপ 'X' (এডুকেশন ইন্সট্রাক্টর ছাড়া) ট্রেডে 'এয়ারম্যান' পদে ও 'গ্রুপ-'Y' (অটোমোবাইল টেকনিশিয়ান, ইন্ডিয়ান এয়ারফোর্স পুলিশ, ইন্ডিয়ান এয়ারফোর্স (সিকিউরিটি) ও মিউজিশিয়ান ট্রেড ছাড়া অন্যান্য সব ট্রেডে) 'এয়ারম্যান' পদে কিছু অবিবাহিত ছেলে নিচ্ছে। কারা কোন পদে আবেদনের যোগ্য :

**গ্রুপ 'X' (এডুকেশন ইন্সট্রাক্টর ছাড়া) ট্রেড :** অঙ্ক, ফিজিক্স ও ইংরিজি অন্যতম বিষয় হিসাবে নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা মোট অন্তত ৫০% নম্বর আর ইংরিজি বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। পলিটেকনিক বা, স্বীকৃত ইনস্টিটিউট থেকে ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলেও আবেদন করতে পারেন। তবে তাঁদের বেলায় মাধ্যমিক / উচ্চমাধ্যমিক / ডিপ্লোমা কোর্সে ইংরিজিতে অন্তত ৫০% নম্বর থাকতে হবে।

**গ্রুপ 'Y' (অটোমোবাইল টেকনিশিয়ান, ইন্ডিয়ান এয়ারফোর্স পুলিশ, ইন্ডিয়ান এয়ারফোর্স সিকিউরিটি ও মিউজিশিয়ান ট্রেড ছাড়া অন্যান্য সব ট্রেডে) ট্রেড :** মোট ☞ এরপর ৭ পাতায়

## পুরসভায় ৩০ হেল্পার

রিষড়া পুরসভা হেল্পার পদে ৩০ জন লোক নিচ্ছে। ক্লাস এইট পাশরা যোগ্য। ভালো স্বাস্থ্য ও খেলাধূলায় দক্ষতা থাকলে অগ্রাধিকার পাবেন। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪,৯০০-১৬,২০০ টাকা ও গ্রেড পে ১,৭০০ টাকা। শূন্যপদ : ৩০টি।

প্রার্থী বাছাই হবে টেস্ট বা, ☞ এরপর ৬ পাতায়

## মহারাষ্ট্র ব্যাঙ্কে ২০০ অফিসার

মহারাষ্ট্র ব্যাঙ্ক 'জেনারেলিস্ট অফিসার' পদে ২০০ জন লোক নিচ্ছে। যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। এম.বি.এ. (ফিনান্স), সি.এ., কস্ট অ্যাকাউন্ট্যান্সি, চার্টার্ড ফিনান্সিয়াল অ্যাকাউন্টিং, এফ.আর.এম. পাশ হলে ভালো হয়। জে.এ.আই.আই.বি ও সি.এ.আই.আই.বি. পাশ হলে ভালো হয়। কোনো বাণিজ্যিক ব্যাঙ্কে অন্তত ২ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ক্রেডিট সম্পর্কিত, ব্রাঞ্চ হেড বা, ইনচার্জ হিসাবে কাজ করে থাকলে ভালো হয়। বয়স হতে হবে ১-৪-২০১৯'এর হিসাবে ২০ থেকে ৩৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৩১,৭০৫-৪৫,৯৫০ টাকা। শুরুতে ১ বছরের প্রবেশন। শূন্যপদ : ২০০টি (জেনাঃ ৮১, ই.ডব্লু.এস. ২০, ও.বি.সি. ৫৪, তঃজাঃ ৩০, তঃউঃজাঃ ১৫)। এর মধ্যে প্রতিবন্ধী ৮টি।

প্রার্থী বাছাই হবে অনলাইন ☞ এরপর ৬ পাতায়

## কোল ইন্ডিয়ায় ১,৩২৬ ট্রেনি

কোল ইন্ডিয়া লিমিটেড 'ম্যানেজমেন্ট ট্রেনি' পদে ১,৩২৬ জন লোক নিচ্ছে। নেওয়া হবে এইসব শাখায়: মাইনিং, ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল, সিভিল, কোল প্রিপারেশন, সিস্টেম, মেটেরিয়ালস ম্যানেজমেন্ট, ফিনান্স অ্যান্ড অ্যাকাউন্টস, পার্সোনেল অ্যান্ড এইচ.আর., মার্কেটিং অ্যান্ড সেলস, কমিউনিটি ডেভেলপমেন্ট। কারা কোন শাখার জন্য যোগ্য :

**মাইনিং, ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল, সিভিল :** মোট অন্তত ৬০% নম্বর পেয়ে ইঞ্জিনিয়ারিংয়ের সংশ্লিষ্ট শাখার ডিগ্রি (বি.ই./বি. টেক./ বি.এসসি.-ইঞ্জিনিয়ারিং) কোর্স পাশরা সংশ্লিষ্ট শাখার জন্য আবেদন করতে পারেন। শূন্যপদ ও সিরিয়াল নং : ☞ এরপর ১৩ পাতায়

### জেলা স্বাস্থ্য কেন্দ্রে

## ২১ টেকনিশিয়ান

পূর্ব মেদিনীপুর জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি 'ল্যাবরেটরি টেকনিশিয়ান', 'স্টাফ নার্স'-সহ অন্যান্য পদে ২১ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য : ☞ এরপর ২ পাতায়

## ১৫৮ নার্স ও স্টেনো

জহওরলাল ইনস্টিটিউট অফ পোস্ট-গ্র্যাজুয়েট মেডিক্যাল এডুকেশন অ্যান্ড রিসার্চ 'নার্সিং অফিসার' ও 'স্টেনোগ্রাফার গ্রেড-।।' পদে ১৫৮ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**নার্সিং অফিসার :** জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারির ডিগ্রি বা, ডিপ্লোমা কোর্স পাশরা নার্স অ্যান্ড মিডওয়াইফ হিসাবে নাম নথিভুক্ত থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ৩৫ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০ টাকা। শূন্যপদ : ১৫০টি (জেনা: ৫৯, ই.ডব্লু.এস. ১৫, ও.বি.সি. ৪১, তঃজাঃ ২৩, ☞ এরপর ১৩ পাতায়

## অর্ডন্যান্স ফ্যাক্টরিতে ১০৮ ক্লার্ক, ট্রেডসম্যান

কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা মন্ত্রকের অধীন ২২৩ অ্যাডভান্সড বেসড অর্ডন্যান্স ডিপো, ১৭ ফিল্ড অ্যামিউনিশন ডিপো ও ২৩ ফিল্ড অ্যামিউনিশন ডিপো ট্রেডসম্যান মেট, মাল্টি টাস্কিং স্টাফ, ফায়ারম্যান ও জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট পদে ১০৮ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**ট্রেডসম্যান মেট :** মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। বেসিক পে ১৮,০০০-৫৬,৯০০ টাকা। শূন্যপদ : ২২৩ অ্যাডভান্স বেস অর্ডন্যান্স ডিপোতে ৩০টি (জেনাঃ ১২, তঃজাঃ ৯, ও.বি.সি. ৬, ই.ডব্লু.এস. ৩)। এর মধ্যে প্রতিবন্ধী ২, প্রাঃসঃকঃ ৩, মেধাবী খেলোয়াড় ২। ☞ এরপর ১৬ পাতায়

## ৯৫ প্রোজেক্ট অ্যাসিস্ট্যান্ট

**৫৮ প্রোজেক্ট অ্যাসিস্ট্যান্ট**

সি.এস.আই.আর.-ন্যাশনাল এনভায়রণমেন্টাল ইঞ্জিনিয়ারিং রিসার্চ ইনস্টিটিউট প্রোজেক্ট অ্যাসিস্ট্যান্ট লেভেল-। ও প্রোজেক্ট অ্যাসিস্ট্যান্ট লেভেল ☞ এরপর ২ পাতায়

### পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের

## ২১টি পদের পরীক্ষা কবে হবে ও ফল কবে

**রঞ্জিৎ ঘোষ :** পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট অফিসার, ডব্লু.বি.সি.এস., ক্লিনিক্যাল ইন্সট্রাক্টর, ফুডের সাব-ইন্সপেক্টর, আই.সি.ডি.এস. সুপারভাইজর, মিসলেনিয়াস সার্ভিসেস, অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিস, ক্লার্কশিপ, ফায়ার অপারেটর, সাব-ইন্সপেক্টর অফ স্কুল, ফরেস্ট সার্ভিস -সহ প্রায় ২১টি পদের লিখিত পরীক্ষা কবে হবে, ইন্টারভিউ কবে থেকে শুরু হবে, প্রিলিমিনারি বা, মেন লিখিত পরীক্ষার ফল কবে বেরোবে কিংবা, ইন্টারভিউয়ের ফল কবে বেরোবে ইত্যাদি সংক্রান্ত বিস্তারিত তথ্য দেওয়া হল। পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন সূত্রে জানা গেছে, চলতি আর্থিক বছরে পি.এস.সি.'র যে যে পরীক্ষার ফল বেরোবে, ☞ এরপর ৫ পাতায়

আকর্ষণীয় মূল্যে

সাফল্য

১ জানুয়ারি বেরোচ্ছে

২১২ পাতার নববর্ষ সংখ্যা

ফিরে দেখা ২০১৯

এই রাজ্য, জাতীয়, আন্তর্জাতিক, অর্থনীতি, পুরস্কার, খেলা, বিজ্ঞান ও মৃত্যুর প্রতিদিনের সংগ্রহযোগ্য তথ্য সঙ্কলন — যা যে কোনো চাকরির পরীক্ষার ক্ষেত্রে খুবই উপযোগী।

এছাড়াও থাকছে এইসব চাকরির পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর

● ডব্লু.বি.সি.এস প্রিলিমিনারি ● পি.এস.সি ক্লার্কশিপ ● পি.এস.সি মিসলেনিয়াস ● রেলের গ্রুপ 'ডি' ● কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল ● কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল ● ইন্ডিয়ান ইঞ্জিনিয়ারিং সার্ভিস

সঙ্গে থাকছে প্রচুর জেনারেল নলেজ ও অন্যান্য সব নিয়মিত বিভাগ

বেরোনোমাত্রই ফুরোনোর সম্ভাবনা। এখনই সংবাদপত্র বিক্রেতাকে বলে রাখুন। Help Line : 9830624170

১৩২ পাতার দাম ১০ টাকা

ডিসেম্বর সংখ্যা বেরোল

কর্মসংস্থান গোষ্ঠীর সাফল্য সাধারণ জ্ঞান

পি.এস.সি ক্লার্কশিপ
পরীক্ষার ২ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর

ডব্লু.বি.সি.এস. প্রিলিমিনারি
পরীক্ষার ২ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর

রেলের গ্রুপ 'ডি' পদের
পরীক্ষার ১ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর

পি.এস.সি মিসলেনিয়াস
পদের পরীক্ষার ১ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর

আপনার হকারকে বলে রাখুন। ঘরে বসেই পাবেন।
যোগাযোগ : 9830624170

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন, কলকাতা - ৭০০ ০১৯
বালিগঞ্জ বাস টার্মিনাসে গড়িয়াহাট ম্যালের মুখোমুখি
হেল্প লাইন
✆ : (০৩৩) ২৪৬০ ৬২১১/৬২১২/৮২৩৪
ফ্যাক্স নং : ২৪৬০ ৮২৩৩
নয়াদিল্লি কার্যালয়
রুম নং - ১০২ অ্যানেক্স, আই.এন.এস বিল্ডিং, রফি মার্গ নয়াদিল্লি-১১০ ০০১
ফোন : ০৯৮১৮৬৭৫২৮৩


### স্কুল-কলেজ-শিক্ষা

**COMBINED**
PSC, SSC, RAIL,TET, All Central & State Govt. Exam. 90%-এর বেশি ছাত্রছাত্রী সফল। বারাসাত-9874611300.
R

**মাধ্যমিক/ উচ্চ মাধ্যমিক**
(50% আপগ্রেডেশন) পাশ করুন NIOS পশ্চিমবঙ্গ থেকে। বাংলা মাধ্যম। পরীক্ষা Oct 2020, পাশ নিশ্চিত। B.A/M.A/D.EL.ED. (2019-21) এক বছরে পাশ। B.ED/ L.L.B./B.A/M.A/ M.B.A/ M.C.A. Future Academy, Durgapur-9476470958, 9732017096.
B

**১৮ বছরের অভিজ্ঞ শিক্ষক**
জয়ন্ত রায়। গড়িয়া ও শিয়ালদহে WBCS, Rail, Bank, WB Police, Maths, G.I, G.K- প্রচুর সফল- (M) 8777217803.
SH

### কর্মখালি

**"জব গ্যারান্টি"**
স্ট্যাম্প পেপারে লিখিত সহ Airport মেট্রো ও ব্যাঙ্কে কন্ট্রাক্টারের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা ৮ম-স্নাতক। বেতন- 16,300/- 42,700/-. থাকা খাওয়া - ফ্রি। M-8116855814.
SA

**আর্জেন্ট ভ্যাকান্সি**
বিনা ডোনেশনে Airport, মেট্রো ও ব্যাঙ্কে কন্ট্রাক্টারের অধীনে 109 জন M / F কর্মী চাই। যোগ্যতা -৮ম / স্নাতক। বেতন - 16700/- – 49300/-. থাকা - খাওয়া ফ্রীতে। যোগাযোগ- M : 9563998788
SA (A)


**বিশেষ বিজ্ঞপ্তি**
'**কর্মসংস্থান**' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনী সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। '**কর্মসংস্থান**' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেই দায়ী নয়।
— সম্পাদক, **কর্মসংস্থান**।


### স্কুল-কলেজ-শিক্ষা

**PSC, RAIL, IBPS, SSC**
Above 80% success for Govt. Service. Mrs. Maity, Ph : 9874121627.
SH (S)

**WBCS-21 Admission**
WBCS, কম্বাইন্ড ব্যাচে ভর্তি চলছে। হাতে ধরে শেখানো হয়। ICE বালিগঞ্জ- 9804412898.
R

**S.S.C - কর্মশিক্ষা**
বাঁকুড়া, বর্ধমান, বোলপুর ও দুর্গাপুরে Class শুরু হয়েছে। Mobile - 8250581343
SH(S)

**Math & Eng সোনারপুর**
WBCS, SSC, ক্লার্ক, Gr-D Rail, Bank, প্রাইমারী (spl), পুলিশ S.I, Alakesh Sir. 9836045234
SH

NBC হোমিও মেডিকেল কলেজ ডা: কোর্সে ভর্তি চলছে, যোগ্যতা- মাধ্যমিক, D.M.B.S- সাড়ে ৩ বছর। D.H.S.- ৬ মাস, 9564412063.
SH(S)

TET, WBCS, WBSSC, স্কুল সার্ভিস, রেল, পুলিশ, PSC, SSC. মাসে 600/-. শিয়ালদহ, কৃষ্ণনগর, রাণাঘাট, বড় জাগুলি, কাচরাপাড়া, শ্যামনগর। P.H - 7584006555.
LG

### কর্মখালি

**ভবিষ্যত গড়ার সঠিক ঠিকানা বহু পুরাতন সংস্থা**
জরুরি ভিত্তিতে কন্ট্রাক্টরের অধীনে মেট্রোরেল ও এয়ারপোর্ট Pvt./ Bank গুলোতে কর্মপ্রার্থী নিয়োগ। সম্পূর্ণ বিনা ডোনেশনে। যোগ্যতা- অষ্টম থেকে স্নাতক। বেতন- 16,500/- 42,800/-. সাথে PF, ESI, OT সহ থাকা-খাওয়া বোনাসের সুযোগ। Vacancy limited. M-8697963138.
SA

**এয়ারপোর্ট, মেট্রো ও ব্যাঙ্কে বিনা ডোনেশনে জয়েনিং**
Govt. RI No-43213 গভঃ স্বীকৃত Airport মেট্রো ও ব্যাঙ্কগুলোতে। M/F নিয়োগ চলছে। যোগ্যতা-৮ম-স্নাতক। বেতন-16,600/- – 48,300/-. অন্যান্য সুবিধা। Ex আর্মির বিশেষ ছাড়। যোগাযোগ- 967777656.
SA

**Urgent vacancy কাজের গ্যারান্টি, Govt.L.No-01265**
উঃবঙ্গ সহ পশ্চিমবঙ্গের সমস্ত জেলায় বিনা ডোনেশনে Airport, মেট্রো, BANK (DSA)সহ বিভিন্ন কোম্পানিতে যোগ্যতা ভিত্তিক M/F নিয়োগ চলছে।বেতন-(১০,২০০-৩২,৫০০) OT, PF, ESI, ছুটি, বোনাস, প্রমোসন সহ থাকা-খাওয়া ফ্রি। M- 7872200301.
SA(A)


**দেখে বুঝে পা ফেলুন**
চাকরির লোভে অযথা কোনো সংস্থাকে টাকা দেবেন না। কোনো বিজ্ঞাপনদাতাকে টাকা দিয়ে ঠকলে, আমরা কোনোভাবে দায়বদ্ধ নয়।
— সম্পাদক; '**কর্মসংস্থান**'


### স্কুল-কলেজ-শিক্ষা

**Flylink Hotel School**
৫ মাসের কোর্স এবং ৬ মাসের হোটেল ট্রেনিং শেষ করে বিদেশে চাকরি গ্যারান্টি। প্রত্যেক ব্যাচে প্রথম ৪জন ছাত্রছাত্রী বিদেশে প্লেসমেন্ট ফ্রি। ভর্তি ও নতুন ব্যাচ প্রতি মাসে। চাকরি না হলে কোর্স ফি দ্বিগুণ ফেরৎ। কোর্স ফি ৫০ হাজার, ইনসুবিধা। 033-40611693, 8420227567 / 79. logon: www.fshm.co.in
D

**শিক্ষান্তে কাজের সুযোগ**
শ্রীরামকৃষ্ণ অভেদানন্দ মিশনে প্র্যাক্টিক্যাল-সহ ফিজিওথেরাপি কম্বাইন্ড কোর্স, সাথে প্র্যাকটিসের সুবিধা। M. 9903323761.
MS

**সুশ্রুত আই ফাউন্ডেশন অ্যান্ড রিসার্চ সেন্টার-এ স্টাইপেন্ড সহ সরকারি কোর্স**
**অপথালমিক কেয়ার টেকনোলজি সার্টিফিকেট প্রোগ্রাম**
(মৌলানা আবুল কালাম আজাদ ইউনিভার্সিটি অফ টেকনোলজি /MAKAUT , পূর্বে পরিচিত - ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটি অফ টেকনোলজি দ্বারা স্বীকৃত)
**শিক্ষাগত যোগ্যতা : ১২ পাশ।**
**বয়সসীমা : ১৮ থেকে ৩৫ বছর।**
**অ্যানেস্থেসিয়া টেকনিশিয়ান**
(ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন/NSDC দ্বারা স্বীকৃত)
**কোর্সের মেয়াদকাল : ৬ মাস।**
**শিক্ষাগত যোগ্যতা : ১২ পাশ।**
**(বিজ্ঞান বিভাগ)**
**বয়সসীমা : ১৮ থেকে ৩৫ বছর।**
**কোর্স ফি : ১০,০০০ টাকা। ৬ মাসের জন্য স্টাইপেন্ড : ১,০০০ টাকা। প্রবেশিকা পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ৮০% স্কলারশিপের ব্যবস্থা।**
ট্রেনিং সেন্টার : সুশ্রুত আই ফাউন্ডেশন অ্যান্ড রিসার্চ সেন্টার (সল্টলেক ও বহরমপুর)।
যোগাযোগ :
8622980053, 9875579240
email: hr.susrut@gmail.com
(সোম থেকে শনি- সকাল ১০ টা থেকে সন্ধ্যা ৬ টা)
মহিলাদের হোস্টেলের ব্যবস্থা আছে

### কর্মখালি

**আর্জেন্ট ভ্যাকান্সি**
লিখিত এগ্রিমেন্ট পেপার-সহ ব্যাঙ্ক DSA ও Airport-এ কন্ট্রাক্টরের অধীনে M/F জয়েনিং চলছে। যোগ্যতানুযায়ী পদ ও বেতন 18600/- – 45800/-+ ESI, PF. Mob – 7551841713.
SA (A)

**Airport ও মেট্রো**
Govt. R/L No. - 3923. গভঃ স্বীকৃত অফিসের মাধ্যমে বিনা ডোনেশনে M/F কর্মী চাই। যোগ্যতা - ৮ম - স্নাতক। বেতন - 17200 – 48500. M - 8967867616.
SA (A)

**দমদম Airport ও মেট্রোতে 48 জন কর্মী চাই।**
সরাসরি কন্ট্রাক্টরের অধীনে বিনা ডোনেশনে 5দিনে স্পট জয়েনিং। যোগ্যতা ৮ম- স্নাতক, বেতন- 16,850-48,850. PF, ESI সহ থাকা খাওয়া ফ্রি। M-9732038226.
SA (A)

### স্কুল-কলেজ-শিক্ষা

**SSC- সংস্কৃত**
প্র্যাকটিসে গুরুত্ব দিয়ে SSC/NET/ WBCS (মেইনস) দমদমে পড়াই। Mob-8100002333.
SH(S)

রাষ্ট্রীয় শিক্ষাবিকাশ অভিযান এর অনুমোদনে SIPSD ইনস্টিটিউটে ফিজিওথেরাপি, নার্সিং, CMS & ED, M-8001915961. সিমলাগড়
B

**WBCS & Combined**
কোর্সে ভর্তি চলছে। মাসিক ফিজ। www.siclasses.com Call-9830345378/379 (10-8 pm)
MS

**THE RISING INSTITUTE**
Admission Open (2020) Session
M.P & H.S (Arts, Sci, Com)
LLB, B.Ed. & D.El.Ed.
BA, MA, B.SC, M.SC, B.Com, M.Com, BBA, MBA
KOLKATA : 8697020454

MORE THAN 100 RESEARCH SCHOLARS
MANY HAVE BEEN AWARDED
ADMISSION NOTICE
**Ph.D.**
- Humanities
- Engineering
- Nursing
- Law
- Library Science
- Science
- Management
- Pharmacy
- Performing Arts (Music/Dance)

VISION INSTITUTE OF PROFESSIONAL STUDIES
Kol : 7603004971 / 7603004973
www.visiongroup.in

**এক জানালায়**
বীরভূম, মুর্শিদাবাদ, মালদা, পুরুলিয়া, বাঁকুড়ার জন্য
কর্মসংস্থান, সাফল্য ও Appointment & Career News -এর
বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র

**বীরভূম ও মুর্শিদাবাদ**
UNIQUE MEDIA CHANNEL
"Uttaran", Vivekananda Pally, (Near Vivekananda High School), Bolpur-Santiniketan, Birbhum, PIN -731204, W.B.
Mob:9051120373 / 9531785874
" MANJURI" KALIBARI MORE ( EAST SIDE), KANDI, MURSHIDABAD PIN - 742137
Mob : 9531785874 / 9051120373
Email : bkrishnapal@gmail.com

**পুরুলিয়া ও বাঁকুড়া**
Manorama Ad Agency
Manorama Collection, P.N.Ghosh Street, Purulia - 723 101
Mob. : 9434219781/9851559301
Email : manoramaadagency@gmail.com
kunaldutta858@gmail.com

**উত্তর কলকাতা**
SUPRIYA PUBLICITY
100, Aurobindo Sarani, Room No. E-15 Hatibagan, Kolkata - 700 006
Mob. : 8777258122
9830261403
Email : ashimchowdhury12@gmail.com

**দক্ষিণ ২৪ পরগণা**
Anthenza Media Infotech Pvt. Ltd.
N3 Srinagar Main Road, Kolkata - 700 094
Tel. : 033 2423 0349
8100960001
Email : onlineadbooking1@gmail.com

সংস্থান প্রকাশনের বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র খোলার জন্য আবেদন করুন এই ই-মেল আইডিতে
appointmentnews@gmail.com
অথবা
যোগাযোগ করুন এই নম্বরে -
9874922004


## ৯৫ প্রোজেক্ট অ্যাসিস্ট্যান্ট

১ পাতার পর

।। পদে ৫৮ জন লোক নিচ্ছে। কারা কোন পদে জন্য যোগ্য :

**প্রোজেক্ট অ্যাসিস্ট্যান্ট লেভেল -। :** ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি, মাইক্রোবায়োলজি বা, বায়ো-কেমিস্ট্রির বি.এসসি. কোর্স পাশরা মোট অন্তত ৫৫% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। কম্পিউটার অপারেশনে জ্ঞান থাকলে ভালো হয়। বয়স হতে হবে ২৮ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ১৫,০০০ টাকা। শূন্যপদ : ৩০টি।

**প্রোজেক্ট অ্যাসিস্ট্যান্ট লেভেল -।। :** কেমিস্ট্রি বা, এনভায়রণমেন্টাল সায়েন্সের এম.এসসি. কোর্স পাশরা মোট অন্তত ৫৫% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ২৫,০০০ টাকা। শূন্যপদ : ২৫টি।

**প্রোজেক্ট অ্যাসিস্ট্যান্ট লেভেল -।। :** মাইক্রোবায়োলজি বা, বায়ো-টেকনোলজির এম.এসসি. কোর্স পাশরা মোট অন্তত ৫৫% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ২৫,০০০ টাকা। শূন্যপদ : ৩টি। ওপরের সব ক্ষেত্রে তপশিলী, ও.বি.সি., মহিলারা ৫ বছর বয়সে ছাড় পাবেন। চাকরি হবে চুক্তিতে। এই পদের বিজ্ঞপ্তি নং : 05/ WTMD/2019/Dated-09/12/2019.

প্রার্থী বাছাই হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ হবে ৯ জানুয়ারি। এই ঠিকানায় : Water Testing Laboratory, Uttar Pradesh Jal Nigam, 6, Rana Pratap Marg, Hazratgang, Lucknow, Uttar Pradesh - 226001.

দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। ফর্ম ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইটে : www.neeri.res.in ফর্ম পূরণ করার পর ওই ফর্ম ই-মেল করতে পারেন কিংবা ডাকে পাঠাতে পারেন। ই-মেল করবেন এই নম্বরে : mtmd@neeri.res.in তখন সঙ্গে দেবেন যাবতীয় প্রমাণপত্রের স্ক্যান কপি। ডাকে পাঠালে পূরণ -করা ফর্মের সঙ্গে যাবতীয় প্রমাণপত্রের প্রত্যয়িত কপি পাঠাতে হবে। দরখাস্ত পাঠাবেন ৩১ ডিসেম্বরের মধ্যে। এই ঠিকানায় : Scientist & Head, WT & M Division, CSIR - NEERI, Nagpur - 440 020.

### ৩৭ প্রোজেক্ট অ্যাসিস্ট্যান্ট

সি.এস.আই.আর.-ন্যাশনাল এনভায়রণমেন্টাল ইঞ্জিনিয়ারিং রিসার্চ ইনস্টিটিউট প্রোজেক্ট অ্যাসিস্ট্যান্ট লেভেল-। ও প্রোজেক্ট অ্যাসিস্ট্যান্ট লেভেল-।। পদে ৩৭ জন লোক নিচ্ছে। কারা কোন পদে জন্য যোগ্য :

**প্রোজেক্ট অ্যাসিস্ট্যান্ট লেভেল -। :** ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি, মাইক্রোবায়োলজি বা, বায়ো-কেমিস্ট্রির বি.এসসি. কোর্স পাশরা মোট অন্তত ৫৫% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। কম্পিউটার অপারেশনে জ্ঞান থাকলে ভালো হয়। বয়স হতে হবে ২৮ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ১৫,০০০ টাকা। শূন্যপদ : ২০টি।

**প্রোজেক্ট অ্যাসিস্ট্যান্ট লেভেল -।। :** কেমিস্ট্রি বা, এনভায়রণমেন্টাল সায়েন্সের এম.এসসি. কোর্স পাশরা মোট অন্তত ৫৫% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ২৫,০০০ টাকা। শূন্যপদ : ১৫টি।

**প্রোজেক্ট অ্যাসিস্ট্যান্ট লেভেল -।। :** মাইক্রোবায়োলজি বা, বায়ো-টেকনোলজির এম.এসসি. কোর্স পাশরা মোট অন্তত ৫৫% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ২৫,০০০ টাকা। শূন্যপদ : ২টি। ওপরের সব ক্ষেত্রে তপশিলী, ও.বি.সি., মহিলারা ৫ বছর বয়সে ছাড় পাবেন। চাকরি হবে চুক্তিতে। এই পদের বিজ্ঞপ্তি নং : 04/ WTMD/2019/Dated-09/12/2019.

প্রার্থী বাছাই হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ হবে ২ জানুয়ারি। এই ঠিকানায় : CSIR- National Environmental Engineering Research Institute (NEERI), Nehru Marg, Nagpur - 44--20.

দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। ফর্ম ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইটে : www.neeri.res.in ফর্ম পূরণ করার পর ওই ফর্ম ই-মেল করতে পারেন কিংবা ডাকে পাঠাতে পারেন। ই-মেল করবেন এই নম্বরে : mtmd@neeri.res.in তখন সঙ্গে দেবেন যাবতীয় প্রমাণপত্রের স্ক্যান কপি। ডাকে পাঠালে পূরণ-করা ফর্মের সঙ্গে যাবতীয় প্রমাণপত্রের প্রত্যয়িত কপি পাঠাতে হবে। দরখাস্ত পাঠাবেন ২৩ ডিসেম্বরের মধ্যে। এই ঠিকানায় : Scientist & Head, WT & M Division, CSIR - NEERI, Nagpur - 440 020.

## ২১ টেকনিশিয়ান

১ পাতার পর

**ল্যাবরেটরি টেকনিশিয়ান :** ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি বা, অঙ্ক বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজির ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। কম্পিউটারে অফিস প্যাকেজ ও ইন্টারনেট সংক্রান্ত কাজে জ্ঞান থাকতে হবে। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ১৭,২২০ টাকা। শূন্যপদ : ২টি (তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১)। চাকরি হবে এন.ইউ.এইচ.এম.-এ।

**স্টাফ নার্স :** ভারতীয় নার্সিং কাউন্সিল স্বীকৃত প্রতিষ্ঠান থেকে জি.এন.এম. কোর্স পাশ হলে আর স্থানীয় ভাষায় জ্ঞান থাকলে যোগ্য। বয়স হতে হবে ৬৪ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ১৭,২২০ টাকা। শূন্যপদ : ১১টি (জেনাঃ ৫, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি.-এ ক্যাটেগরি ১, ও.বি.সি. - বি ক্যাটেগরি.১)। চাকরি হবে এন.ইউ.এইচ.এম.-এ।

**স্টাফ নার্স এন.আর.সি. :** বি.এসসি. নার্সিং বা, জি.এন.এম. নার্সিং কোর্স পাশরা আবেদন করতে পারেন। পূর্ব মেদিনীপুরের স্থায়ী বাসিন্দা হতে হবে। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ১৭,২২০ টাকা। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১)। চাকরি হবে এন.এইচ.এম.-এ।

**স্টাফ নার্স (জি.এন.এম.) :** জি.এন.এম. নার্সিং কোর্স পাশরা আবেদন করতে পারেন। থ্যালাসেমিয়া রোগী ও তার পরিবার বিষয়ে কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ১৬,৮৬০ টাকা। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১)। চাকরি হবে এন.এইচ.এম.-এ।

এছাড়াও ল্যাব টেকনিশিয়ান (ব্লাড ব্যাঙ্ক) ১টি (তঃজাঃ), ফ্যাকাল্টি লেভেল কোয়ালিটি ম্যানেজার ১টি (তঃজাঃ), স্টাফ নার্স ১টি (জেনাঃ), ফিজিওথেরাপিস্ট ১টি (জেনাঃ) পদে লোক নেওয়া হচ্ছে। ওইসব পদের জন্য বিস্তারিত শিক্ষাগত যোগ্যতা, বয়স ইত্যাদি ওয়েবসাইটে পাবেন। এই পদের মেমো নং DH&FWS/MID-E/2086/ 1/2019-20, date 10.12.2019.

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা, কম্পিউটার টেস্ট বা, ইন্টারভিউয়ের মাধ্যমে। চাকরি হবে চুক্তিতে। চুক্তির মেয়াদ থাকবে আগামী বছর ৩১ মার্চ পর্যন্ত।

দরখাস্ত করবেন সাধারণ কাগজে, নির্দিষ্ট বয়ানে। বয়ান পাবেন এই ওয়েবসাইটে : www.wbhealth.gov.in, www.purbamedinipur.gov.in তখন সঙ্গে দেবেন : (১) বয়স, শিক্ষাগত যোগ্যতা, কম্পিউটার যোগ্যতা ও কাস্ট সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল, (২) ভোটার আই.ডি. কার্ড বা, আধার কার্ডের স্ব-প্রত্যয়িত নকল, (৩) এখনকার তোলা ও নিজের সই করা ১ কপি পাশপোর্ট মাপের ফটো (দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে)। দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন 'Application for the post of .......'. দরখাস্ত পৌঁছনো চাই ২৬ ডিসেম্বরের মধ্যে। এই ঠিকানায় : Office of the CMOH & Secretary, District Health & Family Welfare Samiti, Purba Medinipur, Pin - 721636.

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# ক্লার্কশিপ পদের পরীক্ষার সম্ভাব্য ১ সেট প্রশ্নের চটপট উত্তর বের করার কৌশল



পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে রাজ্য সরকারের বিভিন্ন দফতরে লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট পদে কয়েক-হাজার শূন্যপদের জন্য দরখাস্ত নেওয়া হয়েছে। এই পদের জন্য প্রথমে লিখিত পরীক্ষা হবে। পরীক্ষা হবে ২টি পার্টে। প্রথম পার্টের পরীক্ষা হবে ২৫ জানুয়ারি। এই পরীক্ষায় ১০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) ইংরিজি-৩০ নম্বর, (খ) জেনারেল স্টাডিজ-৪০ নম্বর, (গ) অ্যারিথমেটিক-৩০ নম্বর। সময় দেড় ঘণ্টা। দ্বিতীয় পার্টে প্রশ্ন হবে ডেসক্রিপ্টিভ টাইপের। প্রথম পার্টের ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১ সেট প্রশ্নের উত্তর নিয়ে বিশ্লেষণ করে দেখালেন চাকরির পরীক্ষার বিশেষজ্ঞ **সৌমিত্র দে**।

**1.** 'ডোলড্রামস' নীচের কোন অঞ্চলে দেখা যায়?

(a) মেরু (b) নিরক্ষীয় (c) ক্রান্তীয় (d) ভূমধ্যসাগরীয়

**2.** 'বিশ্ব টেলিভিশন দিবস' কবে পালিত হয়?

(a) 21 নভেম্বর (b) 22 নভেম্বর (c) 23 নভেম্বর (d) 24 নভেম্বর

**3.** কলকাতা আত্মীয় সভা কে প্রতিষ্ঠা করেন?

(a) জ্যোতিবা ফুলে (b) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (c) কেশব চন্দ্র সেন (d) রামমোহন রায়

**4.** নীচের দ্রবণগুলির মধ্যে কোনটি সমসত্ত্ব প্রকৃতির?

(a) দুধ (b) কড অয়েল লিভার (c) চিনির জলীয় দ্রবণ (d) বালি মিশ্রিত জল

**5.** নীচের কোন অঞ্চলে 'মোপলা' বিদ্রোহ সংঘঠিত হয়েছিল?

(a) উত্তর ভারত (b) পূর্ব ভারত (c) দক্ষিণ ভারত (d) পশ্চিম ভারত

**6.** 'ঢাকা অনুশীলন সমিতি' কে প্রতিষ্ঠা করেন?

(a) পুলিনবিহারী দাস (b) সতীশচন্দ্র বসু (c) সূর্য সেন (d) বাসুদেও বলবন্ত ফারকে

**7.** 2019 সালে 'ইন্টারন্যাশনাল ফিল্ম ফেস্টিভ্যাল অফ ইন্ডিয়া'র (IFFI) ফোকাস কান্ট্রি কোন দেশকে করা হয়েছে?

(a) ভারত (b) বাংলাদেশ (c) রাশিয়া (d) কোরিয়া

**8.** ইনসুলিনের অভাবে মানবশরীরে কোন রোগ হয়?

(a) অ্যানিমিয়া (b) পোলিও (c) আর্থারাইটিস (d) ডায়াবেটিস

**9.** মির কামার উদ-দীন খান সিদ্দিকি মোগল আনুকূল্যে কোন রাজ্য প্রতিষ্ঠা করেন?

(a) গোয়ালিয়র (b) রায়পুর (c) হায়দরাবাদ (d) সেকেন্দরাবাদ

**10.** নীচের কোনটি 1875 খ্রিস্টাব্দে স্বামী দয়ানন্দ সরস্বতী প্রতিষ্ঠা করেন?

(a) প্রার্থনা সমাজ (b) আর্য সমাজ (c) ব্রাহ্ম সমাজ (d) ভারত সমাজ

**11.** পূর্ব ভারতে ব্রিটিশদের প্রথম বাণিজ্যকেন্দ্র কোথায় স্থাপিত হয়েছিল?

(a) বাংলা (b) কালিকট (c) অসম (d) ওড়িশা

**12.** ব্যতিক্রান্ত প্রসারণ দেখা যায় :

(a) পারদের (b) কেরোসিনের (c) গ্লিসারিনের (d) জলের

**13.** ভারতের প্রথম গভর্নর জেনারেল কে ছিলেন?

(a) উইলিয়াম বেন্টিঙ্ক (b) লর্ড ক্যানিং (c) লর্ড ওয়েলেসলী (d) ওয়ারেন হেস্টিংস

**14.** 'Sangai Festival' সম্প্রতি ভারতের কোন রাজ্যে অনুষ্ঠিত হয়েছে?

(a) মণিপুর (b) নাগাল্যান্ড (c) ত্রিপুরা (d) মিজোরাম

**15.** দীর্ঘ পর্যায় সারণীতে নোবল গ্যাস মৌলগুলি কোন শ্রেণিতে আছে?

(a) 17 (b) 18 (c) 16 (d) 15

**16.** ইংরিজি ভাষায় ভারতের প্রথম সংবাদপত্র কোনটি?

(a) দ্য বেঙ্গল গেজেট (b) সমাচার দর্পণ (c) অমৃতবাজার পত্রিকা (d) সংবাদ প্রভাকর

**17.** শ্রীনগরের শালিমার বাগ কে তৈরি করেছিলেন?

(a) আকবর (b) শাহজাহান (c) ঔরঙ্গজেব (d) জাহাঙ্গীর

**18.** ভারতের সংবিধান দিবস কবে পালিত হয়?

(a) 24 নভেম্বর (b) 25 নভেম্বর (c) 26 নভেম্বর (d) 27 নভেম্বর

**19.** কোনটি মানবদেহে ঝিল্লি বিশ্লেষক হিসাবে কাজ করে?

(a) ফুসফুস (b) কিডনি (c) লিভার (d) পাকস্থলী

**20.** কলকাতার হিন্দু কলেজ কে প্রতিষ্ঠা করেছিলেন?

(a) উইলিয়াম জোন্স (b) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (c) রামমোহন রায় (d) বেথুন সাহেব

**21.** 'ইন্ডিয়ান অ্যাসোসিয়েশন'এর প্রতিষ্ঠাতা কে?

(a) দেবেন্দ্রনাথ ঠাকুর (b) সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় (c) চিত্তরঞ্জন দাশ (d) জোনাথন ডানকান

**22.** সম্প্রতি ভারত, শ্রীলঙ্কাকে কত টাকা ঋণ দেওয়ার কথা ঘোষণা করেছে?

(a) 200 মিলিয়ন ডলার (b) 300 মিলিয়ন ডলার (c) 400 মিলিয়ন ডলার (d) 500 মিলিয়ন ডলার

**23.** কখন ভালোভাবে শিশির জমে?

(a) সন্ধ্যাবেলায় (b) বৃষ্টির সময় (c) আকাশে মেঘ বেশি থাকলে (d) আকাশ মেঘহীন থাকলে

**24.** ভারতের প্রথম সত্যাগ্রহ কোথায় হয়েছিল?

(a) মুম্বই (b) গান্ধীনগর (c) চট্টগ্রাম (d) চম্পারণ

**25.** কে মোহনদাস করমচাঁদ গান্ধীকে 'জাতির জনক' আখ্যা দিয়েছিলেন?

(a) সুভাষচন্দ্র বসু (b) রবীন্দ্রনাথ ঠাকুর (c) দেবেন্দ্রনাথ ঠাকুর (d) উইলিয়াম জোন্স

**26.** কোনটির গ্রাম আণবিক ভর ও গ্রাম পারমাণবিক ভর সমান?

(a) সালফার (b) নাইট্রোজেন (c) জেনন (d) ওজোন

**27.** 2019 সালে ভারতের কোন শহরে 'Global Exhibition on Services' অনুষ্ঠিত হয়েছে?

(a) মুম্বই (b) দিল্লি (c) হায়দরাবাদ (d) বেঙ্গালউরু

**28.** বায়ুমন্ডলের সর্বোচ্চ স্তরের নাম কী?

(a) মেসোস্ফিয়ার (b) আয়নোস্ফিয়ার (c) এক্সোস্ফিয়ার (d) ওজনোস্ফিয়ার

**29.** নীচের কোনটি রূপান্তরিত শিলা নয়?

(a) মার্বেল (b) গ্রানাইট (c) কোয়ার্টজ (d) সিস্ট

**30.** আরাবল্লী পর্বতমালা হল :

(a) প্রাচীন ভঙ্গিল পর্বত (b) নবীন ভঙ্গিল পর্বত (c) ক্ষয়জাত পর্বত (d) আগ্নেয় পর্বত

**31.** পৃথিবীর গড় ঘনত্ব কত গ্রাম/ঘন সেন্টিমিটার?

(a) 4.5 (b) 5.5
(c) 4.6 (d) 5.6

**32.** 2019 সালে ভারতের কোন শহরে 'Commonwealth Youth Parliament' অনুষ্ঠিত হয়েছে?

(a) মুম্বই (b) দিল্লি (c) পুণে (d) চেন্নাই

**33.** 'সিসমোগ্রাফ' যন্ত্র দিয়ে কী পরিমাপ করা হয়?

(a) বায়ুর আর্দ্রতা (b) তড়িৎ প্রবাহ (c) দুধের ঘনত্ব (d) ভূমিকম্প

**34.** বেলেপাথর কী ধরণের শিলা?

(a) রূপান্তরিত শিলা (b) পাললিক শিলা (c) আগ্নেয় শিলা (d) কোনোটিই নয়

**35.** সারা বছর ধরে ভূপৃষ্ঠের সমান্তরালে একই দিকে একই গতিবেগে কোন বায়ু প্রবাহিত হয়?

(a) নিয়ত বায়ু (b) সাময়িক বায়ু (c) আকস্মিক বায়ু (d) স্থানীয় বায়ু

**36.** 'সরাস' কী ধরণের মেঘ?

(a) বেশি উচ্চতার (b) মাঝারি উচ্চতার (c) নিম্ন উচ্চতার (d) নিম্নতম উচ্চতার

**37.** কোন জলবায়ু অঞ্চল পৃথিবীর শ্রেষ্ঠ ধান ও পাট উৎপাদক অঞ্চল?

(a) ভূমধ্যসাগরীয় জলবায়ু অঞ্চল (b) তুন্দ্রা জলবায়ু অঞ্চল (c) মৌসুমি জলবায়ু অঞ্চল (d) নিরক্ষীয় জলবায়ু অঞ্চল

**38.** 'মাউন্ট এভারেস্ট' কোন দেশে আছে?

(a) ভারত (b) তিব্বত (c) ভুটান (d) নেপাল

**39.** নীচের কোনটির বিস্তার মাধ্যম তরল নয়?

(a) কুয়াশা (b) ফেনা (c) সালফার সল (d) ক্রিম

**40.** 2021 সালের জনগণনা ক'টি ভাষায় প্রকাশিত হওয়ার কথা ঘোষিত হয়েছে?

(a) 16 (b) 17 (c) 18 (d) 19

**41.** কোন ক্ষুদ্রতম সংখ্যাকে 16, 20 ও 48 দিয়ে ভাগ করলে 11 ভাগশেষ থাকে?

(a) 251 (b) 336 (c) 444 (d) 548

**42.** কিছু টাকা 5 বছরের জন্য সরল সুদে রাখা হল। সুদের হার আরও 10% বেশি হলে, আরও 2,000 টাকা বেশি পাওয়া যেত। কত টাকা রাখা হয়েছিল?

(a) 3,000 (b) 4,000
(c) 5,000 (d) 6,000

**43.** P বালতিতে Q বালতির থেকে 3 গুণ বেশি জল ধরে। একটি চৌবাচ্চা P বালতি দিয়ে 60 বালতি জলে পূর্ণ হয়। যদি প্রতিবারে P ও Q দুই বালতি করে জল ঢালা হয়, তাহলে কতবারে চৌবাচ্চাটি পূর্ণ হবে?

(a) 30 (b) 40 (c) 45 (d) 90

**44.** একটি দ্রব্য 15% লোকসানে বিক্রি করা হল। যদি আরও 100 টাকা বেশি মূল্যে দ্রব্যটি বিক্রয় করা হত, তাহলে 10% লাভ হত। দ্রব্যটির ক্রয়মূল্য কত টাকা?

(a) 300 (b) 400 (c) 500 (d) 600

**45.** আমি 3,000 টাকায় একটি টিভি ও একটি রেডিও কিনলাম। টিভিটি 20% লাভে ও রেডিওটি 10% লোকসানে বিক্রি করলাম। মোটের ওপর আমার 2% লাভ হল। টিভিটির ক্রয়মূল্য কত টাকা ছিল?

(a) 1,000 (b) 1,100
(c) 1,200 (d) 1,300

**46.** X, Y ও Z মোট 50,000 টাকা মূলধন নিয়ে ব্যবসা শুরু করল। X এর মূলধন Y এর থেকে 4,000 টাকা বেশি। Y এর মূলধন Z এর থেকে 5,000 টাকা বেশি। মোট লাভ 35,000 টাকা হলে, X কত টাকা লভ্যাংশ পাবে?

(a) 8,400 (b) 11,900 (c) 13,600 (d) 14,700

**47.** 9টি আপেলের মধ্যে একটি 120 গ্রাম আপেল সরিয়ে আরেকটি আপেল রাখলে 9টি আপেলের গড় ওজন 20 গ্রাম বৃদ্ধি পায়। নতুন আপেলটির ওজন কত গ্রাম?

(a) 180 (b) 200 (c) 260 (d) 300

**48.** একবছর আগে রীনার বয়স তার মেয়ের বয়সের 4 গুণ ছিল। 6 বছর পর তার বয়স হবে তার মেয়ের থেকে 9 বছর বেশি। এখন রীনা ও তার মেয়ের বয়সের অনুপাত কত?

(a) 13 : 4 (b) 14 : 4 (c) 15 : 4 (d) 16 : 3

**49.** 5465 × 6K4 – এই গুণফলটি 15 দিয়ে বিভাজ্য। K এর মান কত?

(a) 1 (b) 2 (c) 3 (d) 4

**50.** 900 গ্রাম চিনি ধরে এমন 16টি প্যাকেটের দাম 28 টাকা। 1 কেজি চিনি ধরে এমন 27টি প্যাকেটের দাম কত টাকা?

(a) 52.50 (b) 56.50 (c) 58.50 (d) 64.75

**51.** কিছু শ্রমিক দৈনিক 7 ঘন্টা কাজ করে একটি কাজ 18 দিনে শেষ করে। দৈনিক 6 ঘন্টা কাজ করে 30 দিনে কাজটি শেষ করতে কতজন শ্রমিক লাগবে?

(a) 15 (b) 21 (c) 22 (d) তথ্য অপ্রতুল

**52.** অরুণ ও বরুণ একটি পরীক্ষা দিয়েছে। অরুণ পেয়েছে বরুণের থেকে 9 নম্বর বেশি। অরুণের প্রাপ্ত নম্বর দু'জনের মোট নম্বরের 56%. কে কত নম্বর পেয়েছে?

(a) অরুণ - 42, বরুণ - 33 (b) অরুণ - 42, বরুণ - 36 (c) অরুণ - 44, বরুণ - 33 (d) অরুণ - 44, বরুণ - 36

**53.** একটি দোকানে মোটরবাইকের দাম 10% কমানো হল। ফলে বিক্রয়ের পরিমাণ 10% বেড়ে গেল। এতে মোট বিক্রয়ের পরিমাণে কী পরিবর্তন হল?

(a) কোনো পরিবর্তন হয়নি (b) 1% কমে গেছে (c) 1% বেড়ে গেছে (d) 10% বেড়ে গেছে

**54.** X একটি কাজ একা 12 দিনে ও Y একা 27 দিনে শেষ করে। X একা 9 দিন কাজ করে চলে গেল। বাকি কাজ Y কতদিনে করবে?

☞ এরপর ৮ পাতায়

১৬৪ পাতার
কর্মসংস্থান গোষ্ঠীর
সাফল্য
দাম মাত্র ৩০ টাকা
আমরা 'Common' প্রশ্নোত্তর দিই না। 'Uncommon'-এর মধ্যে কীভাবে 'Common' পাওয়া যায় তার পথ বাতলাই
প্রতিটি চাকরির পরীক্ষায় এখন প্রশ্নের ধরন ও রীতি বদলে যাচ্ছে। নতুন ধরনের কঠিন ও আপাত কঠিন প্রশ্ন আর তার উত্তর চটপট বের করার কৌশল শেখানোর
হাতে-কলমে কোচিং
বাঙালি ছেলেমেয়েদের ঘরে বসে চাকরির পরীক্ষার কোচিং নেওয়ার পথ দেখিয়েছে সাফল্য। যুগ বদলের সঙ্গে-সঙ্গে একেবারে সাম্প্রতিক কালের প্রশ্নও গেছে বদলে। সেই নতুন ধরনের প্রশ্নের উত্তর চটপট বের করার কলা-কৌশল শেখাচ্ছেন
এবার আরো বেশি পাতা
আরো সম্ভাব্য প্রশ্নোত্তর
বিনামূল্যে ৩২ পাতার WBCS প্রিলিমিনারি পরীক্ষার সম্ভাব্য ২ সেট প্রশ্নোত্তর



বেরিয়েছে
ডিসেম্বর সংখ্যায় আছে
✓ পি.এস.সি মিসলেনিয়াস পদের পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর
✓ রাজ্য পুলিশের সাব-ইন্সপেক্টর পদের পরীক্ষার সম্ভাব্য ২ সেট প্রশ্নোত্তর
✓ পি.এস.সি ক্লার্কশিপ পদের পরীক্ষার সম্ভাব্য ২ সেট প্রশ্নোত্তর
✓ রেলের গ্রুপ 'ডি' পদের পরীক্ষার সম্ভাব্য ২ সেট প্রশ্নোত্তর
✓ কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষার সম্ভাব্য ২ সেট প্রশ্নোত্তর
✓ ইন্ডিয়ান ইঞ্জিনিয়ারিং সার্ভিস (ইলেক্ট্রি.) পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর
✓ ডব্লু.বি.সি.এস প্রিলিমিনারি পরীক্ষার সম্ভাব্য ২ সেট প্রশ্নোত্তর
✓ সিপিডব্লুডি জুনিয়র ইঞ্জি.(মেকা.) পরীক্ষার সম্ভাব্য ১০০ প্রশ্নোত্তর
সংবাদপত্রের হকারকে বলে রাখুন। ঘরে বসেই পাবেন।
Help Line : 983062 4170

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad




## কর্মখালি

চাকরির কোচিংয়ে পার্ট টাইম শিক্ষক চাই। Math, Eng, GK, GI. বয়স: 40 + যোগ্যতা: স্নাতক, অভিজ্ঞতা: 5 বছর, বাসিন্দা: দমদম থেকে বসিরহাট, M-7547978159

SH (S)

### আর্জেন্টি ভ্যাকান্সি

পঃবঃ ২৪টি জেলায় লিখিত Agrecment এ সই করে নার্সিংহোম ও প্রাইভেট হাসপাতাল বিভিন্ন পদে কর্মী নিয়োগ চলছে। বেতন: 12700-17500/-. যোগাযোগ M-7719152618.

SA

### স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ

পঃ বঃ প্রতিটি জেলায় Pvt. স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ চলছে। বেতন (12500 – 18500)। M - 8348727948.

SA

### স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ

পঃ বঃ প্রতিটি জেলার P.V.T স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ চলছে। বেতন (11600 – 18900) থাকা-খাওয়ার সুবিধা। M- 9830597944

SA

Govt. স্বীকৃত অফিসের জন্য (মাধ্যমিক+অনূর্ধ্ব 30) 120জন M/F চাই। আয় : 10500/-+ থাকা ফ্রী। কলকাতা : 8697565808.

SG

### সরাসরি কর্মী নিয়োগ

প্রতিটি জেলায় ATM গার্ড, টাওয়ার Co., নার্সিংহোম, Pvt. Co., শপিংমলে নিয়োগ চলছে। বেতন - 12500–18500. 8436485750

SA

### আর্জেন্টি ভ্যাকান্সি

3 Star এবং 5 Star হোটেল ও রিসর্টে বিভিন্ন পদে কর্মী নিয়োগ চলছে। P.F, ESI সহ থাকা খাওয়ার সুবিধা আছে। বেতন: 12792/- 16792/-. M-8609637802.

SA


### দোহাই, আর ঠকবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। তার জন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। এছাড়া পাঠাবেন এই ঠিকানায় : সি.আই.ডি. বিভাগ, ভবানী ভবন, আলিপুর, কলকাতা-২৭। কলকাতার সংস্থা হলে এই ঠিকানায় : ডি.সি., ডি.ডি. - ১, লালবাজার, ১৮, লালবাজার স্ট্রিট, কলকাতা-১। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, কর্মসংস্থান

## চাকরির পরীক্ষার গাইড

# জেনারেল ইংলিশ

**Directions (Qs. 1-5) :** *In the following questions some parts of the sentences have errors and some have none. Find out which part of a sentence has an error. If there is no error, choose answer corresponding to letter (D), i.e. 'No error' in the Answer Sheet.*

1. When young captain Mandeep Singh died, evicting Pak-e-stani introducers, his daughter was just two years old, a little elder than mine.
(A) When young captain Mandeep Singh died, evicting Pak-e-stani introducers (B) his daughter was just two years old (C) a little elder than mine (D) No error

2. The recent murder of an Indian engineer in a Kansas bar is a grave example of how the situation has changed for US immigrants after Trump took over
(A) The recent murder of an Indian engineer in a Kansas bar is a grave example (B) of how the situation has changed took over (C) for US immigrants after Trump took over (D) No error

3. The Indian legal system has filled with frauds who have managed to pass off as lawyers and practise in courts across the country.
(A) The Indian legal system has filled (B) with frauds who have managed to pass off (C) as lawyers and practise in courts across the country (D) No error

4. Recent migrant policies have helped Bangladesh and Pak-e-stan to eat into India GDP.
(A) Recent migrant policies have (B) helped Bangladesh and Pak-e-stan to eat (C) into India GDP (D) No error

5. Black money, no doubt, should be dealt with strictly, but it isn't wise to the income tax department to treat all citizens as tax evaders and black money hoarders.
(A) Black money, no doubt, should be dealt with strictly (B) but it isn't wise to the income tax department (C) to treat all citizens as tax evaders and black money hoarders (D) No error

**Directions (Qs. 6-10) :** *The following sentences are given with blanks to be filled in with an appropriate word(s). Four alternatives are suggested for each question. Choose the correct alternative out of the four.*

6. The Kargil war_______about 18 years ago.
(A) became (B) occurred
(C) fought (D) happened

7. The Taliban has for long been using young boys to _______deadly attacks on the police.
(A) mount (B) alight
(C) subside (D) back

8. According to the detailed______ in the Mirror, the plot to assassinate Sumanthiran came to light after a former LTTE member was approached by some former Tamil Tigers.
(A) version (B) narration
(C) account (D) recital

9. The advocate has to file the Vakalatnama in the court where he appears______his client.
(A) in front of (B) in lieu of
(C) in the form of (D) on behalf of

10. The Intermediate Council of Schooling Education __________very much like a genuine board examination.
(A) resembles (B) sounds
(C) looks as if (D) strike

**Directions (Qs. 11-13) :** *Out of the four alternatives choose the one which best expresses the meaning of the given word and mark it in your Answer-Sheet.*

11. **Enervate**
(A) enclose (B) weaken
(C) liberate (D) pledge

12. **Lethal**
(A) lawful (B) straight
(C) agile (D) deadly

13. **Naive**
(A) ingenuous (B) uncovered
(C) filthy (D) natural

**Directions (Qs. 14 & 15) :** *In the following questions a part of the sentence is underlined. Below are given alternatives to the underlined part at (A), (B) and (C) which may improve the sentence. Choose the correct alternative. In case no improvement is needed your answer is (D). Mark your answer in the Answer Sheet.*

14. One of his friends gave first aid to Ramesh who is injured in a road accident.
(A) which was injured
(B) who had injured
(C) who was injured
(D) No improvement

15. Over the last few months, several young girls have reached out to Sarah Naqvi, have felt a connection with her work.
(A) being felt (B) having felt
(C) having feeling (D) No improvement

**Directions (Qs. 16-18) :** *Four alternatives are given for the idiom/phrase bold-italicised in the sentence. Choose the alternative which best expresses the meaning of the idiom/phrase.*

16. Many visitors were shocked when an engineer ***caught on*** in the clubs.
(A) became popular
(B) was apprehended
(C) was murdered
(D) was caught stealing

17. A beggar ***hit on*** me when I left the restaurant.
(A) attacked (B) abused
(C) praised (D) asked for money

18. My neighbours are driving me bananas.
(A) threatening me
(B) making me feel crazy
(C) cheating me (D) helping me

**Directions (Qs. 19 & 20) :** *Out of the four alternatives, choose the one which can be substituted for the given words/sentence.*

19. One who is completely self-satisfied
(A) punctations (B) gullible
(C) complacent (D) egocentric

20. A speech uttered by one person
(A) monologue (B) monograph
(C) monomania (D) monopoly

**Directions (Qs. 21-25) :** *You have a brief passage with five questions following it. Read the passage carefully and choose the best answer to each question out of the four alternatives.*

The Centre's move to make Aadhaar compulsory for children under the government's mid-day meal scheme violates the Supreme Court's order and should be withdrawn, the Right to Food Campaign (RFC), an umbrella
of hundreds of organisations and individuals, said in statement.
'School meals are an important entitlement of Indian children, legally enforceable under Supreme Court orders as well as under the National Food Security Act,' RFC said, citing numerous studies that show that the scheme has made an 'important contribution to higher school attendance, better child nutrition and more effective learning.'
Mid-day meals also help break the barries of class and caste by imparting to children of **diverse** backgrounds a habit of sharing meals, it said, adding that conditionalities, such as Aadhaar enrolment, were 'bond to disrupt instead of helping this important programme.'
It may be recalled that the Supreme Court has made it clear that Aadhaar cannot be made compulsory for any services to which people are otherwise entitled. It has also made it clear that the Aadhaar Act does not supersede these orders, until such time as the Court settles the issue of cimpatibility of Aadhaar with the right to privacy.

21. Consider the following statements:
I. Mid-day meal scheme does not discriminate between children on the basis of their caste and class.
II. Mid-day meals is a social security scheme not enforceable by law.
Which of the statements give above is / are correct ?
(A) Only I (B) Only II
(C) Both I and II (D) Neither I nor II

22. Studies show that the mid-day meal scheme
(A) has cost the state government about 2% of gross state domestic product (GSDP) every year (B) has not produced the desired results in most of the states (C) has contributed to higher school attendance and better child nutrition (D) could not be launched successfully in many states

23. Aadhaar has been made compulsory for a growing number of welfare schemes. What is / are the fallout there of ?
(A) The names of elderly people without Aadhaar have been removed from pension lists (B) NREGA workers are being their wages in absence of Aadhaar (C) PDS card holders are being deprived of their rations (D) None of the above

24. What is the meaning of the word 'diverse' as used in the passage ?
(A) rich (B) different
(C) poor (D) rural

25. What changes will Aadhaar enrolment bring in the current status of mid-day meal programme ?
(A) It will reduce the workload of the school in-charge (B) It will make the scheme corruption-free (C) It will bring disruption (D) It will control waste of cooked food

**Direction (Qs 26-30) :** *In these questions choose the word opposite in meaning to the given word.*

26. EPHEMERAL
(A) Eternal (B) Transitory (C) Mortal (D) Temporal

27. LATENT
(A) Unspoken (B) Later (C) Implicit (D) Obvious

28. MONOTONOUS
(A) Disastrous (B) Terrifying
(C) Terrible (D) Interesting

29. OBSCENE
(A) Disobedient (B) Decent
(C) Dislocate (D) Cautious

30. FLOURISH
(A) Perish (B) Degenerate (C) Decay (D) Dismiss

### উত্তর

**1(C).** 'elder' এর বদলে 'older' হবে। **2(D). 3(A).** 'has' এর বদলে 'is' হবে। **4(B).** 'to' থাকবে না। **5(B).** 'to' এর বদলে 'of' হবে। **6(D). 7(A). 8(C). 9(D). 10(B). 11(B). 12(D). 13(A). 14(C). 15(B). 16(A). 17(D). 18(B). 19(C). 20(A). 21(A). 22(C). 23(D). 24(B). 25(C). 26(A).** Ephemeral – ক্ষণজীবী, Eternal – চিরন্তন। **27(D).** Latent – সুপ্ত, Obvious – স্পষ্টতঃ প্রতীয়মান। **28(D).** Monotonous – একঘেয়েমি, Interesting – চিত্তাকর্ষক। **29(B).** Obscene – অশ্লীল, Decent – মার্জিত। **30(B).** Flourish – উন্নতিলাভ করা, Degenerate – অধঃপতন করা।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# ‘নেট’ পরীক্ষায় সফল হয়ে কীভাবে কলেজে চাকরি পেলাম



শ্যামলী রায়
সহকারি অধ্যাপক
বাসন্তী দেবী কলেজ

ভাবিনি কোনোদিন কলেজে চাকরি পাব ও ছাত্রীদের পড়াবো। যে পরিবেশ থেকে উঠে এসেছি সেখানে বসে চাকরির স্বপ্নটাও ছিল দুঃস্বপ্নের মতো। উত্তর ২৪ পরগনার হাসনাবাদের খুব গরীব পরিবারের মেয়ে আমি। বাবা দিনমজুরের কাজ করতেন। সংসারের খরচ সামলাতে আমাকে নানা ধরণের কাজ করতে হয়েছে। কখনো ক্ষেত-খামারের কাজ, কখনো সেলাইয়ের কাজ। ২০০০ সালে টাকি গভর্ণমেন্ট কলেজ থেকে উচ্চমাধ্যমিক পাশ করার পর চটজলদি চাকরির আশায় নার্সিং কোর্সে ভরতি হয়েছিলাম কিন্তু কোর্স শেষ করতে পারিনি। এরপর এক স্বেচ্ছাসেবী সংস্থার চাকরিতে যোগ দিই। সেখানে চাকরি করতে করতে আমার বিয়ে হয়ে যায় ও খুব অল্প দিনের মধ্যেই মা হয়ে যাই। পড়াশুনার প্রতি আমার প্রবল ইচ্ছা ছিল কিন্তু শ্বশুর বাড়িতে পড়াশুনার তেমন পরিবেশ ছিল না। তবু নিজের জেদে বিজ্ঞপ্তি দেখে রাষ্ট্রীয় সংস্কৃত সংস্থার অনুমোদিত স্টাডি সেন্টারে সংস্কৃত বিষয়ে অনার্স নিয়ে ডিগ্রি কোর্সে ভরতি হয়েছিলাম। ২০১১ সালে ৬৬% নম্বর নিয়ে ডিগ্রি কোর্স পাশ করি ও ২০১৩ সালে ৭৩% নম্বর নিয়ে মাস্টার ডিগ্রি কোর্স পাশ করি। শুরুতে আমার ইচ্ছা ছিল শিক্ষকতা করার কিন্তু বি.এড ডিগ্রি ছিল না বলে স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষায় বসতে পারিনি। মাস্টার ডিগ্রি পরীক্ষা দিয়েই প্রথমবার ‘নেট’ পরীক্ষায় বসেছিলাম। পরপর ৩ বারের চেষ্টায় সফল হই।

‘নেট’ পরীক্ষার প্রস্তুতিতে ১ম পত্রের জেনারেল স্টাডিজ বিষয়ের জন্য বাজারচলতি কিছু লেখকের বই পড়েছিলাম। যেমন : কর্মসংস্থান পত্রিকা, উপকার, আর. গুপ্ত, আরিহান্ত ইত্যাদি। এছাড়াও পুরনো প্রশ্নপত্র দেখে পরীক্ষা সম্পর্কে ধারণা তৈরি করেছিলাম। ২য় ও ৩য় পত্র বিষয়ভিত্তিক হওয়ায় শুধুমাত্র পাঠ্য বই পড়েছিলাম। তবে ৩টি পেপারের জন্যই প্রথমে সংশ্লিষ্ট বিষয় সম্পর্কে স্বচ্ছ ধারণা তৈরি করি, তারপর ধারাবাহিক চর্চার মাধ্যমে নিজেকে তিল-তিল করে তৈরি করেছিলাম। প্রস্তুতির জন্য বিশেষভাবে সাহায্য পেয়েছিলাম রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকদের কাছে।

‘নেট’ পরীক্ষায় সফল হয়ে ২০১৬ সালে কলেজ সার্ভিস কমিশনের বিজ্ঞপ্তি দেখে সহকারি-অধ্যাপক পদের জন্য আবেদন করি ও ইন্টারভিউয়ের মাধ্যমে প্রার্থী বাছাই করা হয়। ইন্টারভিউয়ে ছিল মোট ১০ জন সদস্য। আমার কাছে জানতে চাওয়া হয়েছিল, কেন অধ্যাপনা পেশায় আসতে চাইছি, কোথায় পড়াশুনা করেছি, কেন রেগুলার কলেজ বা, বিশ্ববিদ্যালয়ে পড়িনি ও তারপর মাস্টার ডিগ্রিতে স্পেশাল পেপার কী ছিল ও বিষয়ভিত্তিক নানা প্রশ্ন করা হয়েছিল। চূড়ান্ত সফল হয়ে ২০১৭ সালে ২৪ জুলাই বীরভূম অভেদানন্দ মহাবিদ্যালয়ে সংস্কৃত বিষয়ের সহ-অধ্যাপক পদে চাকরি পাই ও এবছর স্পেশাল গ্রাউন্ডে এপ্রিল মাসে বাসন্তী দেবী কলেজে যোগ দিয়েছি।

# বিজনেস অ্যানালিটিক্সের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে ভরতি

ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট কলকাতা, ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল ইনস্টিটিউট ও ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ টেকনোলজি খড়গপুর যৌথ উদ্যোগে ২০২০-’২২ সেশনে ২ বছরের বিজনেস অ্যানালিটিক্সের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে ভরতি নিচ্ছে। কোর্স শুরু হবে ১৫ জুন থেকে। অন্ততপক্ষে ৬০% (তপশিলী জাতি ও উপজাতিদে বেলায় ৫৫%) নম্বর নিয়ে বি.টেক বা, বি.ই শাখার ডিগ্রি কোর্স পাশ বা, এম.এসসি বা, এম.কম পাশ ছেলেমেয়েরা ভরতির জন্য আবেদন করতে পারেন।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটারভিত্তিক একটি পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে ১৬ ফেব্রুয়ারি পূর্ব ভারতের এইসব কেন্দ্রে : কলকাতা, শিলিগুড়ি, দুর্গাপুর, জামশেদপুর, রাঁচি, ধানবাদ, গুয়াহাটি, তেজপুর, পটনা ও ভুবনেশ্বর। ৩ ঘন্টার অনলাইন টেস্টে ৫০ নম্বরের মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন থাকবে এইসব বিষয়ে : (১) ভার্বাল এবিলিটি (রিডিং অ্যান্ড কম্প্রিহেনশন, গ্রামার / কারেকশন অফ সেন্টেন্সেস) - ১৫টি প্রশ্ন। (২) লজিক্যাল রিজনিং - ৫টি প্রশ্ন। (৩) ডাটা ইন্টারপ্রিটেশন অ্যান্ড ডাটা ভিশুয়ালাইজেশন - ৫টি প্রশ্ন। (৪) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড -২৫টি প্রশ্ন। প্রতিটি প্রশ্নে ৩ নম্বর বরাদ্দ। লিখিত পরীক্ষার সফল প্রার্থীদের ইন্টারভিউয়ে ডাকা হবে ২৮ ও ২৯ মার্চ। লিখিত পরীক্ষার জন্য প্রার্থীদের অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে হবে ৩১ জানুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : https://www.isical.ac.in আবেদন করতে হবে অনলাইনে। ওপরের ওয়েবসাইটের মাধ্যমে। এর জন্য প্রার্থীদের বৈধ ই-মেল আই.ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করার আগে যাবতীয় তথ্য দিয়ে নিজের নাম রেজিস্ট্রার করতে হবে। বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে। আবেদনের শেষ তারিখ ৬ জানুয়ারি।

# সামাজিক নেতৃত্বদান বিষয়ে যুব প্রশিক্ষণ কর্মশালা

ভারত সরকারের গান্ধী স্মৃতি ও দর্শন সমিতি, রামকৃষ্ণ মিশন ইনস্টিটিউট অব কালচারের সহযোগিতায়, সুখবর পত্রিকার পৃষ্ঠপোষকতায়, সিপডাভে’র (SIPDAVE) উদ্যোগে অহিংস সামাজিক নেতৃত্বদান বিষয়ে তরুণদের জন্য প্রশিক্ষণ কর্মশালা হবে ২২ ও ২৩ ফেব্রুয়ারি রামকৃষ্ণ মিশন ইনস্টিটিউট অফ কালচার, গোলপার্কে। এই কর্মশালায় যোগদানের জন্য বিভিন্ন সমাজসেবা প্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত ব্যক্তি, শিক্ষকতা ও জনসংযোগ বা সাংবাদিকতায় কর্মরত তরুণ তরুণীদের কাছ থেকে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। সোশাল ওয়ার্ক, সোসিওলজি, মনস্তত্ত্ব, সাংবাদিকতার ছাত্রছাত্রী ও সিভিল সার্ভিস পরিক্ষার্থীরা যারা আগামী দিনে সামাজিক কাজের সঙ্গে যুক্ত হতে চান, তাদের জন্য এই কর্মশালাটি উপযুক্ত। ২ দিনের কর্মশালার প্রধান আলোচ্য বিষয় ম্যানেজমেন্ট, লিডারশিপ, ব্যক্তিত্ব, মোটিভেশন, জ্ঞাপন, জনসংযোগ ও এনজিও পরিচালনা।

এই কর্মশালায় অংশ নিতে চাইলে ১৫ জানুয়ারির মধ্যে নাম, ঠিকানা, মোবাইল নম্বর, হোয়াটসঅ্যাপ নম্বর, ই-মেল আই ডি, বয়স, শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করে E-mail-এর মাধ্যমে আবেদন করতে হবে। বাছাই প্রার্থীদের ৩১ জানুয়ারির মধ্যে জানিয়ে দেওয়া হবে। বাছাই প্রার্থীকে তখন রেজিস্ট্রেশন ফি বাবদ মাত্র ১০০ টাকা ব্যাঙ্ক মারফৎ জমা দিতে হবে। যোগাযোগ : ডঃ পার্থ চট্টোপাধ্যায় : E-mail : partha26chatterjee@gmail.com WhatsApp No. 9231835455

# তপশিলী জাতি ও আদিবাসী মহিলাদের জন্য সেলাই প্রশিক্ষণ কর্মসূচীর আনুষ্ঠানিক উদ্বোধন হল

পশ্চিমবঙ্গ তপশিলী জাতি, আদিবাসী ও অন্যান্য অনগ্রসর প্রার্থী উন্নয়ন ও বিত্ত নিগমের উদ্যোগে ও বহরমপুর প্রগতি’র সহযোগিতায় সেলাই প্রশিক্ষণ কর্মসূচীর শুভ উদ্বোধন হল রায়গঞ্জ ও বহরমপুরে। ওই অনুষ্ঠান দু’টি উদ্বোধন করলেন দুই জেলার তপশিলী জাতি, আদিবাসী ও অন্যান্য অনগ্রসর শ্রেণি উন্নয়ন ও বিত্ত নিগমের প্রবন্ধক। এছাড়াও বিভিন্ন সরকারি আধিকারিকরা উপস্থিত ছিলেন। দুই জেলার ৪৪০ জন মহিলাকে সম্পূর্ণ বিনামূল্যে সেলাই প্রশিক্ষণ দেওয়া হবে।



# ২১টি পদের পরীক্ষা কবে হবে

১ পাতার পর

লিখিত পরীক্ষা কবে হবে তার তারিখ ঠিক হয়েছে। পি.এস.সি. এই প্রথম সারা বছরের পরীক্ষা সংক্রান্ত তথ্য প্রকাশ করেছে। পি.এস.সি.’র নিয়োগ পরীক্ষা আরো দ্রুত করার জন্য এই উদ্যোগ।

(১) **ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট অফিসার :** দরখাস্ত নেওয়া হয়েছিল এবছর মে -জুন মাস নাগাদ। ৩৯ বছরের মধ্যে বয়স আছে, এমন যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করেছিলেন। শূন্যপদ ছিল ১১৮টি। প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষা হবে ২২ ডিসেম্বর। ১০০ নম্বরের দেড় ঘন্টার পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন থাকবে এইসব বিষয়ে : (ক) জেনারেল স্টাডিজের ৭৫টি প্রশ্ন, (সায়েন্স, হিউম্যানিটিজ, ইন্ডাস্ট্রিয়াল সেন্স ও ইন্ডাস্ট্রিয়াল প্রোটেনশিয়াল), (খ) মেন্টাল এবিলিটি ও অ্যারিথমেটিকের ২৫টি প্রশ্ন (মাধ্যমিক মানের)। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর।

(২) **ক্লিনিক্যাল ইন্সট্রাক্টর :** এই পদের পরীক্ষা হবে ২৯ ডিসেম্বর।

(৩) **ওয়ার্ক্স অ্যাকাউন্ট্যান্ট (মেন)-২০১৮ :** এই পরীক্ষা হবে আগামী বছর ১১ জানুয়ারি।

(৪) **ক্লার্কশিপ (পার্ট-।) :** দরখাস্ত নেওয়া হয়েছিল মার্চ মাস নাগাদ। ৪০ বছর বয়স পর্যন্ত মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা দরখাস্ত করেছিলেন। লিখিত পরীক্ষা হবে দু’টি পার্টে। প্রথম পার্টের অবজেক্টিভ টাইপের পরীক্ষা ২৫ জানুয়ারি। তাতে সফল হলে ডেসক্রিপ্টিভ টাইপের মেন পরীক্ষা হবে জুলাই-আগস্ট মাস নাগাদ। মেন পরীক্ষায় সফল হলে কম্পিউটার টেস্ট হবে।

(৫) **ডব্লু.বি.সি.এস. পরীক্ষা :** ২০২০ সালের ডব্লু.বি.সি.এস. পরীক্ষার বিজ্ঞপ্তি বেরিয়েছিল নভেম্বরে। প্রিলিমিনারি পরীক্ষা হবে ৯ ফেব্রুয়ারি। ফল বেরোবে জুন-জুলাইয়ে। মেন পরীক্ষা হবে আগস্ট মাস নাগাদ।

(৬) **ওয়েস্ট বেঙ্গল অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিস, ২০১৯ :** দরখাস্ত নেওয়া হয়েছিল গত বছর ডিসেম্বর মাস নাগাদ। প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে প্রিলিমিনারি পরীক্ষা হয়। তাতে সফল হলে মেন পরীক্ষা ও ইন্টারভিউ। প্রিলিমিনারি পরীক্ষা হবে আগামী বছর ১৬ ফেব্রুয়ারি।

(৭) **ওয়েস্ট বেঙ্গল অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিস (মেন), ২০১৮ :** ২০১৮ সালের ওয়েস্ট বেঙ্গল অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিসের মেন পরীক্ষা হবে আগামী বছর ২০ ফেব্রুয়ারি থেকে ২৬ ফেব্রুয়ারি।

(৮) **মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমনারি পরীক্ষা :** ২০১৯ সালের মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার দরখাস্ত নেওয়া হয়েছিল, এবছর জুন -জুলাইয়ে। প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে প্রিলিমিনারি পরীক্ষা, মেন পরীক্ষা ও ইন্টারভিউ হবে। প্রিলিমিনারি পরীক্ষা হবে আগামী বছর ৮ মার্চ।

এছাড়াও পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে যে যে পদের পরীক্ষা হয়েছে, এখনো ফল বেরোয়নি, কিংবা ইন্টারভিউ হয়েছে কবে ফল বেরোবে সেইসব তথ্য দেওয়া হল :

(ক) ২০১৭ সালের অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিস (বিজ্ঞপ্তি নং ০৬/২০১৭)’এর যে ইন্টারভিউ হয়েছিল, তার চূড়ান্ত ফল এ মাসের শেষের দিকে বেরোবে।

(খ) ২০১৮ সালের ডব্লু.বি.সি.এস. (এক্সি) (বিজ্ঞপ্তি নং ২৪/২০১৭)’এর মেন পরীক্ষায় সফল হয়ে যাঁরা ‘এ’ ও ‘বি’ গ্রুপে ইন্টারভিউ দিয়েছিলেন, তাঁদের ফল বেরোবে এ মাসেই। ‘সি’ গ্রুপের মেন পরীক্ষার ফল বেরোবে আগামী বছর ফেব্রুয়ারিতে।

(গ) ২০১৮ সালের মিসলেনিয়াস সার্ভিসেস (মেন) (বিজ্ঞপ্তি নং ২৯/২০১৭) পরীক্ষার ফল বেরোবে আগামী বছর মার্স মাস নাগাদ।

(ঘ) ২০১৮ সালের ওয়েস্ট বেঙ্গল ফরেস্ট অ্যান্ড সাব-অর্ডিনেট ফরেস্ট সার্ভিসের (বিজ্ঞপ্তি নং ১৪/২০১৮)’এর মেন পরীক্ষার ফল বেরিয়েছে। পার্সোন্যালিটি টেস্ট শুরু ২৬ ডিসেম্বর থেকে।

(ঙ) ফায়ার অপারেটর (বিজ্ঞপ্তি নং ১৫/২০১৮)’ পদের শারীরিক মাপজোখ ও এন্ডিওরেন্স টেস্ট চলছে। সফল প্রার্থীদের ইন্টারভিউ শুরু আগামী বছর মার্চে।

(চ) ২০১৮ সালের সাব-ইন্সপেক্টর অফ স্কুল (বিজ্ঞপ্তি নং ২২/২০১৮) পদের ইন্টারভিউ চলছে। চূড়ান্ত ফল বেরোবে আগামী বছর মার্চে।

(ছ) সরকারি পলিটেকনিক কলেজের লেকচারার পদের স্ক্রিনিং টেস্টের উত্তরপত্র মূল্যায়নের কাজ চলছে। ফল বেরোবে আগামী বছর মার্চ মাস নাগাদ।

(জ) ২০১৮ সালের সাব-ডিভিশনাল ইনফর্মেশন অ্যান্ড কালচারাল অফিসার (বিজ্ঞপ্তি নং ২৫/২০১৮) পদের মেন পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নের কাজ চলছে। মেন পরীক্ষার ফল বেরোবে আগামী বছর এপ্রিলে।

(ঝ) ২০১৮ সালের সাব-ইন্সপেক্টর অফ ফুড (বিজ্ঞপ্তি নং ২৬/২০১৮)’এর প্রিলিমিনারি স্ক্রিনিং টেস্টের উত্তরপত্র মূল্যায়নের কাজ চলছে। ফল বেরোবে আগামী বছর এপ্রিল মাস নাগাদ।

(ঞ) ২০১৮ সালের ওয়েস্ট বেঙ্গল লিগ্যাল সার্ভিস (বিজ্ঞপ্তি নং-২৮/২০১৮)’এর মেন পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নের কাজ চলছে। ফল বেরোবে আগামী বছর মে মাস নাগাদ।

(ট) মোটর ভেহিক্যাল ইন্সপেক্টর (নন-টেকনিক্যাল) (বিজ্ঞপ্তি নং ০১/২০১৯)’এর প্রিলিমিনারি লিখিত পরীক্ষার ফল বেরোবে আগামী বছর জানুয়ারি মাস নাগাদ।

(ঠ) আই.সি.ডি.এস. (সুপারভাইজর) (বিজ্ঞপ্তি নং ৮/২০১৯) পদের প্রিলিমিনারি স্ক্রিনিং টেস্টের উত্তরপত্র মূল্যায়নের কাজ চলছে। ফল বেরোবে আগামী বছর মার্চ মাস নাগাদ।

(ড) লাইভস্টক ডেভেলপমেন্ট অ্যাসিস্ট্যান্ট (বিজ্ঞপ্তি নং ১১/২০১৯) পদের স্ক্রিনিং টেস্টের ফল বেরোবে আগামী বছর ফেব্রুয়ারি মাস নাগাদ।

রা.ই.সূ.প্রী.সং NIELIT | National Institute of Electronics and Information Technology (NIELIT)
Under Ministry of Electronics & Information Technology (MeitY), Govt. of India

Admission Open for Surya Mitra Skill Development Program
(Solar PV Installer) (Code: SCG/Q0101)

Sponsored by National Institute of Solar Energy
(under Ministry of New & Renewable Energy)

| | |
|---|---|
| Course Name | Surya Mitra Skill Development Program |
| Course Details | Specialized course of Mechanical, Civil and Electrical installations of Solar Power Plants |
| Duration | 600 Hours (03 Months) |
| Eligibility | 10th Pass + ITI / Diploma (Electrical/ Electronics/ Civil/ Mechanical/ Fitter/ Instrumentation/ Welder |
| Age | 18 to 35 years |
| Total seats | 30 participants per batch |
| Start Date | 30th Dec, 2019 (Admission Going On) |

Suryamitra: Free of Cost- No course Fee, Placement Assistance available Free Lodging & Boarding facility available

Suryamitra Skill Development Programme:
80% attendance is mandatory, Caution money: INR 1000/-

*NSQF (National Skill Qualification Framework) Course Fee FREE for SC/ST

IT O/A level, Computer Hardware Maintenance O level, Certificate course in Multimedia, CCC, Linux Apache Mysql PHP, Data Entry & Office Automation, Web Designing, Advance Diploma in Computer Application Accounting & Publishing
(Duration : 200 Hrs includes Financial Accounting & Tally)

Forms available at Reception of NIELIT Kolkata, Jadavpur University Campus, Kolkata - 700 032

For details : www.nielit.gov.in/Kolkata; 033-2414-6081/6054

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

6 ■ KARMASANGSTHAAN ■ Vol. 32 ■ Issue No. 50 ■ 21 December, 2019

## ১,৮১৭ মাল্টি টাস্কিং স্টাফ

১ পাতার পর

নিউমেরিক্যাল এবিলিটি। সময় থাকবে ৯০ মিনিট। এই পরীক্ষায় কোয়ালিফাইং নম্বর পেলে মোট শূন্যপদের ১০ গুণ প্রার্থীকে মেন পরীক্ষার জন্য ডাকা হবে।

মেন পরীক্ষায় ১০০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল সায়েন্স, (খ) জেনারেল ম্যাথ, (গ) জেনারেল ইংলিশ। সময় ৯০ মিনিট। কোনো পার্টেই নেগেটিভ মার্কিং নেই। পরীক্ষা হবে কলকাতা, শিলিগুড়ি, রাঁচী, ভুবনেশ্বর, গুয়াহাটি। এই পদের বিজ্ঞপ্তি নং : DRDO Entry Test: 2019-20 / MTS.

দরখাস্ত করবেন অনলাইনে, ২৩ ডিসেম্বর থেকে 23 জানুয়ারি পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.drdo.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার আর বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেট, আইডেন্টিটি কার্ড, লেফট থাম্ব ইমপ্রেশন ইত্যাদি প্রমাণপত্র জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। অনলাইনে দরখাস্ত করার পর যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ে জমা দেবেন। তপশিলী, প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী ও মহিলাদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## হুগলি জেলা স্বাস্থ্য কেন্দ্রে ৭৫ নার্স, ম্যানেজার, সুপারভাইজর

হুগলি জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি স্টাফ নার্স, কমিউনিটি নার্স, কালা জ্বর টেকনিক্যাল সুপারভাইজর, ব্লক অ্যাকাউন্টস ম্যানেজার, সহায়িকা ইত্যাদি পদে ৭৫ জন লোক নিচ্ছে। কোন পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা, বয়স, প্রার্থী বাছাই পদ্ধতি, শূন্যপদ ইত্যাদি পাবেন এই ওয়েবসাইটে : www.wbhealth.gov.in দরখাস্ত করার জন্য শেষ তারিখ ৩০ ডিসেম্বর। বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## পুরসভায় ৩০ হেল্পার

১ পাতার পর

ইন্টারভিউয়ের মাধ্যমে। এই পদের মেমো নং : 2340/VI, Dt: 14.12.19.

দরখাস্ত করবেন সাধারণ কাগজে, নিচের বয়ানে। দরখাস্তের বয়ান পাবেন এই ওয়েবসাইটে : www. rishramunicipality.org তখন সঙ্গে দেবেন যাবতীয় প্রমাণপত্রের প্রত্যয়িত নকল। দরখাস্ত পৌঁছনো চাই ৪ জানুয়ারির মধ্যে। এই ঠিকানায় : The Chairman, Rishra Municipality, 49/56/57, Rabindra Sarani, Rishra , Hooghly - 712248. আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

### শুরু হল নার্সিং জয়েন্টের প্রশিক্ষণ

নিজস্ব সংবাদদাতা : জেনপা / B.Sc.নার্সিং জয়েন্ট এন্ট্রান্সের প্রতি বছর মোট ২১০ জনকে বিশেষ প্রশিক্ষণ দেয় পশ্চিমবঙ্গের একটি নামী শিক্ষা প্রতিষ্ঠান। তাদের মধ্যে প্রায় প্রত্যেকেই ১ থেকে ৯০০ এর মধ্যে Rank করে। 7044647798 নম্বরে ফোন করে নাম নথিভুক্ত করে স্টুডেন্টরা প্রতি বছর Dr. K. Lahiri (M.D) এর গাইডেন্সে সম্পূর্ণ প্রশিক্ষণ নেয়। এবছরের ভর্তি প্রক্রিয়া কয়েকদিন আগে শুরু হল। এবছরও সর্বোচ্চ ২১০ জন এই ধারাবাহিক প্রশিক্ষণের সুযোগ পাবে।

এখন পাঠক সংখ্যা বেড়ে ছাড়ালো প্রায়

২০ লাখ*



* Indian Readership Survey Q1 2019

সারা ভারতের সেরা ৫ পত্রিকার মধ্যে *

কর্মসংস্থান

* as per Audit Bureau of Circulation 30.06.2019

## মহারাষ্ট্র ব্যাঙ্কে ২০০

১ পাতার পর

পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে ফেব্রুয়ারি-মার্চে। ১৫০ নম্বরের পরীক্ষায় থাকবে এইসব বিষয় : ইংলিশ ল্যাঙ্গোয়েজ-৩০টি প্রশ্ন, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড - ৩৫টি প্রশ্ন, রিজনিং এবিলিটি - ৩৫টি প্রশ্ন, প্রফেশনাল নলেজ - ৫০টি প্রশ্ন। সময় থাকবে ২ ঘন্টা। পরীক্ষা হবে গ্রেটার কলকাতা, ভুবনেশ্বর, রাঁচী, পটনাতে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৩১ ডিসেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www. bankofmaharashtra.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১,১৮০ (তপশিলী হলে ১১৮, প্রতিবন্ধীদের ফী লাগবে না) টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## বিড়সা মুন্ডা কলেজে ক্লার্ক ও গ্রুপ 'সি'

দার্জিলিংয়ের বিড়সা মুন্ডা কলেজে ক্লার্ক, গ্রুপ 'সি', পিওন পদে ৪ জন লোক নিচ্ছে। দরখাস্ত করার শেষ তারিখ ৩১ ডিসেম্বর। বিস্তারিত পাবেন এই ওয়েবসাইটে: www.birsamundacollege.ac.in

## চাকরির ইন্টারভিউ

দক্ষিণ দমদম পুরসভার মেমো নং SDM/0723/XXIV dated 13th July, 2017'এর যে লিখিত পরীক্ষা ২ সেপ্টেম্বর হয়েছিল, তার ইন্টারভিউ হবে ৩০ ডিসেম্বর থেকে। কল লেটার ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইটে : www.sddm.ind.in

## বর্ধমান বিশ্ববিদ্যালয়ে চাকরি

বর্ধমান বিশ্ববিদ্যালয়ে ল', বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন, এডুকেশন, স্ট্যাটিস্টিক্স, জুলজি, লাইব্রেরি অ্যান্ড ইনফরমেশন সায়েন্স, আরবি ও হিন্দি বিষয়ের শিক্ষক-শিক্ষিকা পদে লোক নিচ্ছে। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.buruniv.ac.in

## পরীক্ষা বাতিল

পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের বিজ্ঞপ্তি নং 27/2019'এর অ্যাসিস্ট্যান্ট অ্যাগ্রিকালচারাল কেমিস্ট, অ্যানালিটিক্যাল কেমিস্ট, জুনিয়র সয়েল সায়েন্টিস্ট, অ্যাসিস্ট্যান্ট এন্টোমোলজিস্ট, মাইকোলজিস্ট পদের জন্য যে দরখাস্ত নেওয়া হয়েছিল, তা বাতিল করা হয়েছে। এই পদের জন্য যাঁরা দরখাস্ত করেছিলেন, তাঁদের পরীক্ষা ফী'র টাকা ফেরৎ দেওয়া হবে।

# চাকরির পরীক্ষার গণিত

**Direction (Qs. 1-5) :** *What will come in place of the question mark (?) in the following questions ?*

1. $495 + 75\%$ of $660 = ?$
(A) 940 (B) 950 (C) 990
(D) 960 (E) None of these

2. $(5)^3 \times (25)^2 = (5)^? \times (125)^2$
(A) 4 (B) 2 (C) 1 (D) 3 (E) None of these

3. $14 \times 15 - 483 \div 23 = ? - 100$
(A) 289 (B) 279 (C) 374
(D) 364 (E) None of these

4. $\left(\sqrt{6}-3\right)^2 = ? - \sqrt{216}$
(A) $4\sqrt{6}+15$ (B) $4\sqrt{6}$ (C) $15-4\sqrt{6}$
(D) 15 (E) None of these

5. $53.59 + 61.42 - 96.78 = ? + 11.21$
(A) 7.42 (B) 7.02 (C) 13.57
(D) 15.42 (E) None of these

**Direction (Qs. 6-10) :** *What **approximate** value will come in place of the question mark (?) in the following questions ? (You are not expected to calculate the exact value)*

6. $\sqrt{2400} \times \sqrt{630} \div \sqrt{101} = ?$
(A) 80 (B) 100 (C) 150 (D) 120 (E) 180

7. $9{,}002 \div 89 \times 99 - 1{,}499 = ?$
(A) 7,500 (B) 9,200 (C) 8,900 (D) 8,200 (E) 8,500

8. $1500.99 - 599.83 + 299.98 = ?$
(A) 1,200 (B) 1,350 (C) 1,000 (D) 1,400 (E) 900

9. 19% of 1,201 + 61% of 3,599 – 103 = ?
(A) 2,100 (B) 2,520 (C) 2,400 (D) 2,800 (E) 2,250

10. $(11.98)^2 - (15.02)^2 + (17.03)^2 = ?$
(A) 280 (B) 200 (C) 250 (D) 330 (E) 260

**Direction (Qs. 11-15) :** *What will come in place of the question mark (?) in the following number series ?*

11. 2 3 7 16 32 (?)
(A) 59 (B) 64 (C) 57 (D) 54 (E) None of these

12. 8 13 28 53 88 (?)
(A) 133 (B) 115 (C) 143 (D) 125 (E) None of these

13. 6 15 28 45 66 (?)
(A) 89 (B) 91 (C) 99 (D) 81 (E) None of these

14. 469 370 282 205 139 (?)
(A) 54 (B) 65 (C) 74 (D) 94 (E) None of these

15. 13 21 37 69 133 (?)
(A) 308 (B) 318 (C) 251 (D) 261 (E) None of these

**Direction (Qs. 16-20) :** *In the following questions two equations numbered I and II are given. You have to solve both the equations and-*

**Give answer If**

(A) $x > y$
(B) $x \geq y$
(C) $x < y$
(D) $x \leq y$
(E) $x = y$ or the relationship cannot be established

16. I. $x^2 - 5x + 6 = 0$
II. $y^2 - 9y + 20 = 0$

17. I. $x^2 - 234 = 495$
II. $y^2 - 47 = 34$

18. I. $x^2 + 11 = 18$
II. $y + 32 = \sqrt{1521}$

19. I. $5x - 15 = 53 + 3x$
II. $\sqrt{y+135} - \sqrt{49} = \sqrt{36}$

20. I. $\frac{3}{\sqrt{x}} + \frac{2}{\sqrt{x}} = \sqrt{x}$
II. $y^2 - \frac{(5)^{\frac{5}{2}}}{\sqrt{y}} = 0$

21. The simple interest accrued in 6 years on a principal of Rs.15,000 is three-eighth the principal. What is the rate of simple interest p.c.p.a. ?
(A) 6.55 (B) 5.55 (C) 6.25
(D) 5.25 (E) None of these

22. Train-A crosses a stationary train-B in 45 seconds and a pole in 20 seconds with the same speed. The length of the train-A is 200 meters. What is the length of the stationary train-B ?

# অ্যারিথমেটিক

(A) 350 meters (B) 250 meters (C) 300 meters (D) Cannot be determined (E) None of these

23. The respective ratio between the average speed of a car, a rain and a tractor is 3 : 6 : 1. The average speed of the train is six times the average speed of the tractor which covers 175 kms in 7 hours. What is the sum of the speed of car and train together?
(A) 225 km/hr (B) 215 km/hr (C) 250 km/hr (D) Cannot be determined (E) None of these

## সেকেন্ডে উত্তরের কৌশল

**1(C).** $? = 495 + \frac{75}{100} \times 660 = 495 + 495 = 990$. **2(C).**
$(5)^3 \times (25)^2 = (5)^? \times (125)^2$
$(5)^3 \times (5)^4 = (5)^? \times (5)^6$
তাহলে, $3 + 4 = ? + 6$
তাহলে, $? + 1$

**3(A).** $? - 100 = 14 \times 15 - 483 \div 23$
$? = 210 - 21 + 100 = 289$. **4(D).**
$? - \sqrt{216} = \left(\sqrt{6}-3\right)^2$
$? = 6 + 9 - 6\sqrt{6} + 6\sqrt{6} = 15$. **5(B).** $? + 11.21 = 53.59 + 61.42 - 96.78$
$? = 18.23 - 11.21 = 7.02$. **6(D).** $? = \sqrt{2400} \times \sqrt{630} \div \sqrt{101} \approx 50 \times 25 \div 10 = \frac{50 \times 25}{10} = 120$ (প্রায়)। **7(E).** $? = 9{,}002 \div 89 \times 99 - 1{,}499 \approx 9{,}002 \div 90 \times 100 - 1{,}500 = 10{,}000 - 1{,}500 = 8{,}500$ (প্রায়)। **8(A).** $? = 1{,}500.99 - 599.83 + 299.98 \approx 1{,}501 - 600 + 300 = 1{,}200$ (প্রায়)।

**9(E).** $\frac{19 \times 1201}{100} + \frac{3599 \times 61}{100} - 103 = ?$
$\approx 228 + 2{,}196 - 103 = 2{,}250$ (প্রায়)। **10(B).** $? = (11.98)^2 - (15.02)^2 + (17.03)^2 \approx (12)^2 - (15)^2 + (17)^2 = 144 - 225 + 289 = 200$ (প্রায়)।

**11(C). 12(A). 13(B). 14(E). 15(D). 16(C).** I. $x^2 - 5x + 6 = 0 \Rightarrow (x-2)(x-3) = 0 \Rightarrow x = 2$ বা, 3.
II. $y^2 - 9y + 20 = 0$. $(y-4)(y-5) = 0$. তাহলে, $y = 4$ বা, 5. তাহলে, $x < y$.

**17(E).** I. $x^2 - 234 = 495 \Rightarrow x^2 = 495 + 234 = 729 \Rightarrow x = +27$.
II. $y^2 - 47 = 34 \Rightarrow y^2 = 34 + 47 = 81$
$\Rightarrow y = +9$. তাহলে, x ও y-এর মধ্যে কোনো সম্পর্ক পাওয়া যাচ্ছে না। **18(C).** I. $x^2 + 11 = 18 \Rightarrow x^2 = 18 - 11 = 7$. অর্থাৎ, $x = \pm\sqrt{7}$
II. $y + 32 = \sqrt{1521} \Rightarrow y = 39 - 32 = 7$.
$\Rightarrow x < y$. **19(E).** I. $5x - 15 = 53 + 3x$.
$\Rightarrow 5x - 3x = 53 + 15. \Rightarrow 2x = 68. \Rightarrow x = 34$.
II. $\sqrt{y+135} - \sqrt{49} = \sqrt{36} \Rightarrow \sqrt{y+135} = 6 + 7 = 13$
$\Rightarrow y + 135 = (13)^2 = 169 \Rightarrow y = 169 - 135 = 34$ তাহলে, $x = y$.

**20(E).** I. $\frac{3}{\sqrt{x}} + \frac{2}{\sqrt{x}} = \sqrt{x}$ তাহলে, $\frac{3+2}{\sqrt{x}} =$ , $x = 5$.
II. $y^2 - \frac{(5)^{5/2}}{\sqrt{y}} = 0 \Rightarrow y^2 = \frac{(5)^{5/2}}{\sqrt{y}}$
$y^{5/2} = (5)^{5/2} \Rightarrow y = 5$. অর্থাৎ, $x = y$. **21(C).** Rate $= \frac{\frac{3}{8} \times 100}{1 \times 6} = \frac{3 \times 100}{8 \times 6} =$ বার্ষিক 6.25%. **22(B).** ট্রেন B'র দৈর্ঘ্য মনে করি, x মিটার। $\frac{x+200}{45} = \frac{200}{20} \Rightarrow x + 200 = 10 \times 45$. $x = 450 - 200 = 250$ মিটার।

**23(A).** ট্রাক্টরের গতিবেগ $= \frac{175}{7} = 25$ কিলোমিটার/ঘণ্টা। গাড়ির গতিবেগ $= 3 \times 25 = 75$ কিলোমিটার/ঘণ্টা। ট্রেনের গতিবেগ $= 6 \times 25 = 150$ কিলোমিটার/ঘণ্টা। মোট $= 75 + 150 = 225$ কিলোমিটার/ঘণ্টা।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## বায়ুসেনাতে এয়ারম্যান

১ পাতার পর

অন্তত ৫০% নম্বর পেয়ে যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশরা আবেদনের যোগ্য। ইংরিজি বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকতে হবে। মোট অন্তত ৫০% নম্বর পেয়ে ২ বছরের ভোকেশনাল কোর্স পাশরা ভোকেশনাল কোর্সে ইংরিজিতে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলেও যোগ্য। যাঁদের ভোকেশনাল শাখায় ইংরিজি বিষয় নেই, তাঁদের মাধ্যমিকে ইংরিজি বিষয়ে ৫০% নম্বর থাকলেও যোগ্য। ভোকেশনাল কোর্স পাশ হতে হবে সি.বি.এস.ই. / রাজ্য শিক্ষা পর্ষদ / সংসদ থেকে। কোনো ক্ষেত্রে ওই শতকরা হারের থেকে ০.১% নম্বর কম পেয়ে থাকলেও যোগ্য নন।

গ্রুপ 'Y' (মেডিক্যাল অ্যাসিস্ট্যান্ট) : ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি ও ইংরিজি বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আর ইংরিজি বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে যোগ্য।

সব ক্ষেত্রেই জন্ম-তারিখ হতে হবে ১৭-১-২০০০ থেকে ৩০-১২-২০০৩'র মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫২.৫ সেমি। বুকের ছাতি ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকা দরকার। ওজন হতে হবে উচ্চতা ও বয়সের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ।

দৃষ্টিশক্তি হতে হবে গ্রুপ-X (টেকনিক্যাল) (ইলেক্ট্রনিক ফিটার, ইলেক. ফিটার, ওয়েপন ফিটার, অটোমোবাইল ফিটার, মেকানিক্যাল সিস্টেম ফিটার পদ-সহ) পদের বেলায় প্রতি চোখে ৬/১২, যা চশমা-সহ প্রতি চোখে ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। রঙ চেনার দৃষ্টিশক্তি দরকার CPII.

দৃষ্টিশক্তি হতে হবে গ্রুপ-Y (টেকনিক্যাল) পদে ও.পি.এস. অ্যাসিস্ট্যান্ট পদের বেলায় দৃষ্টিশক্তি দরকার প্রতি চোখে ৬/১২ যা প্রতি চোখে ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। রং চেনার ক্ষমতা থাকতে হবে CP-II. হাইপারমেট্রোপিয়া +2.0D, মায়োপিয়া -0.50 সহ -1D থাকতে হবে।

রং চেনার ক্ষমতা থাকতে হবে CP-III. সব ক্ষেত্রে দৃষ্টিশক্তি দরকার প্রতি চোখে ৬/৩৬ যা প্রতি চোখে ৬/৯ পর্যন্ত সংশোধনযোগ্য।

৬ মিটার দূর থেকে ফিসফিস শব্দ শোনায় দক্ষতা থাকতে হবে। এছাড়া ভালো দাঁতের পাটি ও ত্রুটিহীন স্বাস্থ্য দরকার। ফিটের অসুখ, সাইকিয়াট্রিক যন্ত্রণা থাকলে আবেদন করবেন না। মোট ২০ বছরের চাকরি, যা ৫৭ বছর বয়স পর্যন্ত বাড়তে পারে। শুরুতে ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড পাবেন মাসে ১৪,৬০০ টাকা। সফল হলে মূল মাইনে গ্রুপ-'এক্স' টেকনিক্যাল পদে মাসে ৩৩,১০০ টাকা ও গ্রুপ-'ওয়াই' নন-টেকনিক্যাল পদে ২৬,৯০০ টাকা। এই পদ থেকে মাস্টার ওয়ারেন্ট অফিসার পদ পর্যন্ত পদোন্নতির সুযোগ আছে। এছাড়া বিনা খরচায় থাকা-খাওয়া ও চিকিৎসার সুযোগ আছে।

**প্রার্থী বাছাই পরীক্ষা :** প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে অনলাইন পরীক্ষা হবে ১৯ মার্চ থেকে ২৩ মার্চ পর্যন্ত।। অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে।

গ্রুপ-'ওয়াই' (নন-টেকনিক্যাল) পদের বেলায় প্রশ্ন হবে এইসব বিষয়ে : ইংরিজি, রিজনিং ও জেনারেল অ্যাওয়ারনেস বিষয়ে। সময় থাকবে ৪৫ মিনিট।

গ্রুপ-'এক্স' (টেকনিক্যাল) পদের বেলায় প্রশ্ন হবে এইসব বিষয়ে : ইংরিজি, ফিজিক্স ও অঙ্ক। সময় থাকবে ৬০ মিনিট।

'এক্স' ও 'ওয়াই' গ্রুপের ক্ষেত্রে এক সঙ্গে পরীক্ষা দিলে প্রশ্ন হবে এইসব বিষয়ে : ইংরিজি, ফিজিক্স, অঙ্ক, রিজনিং অ্যান্ড জেনারেল অ্যাওয়ারনেস। সময় থাকবে ৮৫ মিনিট।

প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে।

প্রতিটি পেপারে যাঁরা কোয়ালিফাইং মার্কস পাবেন, তাঁদের সেদিন বা, তার পরের দিনই শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে। এই পরীক্ষায় থাকবে সাড়ে ৬ মিনিটে ১.৬ কি.মি. দৌড়। এছাড়াও ১০ বার পুশ আপ, ১০ বার সিট আপ ও ২০ বার স্কোয়াটস। ওইদিন খেলার সরঞ্জাম আর এইচ.বি. পেন্সিল, ইরেজার, সার্পনার, আঠা, স্টেপলার, কালো বা, নীল কালির বল পয়েন্ট পেন নিয়ে যাবেন। সফল হলে অ্যাডাপ্টাবিলিটি টেস্ট-। ও অ্যাডাপ্টাবিলিটি টেস্ট-।। হবে। তারপর গ্রুপ বা, ট্রেড টেস্ট। লিখিত পরীক্ষা দিতে যাওয়ার দিন কান ও দাঁত পরিষ্কার করে যাবেন। মোট ২-৩ দিনের পরীক্ষা দেওয়ার মানসিকতা নিয়ে যাবেন। থাকার ব্যবস্থা প্রার্থীরই।

সব পরীক্ষায় পাওয়া নম্বর দেখে সর্বভারতীয় ভিত্তিতে প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে ব্যারাকপুরের এয়ারমেন সিলেকশন সেন্টারের ৪নং গেটে, ৩১ অক্টোবর। এছাড়াও জেলা শাসকের অফিসে ও এই ওয়েবসাইটে সফলদের তালিকা পাবেন : www.indianairforce.nic.in

পরীক্ষার দিন জুতো, প্যান্ট ইত্যাদি সরঞ্জাম নিয়ে যাবেন। সফল হলে ইন্টারভিউ /ডাক্তারি পরীক্ষা।

পরীক্ষার দিন সঙ্গে নিয়ে যাবেন : (১) দরখাস্তের সঙ্গে দেওয়া ওই একই ফটোর ৪ কপি, (২) শিক্ষাগত যোগ্যতা, বয়স ইত্যাদি প্রমাণপত্রের প্রত্যয়িত করা ৩ কপি জেরক্স ও মূল কপি, (৩) এন.সি.সি. সার্টিফিকেটের মূল ও ৩ কপি জেরক্স (যদি থাকে)।

দরখাস্ত করবেন অনলাইনে, ২ জানুয়ারি থেকে ২০ জানুয়ারি পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.airmentselection.cdac.in, www.careerindianairforce.cdac.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও নিচের এইসব প্রমাণপত্র স্ক্যান করে নেবেন : (ক) পাশপোর্ট মাপের রঙিন ফটো (১০ থেকে ৫০ কেবির মধ্যে) (ফটো তোলার সময় বুকের কাছে কালো স্লেটে নাম ও জন্ম-তারিখ লিখবেন), (খ) বুড়ো আঙুলের ছাপ (লেফট থাম্ব ইমপ্রেশন) (১০ থেকে ৫০ কেবির মধ্যে), (গ) সিগনেচার (১০ থেকে ৫০ কেবির মধ্যে), (ঘ) ১৮ বছরের নিচের বয়স হলে পিতা-মাতা বা, অভিভাবকের সই, (ঙ) বয়স, শিক্ষাগত যোগ্যতার মার্কশীট। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ২৫০ টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ে জমা দেবেন। এছাড়াও টাকা অ্যাক্সিস ব্যাঙ্কের যে কোনো শাখায় চালানে জমা দিতে পারবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

**ARMY ও POLICE-এর কোচিং**

আর্মি ও পুলিশ (Main)-এর লিখিত পরীক্ষার স্পেশাল কোচিং-এ ভর্তি চলছে, আগ্রহী প্রার্থীরা ভর্তি হতে চাইলে অতি সত্বর যোগাযোগ করুন। বহিরাগত প্রার্থীদের থাকা ও খাওয়ার সু-ব্যবস্থা আছে। আর্থিকভাবে দুর্বল ও প্রথম ৩০ জন প্রার্থীর ভর্তিতে বিশেষ ছাড়। বিগত আর্মির ব্যাচে সাফল্যের হার ১০০%।

**BENGAL EDUCATION COACHING CENTRE**
Our Education, Your Success
BELGHARIA, KOLKATA
9614236059, 8420100627

**NATIONAL POWER TRAINING INSTITUTE (E.R)**
(MINISTRY OF POWER, GOVT. OF INDIA)
CITY CENTRE, DURGAPUR-713216
**ADMISSION-NOTICE**
Contact:0343-2545888/9932271423/9735155651(10 AM to 6 PM)

NICS- MNRE Sponsored 3 Month Residential Skill Devlopment Program On
"SURYAMITRA- SOLAR PV INSTALLER"
No Course Fee, Lodging & Boarding- Free Of Cost


**Eligibility:** ITI ( welder, fitter, electrician) or Diploma( Electrical, Electronics, Civil, Mechanical, Instrumentation)
**Age:** Minimum 18 years
Selection will be made on merit basis. Female applicants shall be given preference.
Course will be conducted at the Institute in Durgapur (West Bengal).
Total No. of seat available - **30 (Thirty).**
Last date of submission of application by Post/by hand/Scan copy by email **suryamitra.npti@gmail.com** 26/12/19.
Display of Merit List: 28/12/19
Verification of documents and Start of the course: 30/12/19.
Application Form can be downloaded from our website ( **www.nptidurgapur.com**). For details please visit our website.
Placement assistance will be provided by the Institute to the successful candidates.

एनपीटीआई के साथ पावर सेक्टर का सुनिश्चित सम्पूर्ण विकास

**National Award Winning Organisation in IT Education**

**রাজীব গান্ধী কম্পিউটার শিক্ষা মিশন**

An Autonomous Institution Registered under Trust Act and Registered under C.R. Act **Govt. of India**



**RGCSM**
Rajiv Gandhi Computer Shiksha Mission
Website : www.rgcsm.com

কম্পিউটার সার্টিফিকেট বা ডিপ্লোমা কোর্স করে জীবনে প্রতিষ্ঠিত হও।

Head Office: 166/A Canal South Road, Beliaghata, Metropolitan, Kolkata - 700105 M: 9434900200

ভর্তির জন্য নিকটবর্তী স্টাডি সেন্টারে আজই যোগাযোগ করুন

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# ক্লার্কশিপ পদের পরীক্ষার সম্ভাব্য ১ সেট প্রশ্নের চটপট উত্তর বের করার কৌশল

৩ পাতার পর

(a) 6 (b) $6\frac{3}{4}$ (c) 10 (d) 12

**55.** চার অঙ্কের কোন বৃহত্তম সংখ্যা 88 দিয়ে সম্পূর্ণরূপে বিভাজ্য?

(a) 9,900 (b) 9,988 (c) 9,888 (d) 9,944

**56.** কোন ক্ষুদ্রতম সংখ্যার সঙ্গে 1056 যোগ করলে যোগফলটি 23 দিয়ে সম্পূর্ণরূপে বিভাজ্য হবে?

(a) 4 (b) 1 (c) 2 (d) 3

**57.** চারটি মৌলিক সংখ্যাকে ছোট থেকে বড় সাজালে দেখা গেল, এদের প্রথম তিনটির গুণফল 385 ও শেষ তিনটির গুণফল 1001. চতুর্থ মৌলিক সংখ্যাটি কত?

(a) 13 (b) 17 (c) 11 (d) 23

**58.** দু'টি সংখ্যার অনুপাত 3 : 4 ও তাদের গ.সা.গু 4, সংখ্যাদু'টির ল.সা.গু কত?

(a) 48 (b) 22 (c) 56 (d) 60

**59.** কোন বৃহত্তম সংখ্যা দিয়ে 62, 132 ও 237 কে ভাগ করলে সবক্ষেত্রে একই ভাগশেষ থাকে?

(a) 30 (b) 32 (c) 35 (d) 45

**60.** $5 + \frac{1}{4} - 3 + \frac{2}{3} + 1 - \frac{3}{5} = ?$

(a) $\frac{189}{60}$ (b) $\frac{199}{60}$ (c) $\frac{129}{60}$ (d) $\frac{169}{60}$

**61.** 123 – 333 + 321 – 111 = ?

(a) 320 (b) 100 (c) 120 (d) 0

**62.** চার অঙ্কের কোন বৃহত্তম সংখ্যা একটি পূর্ণঘনসংখ্যা?

(a) 7,000 (b) 8,000 (c) 9,261 (d) 9,981

**63.** কোন ক্ষুদ্রতম সংখ্যা দিয়ে 3,600 কে ভাগ করলে ভাগফল একটি পূর্ণঘনসংখ্যা হবে?

(a) 400 (b) 450 (c) 445 (d) 440

**64.** পর পর চারটি বিজোড় সংখ্যার গড় 24, বৃহত্তম সংখ্যাটি কত?

(a) 25 (b) 27 (c) 29 (d) 31

**65.** একটি পাঠাগারে প্রতি রবিবার গড়ে 510 জন পাঠক আসেন ও অন্যান্য দিনে গড়ে 240 জন পাঠক আসেন। একটি 30 দিনের মাস রবিবার থেকে শুরু হলে ওই মাসের দৈনিক গড় পাঠক সংখ্যা কত?

(a) 280 (b) 285 (c) 290 (d) 295

**66.** দশ বছর আগে P এর বয়স ছিল Q এর বয়সের অর্ধেক। এখন P ও Q এর বয়সের অনুপাত 3 : 4. এখন তাদের বয়সের যোগফল কত?

(a) 34 (b) 35 (c) 45 (d) 25

**67.** A ও B এর বয়সের যোগফল B ও C এর বয়সের যোগফলের থেকে 13 বেশি। তাহলে C এর বয়স ও A এর বয়সের অন্তর কত?

(a) 11 (b) 12 (c) 13 (d) 14

**68.** 40 এর 15% অন্য একটি সংখ্যার 25% এর থেকে 2 বেশি। এই অন্য সংখ্যাটি কত?

(a) 14 (b) 16 (c) 18 (d) 20

**69.** একটি নির্বাচনের 3 জন প্রার্থী যথাক্রমে 1136, 7636 ও 11,628 টি ভোট পেয়েছেন। জয়ী প্রার্থী কত শতাংশ ভোট পেয়েছেন?

(a) 55% (b) 56% (c) 57% (d) 58%

**70.** একটি দ্রব্যের ক্রয়মূল্য হল বিক্রয়মূল্যের 25%. লাভের শতকরা হার কত?

(a) 150% (b) 200% (c) 300% (d) 400%

**Direction (Qs. 71 – 77) :** *Find the meaning of the given IDIOMS.*

**71.** Abraham Lincoin and Martin Luther King were great people **hewn from same rock**.

(a) of similar kind of courage (b) from same town (c) who worked at mental level (d) who listened to same kind of music

**72.** He is sure to make his mark in politics, he has the **gift of the gab**.

(a) ability to fight (b) talent for speaking well (c) generosity of nature (d) right background

**73.** In his speech, the Minister **blew hot and cold in the same breath**.

(a) said something and contradicted it immediately (b) spoke politely (c) a very hot debate (d) criticism and condemnation

**74.** On the question of promotions the teacher was **at one with** the authorities.

(a) the only one to agree (b) of the same opinion (c) differed from (d) of the same feelings

**75.** The passing of anti-defection law **struck a chill to the heart** of every opportunistic legislator.

(a) caused anger (b) caused relief (c) aroused fear (d) awakened bitterness

**76.** The selfish giant was **at his wit's end** on seeing the wounds on the little boy's body.

(a) completely confused (b) very witty (c) had no sense of humour (d) confused others

**77.** There is a lot of **bad blood** between the former friends now.

(a) ill felling (b) jealousy (c) argument (d) competition

**Direction (Qs. 78 – 83) :** *Fill in the blanks.*

**78.** When I asked my English Professor, 'Can I come in. Sir?' He answered, 'you can, but you ......... not'

(a) may (b) might have (c) could (d) would

**79.** The average Indian worker earns scarcely enough to ......... and his family.

(a) keeping himself (b) have kept himself (c) keep himself (d) have himself kept

**80.** It ......... since eight O'clock this morning.

(a) had been raining (b) was raining (c) has been raining (d) rained

**81.** I have little time, so I can tell you only .......... what he said.

(a) shortly (b) briefly (c) little of (d) briskly

**82.** He heard the kitchen tap running. Therefore he rushed there to .........

(a) stop it (b) shut it off (c) turn it off (d) close it

**83.** He .......... telling a lie, if he ever told you that our quality was inferior to that of the Chang Company.

(a) is (b) has been (c) was (d) will be

**Direction (Qs. 84 – 90) :** *Improve the marked part of the sentences, if necessary.*

**84.** He never **tells** the truth.

(a) says (b) utters (c) speaks (d) No improvement

**85.** She was too clever to **see through his tricks**.

(a) see into his tricks (b) see his tricks (c) see at his tricks (d) No improvement

**86.** Since 1986, there **is** no earthquakes here.

(a) have been (b) are (c) were being (d) No improvement

**87.** The boy **told his teacher** to explain the passage.

(a) called his teacher (b) said to his teacher (c) asked his teacher (d) No improvement

**88.** The main point **of his speech** was well understood.

(a) that he spoke (b) in the speech of his (c) made when he spoke (d) No correction required

**89.** What is the time **in** you watch?

(a) on (b) by (c) from (d) No improvement

**90.** You may appoint **whoever you think** can do the job most efficient.

(a) anybody you think (b) someone you think (c) whomever you think (d) No correction required

**Direction (Qs. 91 – 95) :** *Find the error, if any, in the given sentences.*

**91.** We shall not (a) / surrender even an (b) / inch of land to the enemy. (c) / No error (d)

**92.** Neither he came nor he sent (a) / anyone for (b) / the mission. (c) / No error (d)

**93.** This book (a) / cannot be given (b) / to anyone except he. (c) / No error (d)

**94.** He must pay (a) / attention on the (b) / advice of his father. (c) / No error (d)

**95.** Sohan denied (a) / that he had not (b) / stolen the money. (c) / No error (d)

**Direction (Qs. 96 – 98) :** *Fill in the blanks with appropriate idiom from the given alternatives.*

**96.** I have not yet ......... the picture.

(a) take my eyes off (b) mind my eyes (c) set my eyes on (d) eye for an eye

**97.** You should not ......... and face the situation boldly.

(a) come to a head (b) talk over the head (c) lose your head (d) make no headway

**98.** They ......... in the tournament.

(a) changed colour (b) carried the day (c) called it a day (d) cried over spilt milk

**Direction(Qs.99 & 100) :** *Find suitable preposition from the alternatives to fill in the blanks.*

**99.** Finally fortune smiled ........... the energetic boy.

(a) at (b) to (c) upon (d) with

**100.** The child has great fondness ............ modern toys.

(a) in (b) to (c) for (d) of

## চটপট উত্তরের বিশ্লেষণ

**1(b). 2(a). 3(d). 4(c). 5(c). 6(a). 7(c). 8(d). 9(c).10(b). 11(d). 12(d). 13(a). 14(a). 15(b). 16(a). 17(d). 18(c). 19(b). 20(c). 21(b). 22(c). 23(d). 24(d). 25(a). 26(c). 27(d). 28(c). 29(b). 30(a). 31(b). 32(b). 33(d). 34(b). 35(a). 36(a). 37(c). 38(d). 39(a). 40(a). 41(a).** নির্ণেয় সংখ্যা = 16, 20 ও 48 এর ল.সা.গু + 11 = 240 + 11 = 251. **42(b).** শর্টকাট ফর্মুলা : আসল টাকা = $\frac{2000 \times 100}{10 \times 5}$ = 4000 টাকা। **43(c).** মনে করি, P বালতির ধারণ ক্ষমতা x লিটার। তাহলে চৌবাচ্চার ধারণ ক্ষমতা = 60x লিটার। Q বালতির ধারণ ক্ষমতা = $\frac{x}{3}$ লিটার। প্রতিবারে জল ঢালা হয় = $x + \frac{x}{3} = \frac{4x}{3}$ লিটার। তাহলে $\frac{60x \times 3}{4x}$ = 45 বার জল ঢালতে হবে। **44(b).** শর্তানুসারে (15 + 10) = 25% = 100 টাকা। তাহলে 100% = $\frac{100}{25} \times 100$ = 400 টাকা। **45(c).** মনে করি, টিভির ক্রয়মূল্য = x টাকা। তাহলে রেডিওর ক্রয়মূল্য = (3000 – x) টাকা। তাহলে টিভির বিক্রয়মূল্য = $\frac{120x}{100}$, রেডিওর বিক্রয়মূল্য = $\frac{(3000 - x) \times 90}{100}$. তাহলে শর্তানুসারে, $\frac{120x}{100} + \frac{(3000 - x) \times 90}{100} = \frac{3000 \times 102}{100}$. সমাধান করে পাই, x = 1200. তাহলে টিভির ক্রয়মূল্য = 1200 টাকা। **46(d).** শর্তানুসারে, Z + Z + 5000 + Z + 9000 = 50000. তাহলে Z = 12000. তাহলে Y = 17000 ও X = 21000. তাহলে, X : Y : Z = 21000 : 17000 : 12000 = 21 : 17 : 12. তাহলে X-এর লভ্যাংশ 35000 × $\frac{21}{(21+17+12)}$ = 14,700 টাকা। **47(d).** শর্টকাট ফর্মুলা : নতুন আপেলের ওজন = (9 × 20) + 120 = 300 গ্রাম। **48(a).** মনে করি, 1 বছর আগে কন্যার বয়স = x বছর। তাহলে 1 বছর আগে রীনার বয়স = 4x বছর। শর্তানুসারে, 4x + 7 = x + 7 + 9. তাহলে x = 3, 4x = 12. তাহলে এখন বয়সের অনুপাত = (12 + 1) : (3 + 1) = 13 : 4. **49(b). 50(a).** মোট দাম = $\frac{28 \times 27 \times 1000}{16 \times 900}$ = 52.50 টাকা। **51(d). 52(a).** মনে করি, বরুণের নম্বর = x, তাহলে অরুণ = x + 9. তাহলে মোট নম্বর = x + x + 9 = 2x + 9. তাহলে শর্তানুসারে, $\frac{(2x + 9) \times 56}{100}$ = x + 9. সমাধান করে পাই, x = 33. অর্থাৎ, বরুণ = 33. তাহলে অরুণ = 33 + 9 = 42. **53(b).** বিক্রয় কমবে = $\frac{100 \times 100 - 90 \times 110}{100 \times 100} \times 100$ = 1%. **54(b).** X, 9 দিনে করে = $\frac{9}{12} = \frac{3}{4}$ অংশ। তাহলে বাকি থাকে = $1 - \frac{3}{4} = \frac{1}{4}$ অংশ। তাহলে Y ওই কাজ করবে = $\frac{27}{4} = 6\frac{3}{4}$ দিনে। **55(d). 56(c).** 23 দিয়ে 1056 কে ভাগ করলে ভাগশেষ থাকে 21. তাহলে নির্ণেয় সংখ্যা = 23 – 21 = 2. **57(a). 58(a).** সংখ্যাদু'টি হল = 3 × 4 = 12 ও 4 × 4 = 16. তাহলে 12 ও 16 এর ল.সা.গু = 48. **59(c).** নির্ণেয় সংখ্যাটি হবে (132 – 62), (237 – 132) ও (237 – 62) এর গ.সা.গু। তাহলে 70, 105 ও 175 এর গ.সা.গু = 35. **60(b). 61(d). 62(c). 63(b). 64(b). 65(b).** মোট রবিবার = 5, পাঠক সংখ্যা = 5 × 510 = 2550. অন্যান্য দিন = 25, পাঠক সংখ্যা = 25 × 240 = 6000. তাহলে দৈনিক গড় = $\frac{2550 + 6000}{30}$ = 285 জন। **66(b).** মনে করি, 10 বছর আগে P এর বয়স = x বছর। তাহলে Q এর বয়স = 2x বছর। শর্তানুসারে, $\frac{x + 10}{2x + 10} = \frac{3}{4}$. সমাধান করে পাই, x = 5. তাহলে এখন P + Q = 5 + 10 + 10 + 10 = 35 বছর। **67(c).** A + B = B + C + 13. তাহলে A – C = 13. **68(b).** মনে করি, অন্য সংখ্যাটি x. তাহলে $\frac{40 \times 15}{100} - \frac{25x}{100}$ = 2. সমাধান করে পাই, x = 16. **69(c).** মোট ভোট = 1136 + 7636 + 11628 = 20400. তাহলে নির্ণেয় শতাংশ = $\frac{11628}{20400} \times 100$ = 57%. **70(c).** ক্রয়মূল্য 25 টাকা হলে বিক্রয়মূল্য = 100. তাহলে লাভ% = $\frac{100 - 25}{25} \times 100$ = 300%.

**71(a). 72(b). 73(a). 74(b). 75(c). 76(a). 77(a). 78(a). 79(c). 80(c). 81(b). 82(c). 83(c). 84(c). 85(d). 86(a). 87(d). 88(d). 89(b). 90(d). 91(a). 92(a). 93(c). 94(b). 95(b). 96(c). 97(c). 98(b). 99(c). 100(c).**

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# সাধারণ জ্ঞান

এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এই বিষয়টি নিয়ে সব ছেলেমেয়েরাই যতটা গুরুত্ব দেওয়া উচিত ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা একপ্রকার অসম্ভব। এই সমস্যার সমাধান করতে এবার থেকে আমরা সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে সম্পূর্ণ নতুনভাবে চাকরির উপযোগী সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দিচ্ছি।

## সাধারণ বিজ্ঞান

### জীববিদ্যা

১। কোন উভচর প্রাণী উড়তে পারে — র‍্যাকোফোরাস।

২। পরিবেশের সঙ্গে জীবের খাপ খাওয়ানোর ধর্মকে কী বলে — অভিযোজন।

৩। পাখির দেহে তৈলগ্রন্থি কোথায় থাকে — পায়ু ছিদ্রের ওপরে।

৪। মরুভূমির উদ্ভিদকে কী বলে — জাঙ্গল উদ্ভিদ।

৫। মানবদেহে কোন খনিজ পদার্থের অভাবে গলগণ্ড রোগ হয় — আয়োডিন।

### পদার্থবিদ্যা

৬। ১৮০৩ সালে কে প্রথম পদার্থের



আণবিক তত্ত্ব ব্যাখ্যা করেন — জন ডালটন।

৭। কোন পর্যায়ের সবগুলি মৌলই তেজস্ক্রিয় — সপ্তম পর্যায়ের।

৮। মোলার আয়তনের মান কীসের ওপর নির্ভরশীল — গ্যাসের চাপ ও উষ্ণতার ওপর।

৯। ধাতব পরিবাহীতে তড়িতের বাহক কী — মুক্ত ইলেক্ট্রন।

১০। তড়িৎ পরিবাহীতার একক কী — সিমেন্স।

### রসায়ন

১১। কোন প্রকার সার, জলে মিশলে শিশুদের ক্ষেত্রে 'মিথেমোগ্লোবিনেমিয়া' রোগের সৃষ্টি করে — নাইট্রেট জাতীয় রাসায়নিক সার।

১২। প্ল্যাটিনাম, হাইড্রোজেনকে শুষে নিলে তাকে কী বলে — অন্তর্ধৃতি।

১৩। আয়োডাইজড খাদ্যলবণে আয়োডিনের কোন যৌগ থাকে — পটাশিয়াম আয়োডাইট।

১৪। ভিজে কোবাল্ট ক্লোরাইড কাগজের রং কী — গোলাপি।

১৫। ক্লোরিন গ্যাস গ্রহণে কী রোগ হতে পারে — কনজাংটিভাইটিস।

## ইতিহাস

### ভারতের ইতিহাস

১৬। দক্ষিণ ভারতে অন্ধভৃত্য কাদের বলা হত — সাতবাহনদের।

১৭। 'মৃচ্ছকটিকম' গ্রন্থটি কার লেখা — শূদ্রক।

১৮। বর্ধমান জেলার 'পাণ্ডুরাজার ঢিপি' কোন যুগের চিহ্ন — তাম্র-প্রস্তর যুগের।

১৯। চৌহানরা কোথায় রাজত্ব করতেন — পূর্ব রাজস্থানে।

২০। চোলদের রাজধানী কোথায় ছিল — তাঞ্জোর।

### ভারতের স্বাধীনতা সংগ্রাম


২১। ১৮৫৭ সালের বিদ্রোহকে 'স্বাধীনতার প্রথম সংগ্রাম' কে বলেন — প্রখ্যাত বিপ্লবী বিনায়ক দামোদর সাভারকর।

২২। ভারতের মহাবিদ্রোহ থেকে কারা দূরে ছিলেন — ভারতের উচ্চ ও মধ্যবিত্ত শ্রেণি।

২৩। কংগ্রেসের সুরাত অধিবেশন কবে হয় — ১৯০৭ সালে।

২৪। ব্রিটিশ সরকার যে ভারতের সম্পদ শোষণ করছে, সেই তত্ত্ব কারা প্রচার করেন — দাদাভাই নওরোজী ও রমেশচন্দ্র দত্ত।

২৫। 'সুলভ সমাচার' পত্রিকার সম্পাদক



কে ছিলেন — কেশবচন্দ্র সেন।

## ভূগোল

### ভারতের ভূগোল

২৬। এশিয়া মহাদেশের বৃহত্তম বায়ু বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র কোথায় আছে — গুজরাতের লাম্বাতে।

২৭। কোন দু'টি নদী মিশে রূপনারায়ণ নদী তৈরি হয়েছে — দ্বারকেশ্বর ও শিলাবতী (শিলাই)।

২৮। ভারতের কালো মাটি অঞ্চলে প্রধান কোন খাদ্যশস্য জন্মায় — জোয়ার।

২৯। 'লুনী নদী'র উৎপত্তিস্থল কোথায় — আনা সাগর হ্রদ।

৩০। 'বিষুব' কথাটির অর্থ কী — সমান।

### আন্তর্জাতিক ভূগোল

৩১। 'থোরা' কী — যুগোশ্লাভিয়া থেকে আড্রিয়াটিক উপকূলে প্রবাহিত স্থানীয় বায়ু।

৩২। 'প্যাটাগোনিয়া' মালভূমি কোন দেশে আছে — আর্জেন্টিনা।

৩৩। আমাজন অববাহিকায় যে বনভূমি দেখা যায়, তাকে কী বলে — সেলভা।

৩৪। ইকুয়েডরের মালভূমিকে কোন দু'টি পর্বত বেষ্টন করে আছে — ওরিয়েন্টাল ও অক্সিডেন্টাল।

৩৫। বুয়েনস আয়ার্স শহরটি কবে, কারা গড়ে তোলেন — ১৫৩৫ সালে স্পেনীয়রা।

## অর্থনীতি

৩৬। 'রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া' সম্প্রতি কোন ব্যাঙ্ককে ১.৫০ কোটি টাকা জরিমানা করল — কর্পোরেশন ব্যাঙ্ক।

৩৭। 'গুগল'এর মূল সংস্থা 'অ্যালফাবেট'এর চিফ এক্সিকিউটিভ



অফিসার এখন কে — সুন্দর পিচাই।

৩৮। ভারতীয় স্টেট ব্যাঙ্ক সম্প্রতি, ইউটিআই মিউচ্যুয়াল ফান্ডে তাদের কত শতাংশ অংশীদারিত্ব বিক্রি করে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে — ৮.৫%।

৩৯। কোন সংস্থা সম্প্রতি 'মাই হেলথ উওম্যান সুরক্ষা পলিসি' চালু করেছে — এইচডিএফসি ইআরজিও।

৪০। ভারতের কোন রাজ্যের বুনিয়াদি বিকাশের জন্য, 'এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক' (ADB) সম্প্রতি ২০৬ মিলিয়ন আমেরিকান ডলারের অনুমোদন দিয়েছে — তামিলনাড়ু।

৪১। ভারতে প্রথম কোন রাজ্যে সম্প্রতি 'পশু কিষাণ ক্রেডিট কার্ড' চালু হয়েছে — হরিয়ানা।

## রাষ্ট্রনীতি

৪২। ভারত সরকারে 'মানবাধিকার রক্ষা আইন' কবে পাস হয় — ১৯৯৩ সালে।

৪৩। 'সম্মিলিত জাতিপুঞ্জের ঘোষণা' আর কী নামে পরিচিত — ওয়াশিংটন ঘোষণা।

৪৪। রাজ্যসভায় কে সভাপতিত্ব করেন — উপরাষ্ট্রপতি।

৪৫। রাজ্যসভার সদস্য হতে হলে প্রার্থীকে অবশ্যই কত বছর বয়স্ক হতে হবে — ৩০ বছর।

৪৬। ভারতের কোন ২ সর্বোচ্চ পদে প্রার্থী হতে হলে ন্যূনতম ৩৫ বছর বয়স হতে হবে — রাষ্ট্রপতি ও উপরাষ্ট্রপতি।

৪৭। ভারতের প্রথম উপরাষ্ট্রপতি কে — ড. সর্বপল্লী রাধাকৃষ্ণন।

## সাম্প্রতিক ঘটনা

৪৮। ২০১৯ সালে কে 'কর্মবীর চক্র অ্যাওয়ার্ড ও রেক্স কর্মবীর গ্লোবাল ফেলোশিপ' পেলেন — রাহুল অধিকারী।

৪৯। 'ইউনিসেফ'এর তরফ থেকে কে সম্প্রতি 'ড্যানি কায়ে হিউম্যানেটেরিয়ান



পুরস্কার' পেলেন — অভিনেত্রী প্রিয়াঙ্কা চোপড়া।

৫০। 'The Legacy of Militancy in Punjab : Long Road to Normalcy' বইটির লেখক কারা — ডোনা সুরি ও ইন্দরজিৎ সিং জইজে।

৫১। ভারতের প্রথম সামুদ্রিক জাদুঘর কোন রাজ্যের কোন শহরে গড়ে উঠতে চলেছে — গুজরাতের লোথাল।

৫২। ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি যমুনার জল বিক্রি করতে সমঝোতা চুক্তি স্বাক্ষর করল — হিমাচল প্রদেশ (তাজেওয়ালা করিডরে, রাজ্যের অংশ থেকে এই জল বিক্রি করবে হিমাচল প্রদেশ সরকার। জল বিক্রি করে বছরে ২১ কোটি টাকা আয় করবে রাজ্য সরকার)।

৫৩। আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের কম্যান্ডার-ইন-চিফ এখন কে — লেফটেন্যান্ট জেনারেল পোদালি শঙ্কর রাজেশ্বর।

৫৪। কে সম্প্রতি চাঁদের মাটিতে খোয়া যাওয়া 'চন্দ্রযান-২'এর ল্যান্ডার বিক্রমের ধ্বংসাবশেষ খুঁজে পেয়েছেন — চেন্নাইয়ের বাসিন্দা ৩৩ বছর বয়সি মেকানিক্যাল ইঞ্জিনিয়ার সন্মুগম সুব্রহ্মণ্যম।

৫৫। কোন দেশ সম্প্রতি 'জি-২০' ফোরামের সভাপতির পদ পেল — সৌদি আরব (১৯ সদস্য ও ইউরোপীয় ইউনিয়নের এই জোট এবারই প্রথম কোনো আরব দেশকে সভাপতির পদ দিল। এর আগে এই দায়িত্বে ছিল জাপান)।

৫৬। কে সম্প্রতি সর্বসম্মতিক্রমে 'এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক'এর (ADB) প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছেন — মাসাতসুগু আসাকাওয়া।

৫৭। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রকের তরফ থেকে প্রকাশিত, দেশের ১০টি সেরা পুলিশ স্টেশনের তালিকায় কোন পুলিশ স্টেশন শীর্ষস্থানে রয়েছে — আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের আবেরদিন পুলিশ স্টেশন।

৫৮। 'ইন্টারন্যাশনাল সিভিল অ্যাভিয়েশন ডে' কবে পালিত হয় — ৭ ডিসেম্বর।

৫৯। সম্প্রতি প্রকাশিত 'Kaleshwaram project : Telangana's Chariot of Progress' বইটির লেখক কে — শ্রীধর রাও দেশপাণ্ডে।

৬০। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রকের সিনিয়র সিকিউরিটি অ্যাডভাইজর এখন কে — কে.বিজয় কুমার।

৬১। ব্রিটেন ভিত্তিক টেক রিসার্চ ফার্ম 'কম্প্যারিটেক'এর রিপোর্ট অনুযায়ী, বায়োমেট্রিক ব্যবহারের দিক থেকে ভারত কত তম স্থানে রয়েছে — পঞ্চম।

৬২। প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসনের জন্য, ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি 'ন্যাশনাল অ্যাওয়ার্ড অফ এক্সেলেন্স' পেল — উত্তর প্রদেশ।

৬৩। পাক-ই-স্তানের প্রধান বিচারপতি কে হতে চলেছেন — গুলজার আহমেদ (২১ ডিসেম্বর শপথ নেবেন তিনি)।

৬৪। ২০১৯ সালে বিশ্বের কোন শহরে 'নর্থ আতলান্তিক ট্রিটি অর্গানাইজেশন' (NATO) সামিট অনুষ্ঠিত হয়েছে — লন্ডন।

৬৫। 'ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ'এর (NSE) চেয়ারম্যান এখন কে — গিরিশ চন্দ্র চতুর্বেদী।

৬৬। ২০১৯ সালে কোন দেশের কোন শহরে সপ্তম 'ওপেক অ্যান্ড নন-ওপেক মিনিস্ট্রিয়াল মিটিং' অনুষ্ঠিত হয়েছে — অস্ট্রিয়ার ভিয়েনা।

৬৭। ২০১৯ সালে কে মরণোত্তর 'জাতীয় ফ্লোরেন্স নাইটিঙ্গেল পুরস্কার' পেলেন — কেরালার প্রয়াত নার্স লিনি পুথুসেরি ('নিপা ভাইরাস'এ আক্রান্ত হয়ে মারা গিয়েছিলেন লিনি। তাঁর হয়ে প্রেসিডেন্ট রামনাথ কোবিন্দের হাত থেকে পুরস্কার নেন লিনির স্বামী সাজিশ পুথুর)।

৬৮। ভারতের কোন রাজ্যে সম্প্রতি 'অবন্তী মেগা ফুড পার্ক' চালু হয়েছে — মধ্য প্রদেশ (এটি মধ্য ভারতের প্রথম ফুড পার্ক)।

৬৯। কোন সংস্থা সম্প্রতি অস্ট্রেলিয়ার মেলবোর্নে 'সাইবার ডিফেন্স সেন্টার' চালু করার কথা ঘোষণা করেছে — উইপ্রো।

৭০। ২০১৯ সালে ভারতের কোন রাজ্যে 'গ্লোবাল ভেঞ্চার ক্যাপিটাল সামিট' অনুষ্ঠিত হয়েছে — গোয়া।

৭১। সম্প্রতি 'Borderman' নামে বার্ষিক পত্রিকা কে প্রকাশ করেছেন — নিত্যানন্দ রাই।

৭২। ২০১৯ সালে কোন দেশে 'গ্লোবাল মাইগ্রেশন ফিল্ম ফেস্টিভ্যাল' অনুষ্ঠিত হয়েছে — বাংলাদেশ।

৭৩। ২০১৯ সালে কোন সংস্থা 'বিশ্ব ম্যালেরিয়া রিপোর্ট' প্রকাশ করেছে — ওয়ার্ল্ড হেলথ অর্গানাইজেশন (WHO)।

৭৪। ২০১৯ সালে কোন অ্যাপস 'পার্সোনাল গ্রোথ' বিভাগে 'গুগল প্লে'এর 'সেরা অ্যাপস'এর শিরোপা পেল — অভিনেত্রী শিল্পা শেট্টির ফিটনেস অ্যাপ 'শিল্পা শেট্টি অ্যাপ'।

৭৫। ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি 'মধু' নামে ই-লার্নিং মোবাইল ফোন অ্যাপস চালু করেছে — ওড়িশা।

৭৬। ২০১৯ সালে কে মরণোত্তর 'ইকোনমিক টাইমস জীবনকৃতি সম্মান' পেলেন — ভারতের প্রাক্তন অর্থমন্ত্রী অরুণ জেটলি।

৭৭। দিল্লির 'জওহরলাল নেহরু স্টেডিয়াম'এ আয়োজিত ৫০তম 'ফিট ইন্ডিয়া প্লগিং রান'এ কে সম্প্রতি 'প্লগিং অ্যাম্বাসাডর' হিসাবে নিযুক্ত হলেন — রিপু দামান বেভলি।

৭৮। ভারতের প্রথম 'জল গবেষণাগার' কোন শহরে তৈরি হতে চলেছে — দেরাদুন।

৭৯। ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি আইনজীবীদের জন্য 'YSR Law Nestham Scheme' চালু করেছে — অন্ধ্র প্রদেশ।

৮০। ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি 'কৃষক অ্যাসিস্ট্যান্স ফর লাইভলিহুড অ্যান্ড ইনকাম অগমেন্টেশন' (KALIA) প্রকল্পের সঙ্গে 'প্রধানমন্ত্রী কিষান সম্মান নিধি' (PM–Kisan) যোজনাকে একত্রিত করার সিদ্ধান্ত নিয়েছে — ওড়িশা।

## খেলাধুলা

৮১। আই.সি.সি টেস্ট র‍্যাঙ্কিং অনুযায়ী,



ব্যাটসম্যানদের তালিকায় কে শীর্ষস্থানে আছেন — বিরাট কোহলি।

৮২। কোন দল সম্প্রতি 'মেরিলিবোন ক্রিকেট ক্লাব'এর (MCC) 'স্পিরিট অফ ক্রিকেট' পুরস্কার পেল — নিউজিল্যান্ড।

৮৩। ক্যারোলিন ওজনিয়াকি সম্প্রতি টেনিস থেকে অবসর নেওয়ার সিদ্ধান্ত ঘোষণা করেছেন। তিনি কোন দেশের টেনিস তারকা — ডেনমার্ক।

৮৪। ২০২০ সালে ভারতের কোন শহর 'জাতীয় শিখ গেমস' আয়োজন করবে — নয়াদিল্লি।

৮৫। ভারতের কোন প্রাক্তন মহিলা ক্রিকেটার, প্রথম মহিলা হিসাবে পুরুষদের একদিনের আন্তর্জাতিক ম্যাচ রেফারির দায়িত্ব পালন করে নজির গড়েছেন — গান্দিকোটা সার্ভা লক্ষ্মী (সংযুক্ত আরব আমিরশাহিতে ওয়ার্ল্ড কাপ লিগ ২'এর তৃতীয় সিরিজের প্রথম খেলায় ম্যাচ রেফারির দায়িত্বে দেখা গিয়েছে তাঁকে)।

৮৬। কে সম্প্রতি শূন্য রান দিয়ে ৬টি উইকেট নিয়ে বিশ্বনজির গড়েছেন — নেপাল মহিলা দলের অলরাউন্ডার



অঞ্জলি চাঁদ (আজ পর্যন্ত কোনো আন্তর্জাতিক ক্রিকেট ম্যাচে এই ঘটনা ঘটেনি। সম্প্রতি 'সাউথ এশিয়ান গেমস'এ টোয়েন্টি-২০ ম্যাচে নেপালের পোখরায় মলদ্বীপের সঙ্গে ম্যাচে এই নজির গড়েন অঞ্জলি)।

সঙ্কলক : পলি দেওয়ান

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

গত সপ্তাহের পর

**৪ ডিসেম্বর :** সর্বসম্মতিক্রমে 'এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক'এর (ADB) প্রেসিডেন্ট নির্বাচিত হলেন মাসাতসুগু আসাকাওয়া।

☐ 'গুগল'এর মূল সংস্থা 'অ্যালফাবেট'এর চিফ এক্সিকিউটিভ অফিসার হলেন সুন্দর পিচাই।



ইংল্যান্ড ক্রিকেট দলের প্রাক্তন অধিনায়ক তথা সর্বকালের অন্যতম সেরা পেসার রবার্ট জর্জ ডাইলান উইলিস (৭০ বছর) মারা গেলেন।

☐ ব্রিটেনের রাজধানী লন্ডন শহরে সরকারিভাবে দ্বিতীয় ভাষার মর্যাদা পেল বাংলা। ইংরিজির পরেই সরকারিভাবে স্বীকৃত হল বাঙালির মাতৃভাষা।

**৫ ডিসেম্বর :** পাক-ই-স্তানের প্রধান বিচারপতি হচ্ছেন গুলজার আহমেদ।

☐ দেশের প্রতিটি থানায় উইমেন হেল্প ডেস্ক তৈরির সিদ্ধান্ত নিল কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রক। এজন্য প্রাথমিকভাবে ১০০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। 'নির্ভয়া তহবিল' থেকে এই অর্থ দেওয়া হবে।

☐ পৃথিবীর বৃহত্তম ভিগান ও নিরামিষ রেস্তরাঁ গাইড 'হ্যাপিকাউ'এর ভিগান শহরের তালিকার শীর্ষে জায়গা করে নিল লন্ডন। প্রসঙ্গত উল্লেখ্য, যাঁরা খাদ্যতালিকা থেকে প্রাণীজাত খাদ্যদ্রব্য, যেমন — মাছ, মাংস, ডিম ও দুগ্ধজাত পণ্য পুরোপুরি বাদ দিয়েছেন, তাঁদেরই মূলত ভিগান বলা হয়।

**৬ ডিসেম্বর :** কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রকের সিনিয়র সিকিউরিটি অ্যাডভাইজার হলেন কে.বিজয় কুমার।

☐ 'ইউনিসেফ'এর তরফ থেকে 'ড্যানি কায়ে হিউম্যানেটেরিয়ান পুরস্কার' পেলেন অভিনেত্রী প্রিয়াঙ্কা চোপড়া।

☐ ২০১৯ সালে মরণোত্তর 'জাতীয় ফ্লোরেন্স নাইটিঙ্গেল পুরস্কার' পেলেন কেরালার প্রয়াত নার্স লিনি পুথুসেরি। ২০১৮ সালে কেরালায় 'নিপা ভাইরাস'এ আক্রান্ত হয়ে মারা গিয়েছিলেন লিনি। তাঁর হয়ে প্রেসিডেন্ট রামনাথ কোবিন্দের হাত থেকে পুরস্কার নেন লিনির স্বামী সাজিশ পুথুর।

২০১৯ সালে 'পার্সোনাল গ্রোথ' বিভাগে 'গুগল প্লে'এর 'সেরা অ্যাপস'এর শিরোপা পেল অভিনেত্রী শিল্পা শেট্টির ফিটনেস অ্যাপ 'শিল্পা শেট্টি অ্যাপ'।



☐ প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসনের জন্য, 'ন্যাশনাল অ্যাওয়ার্ড অফ এক্সেলেন্স' পেল উত্তর প্রদেশ সরকার।

☐ অস্ট্রেলিয়ার মেলবোর্নে 'সাইবার ডিফেন্স সেন্টার (CDC)' চালু করার কথা ঘোষণা করল 'উইপ্রো'।

**৭ ডিসেম্বর :** 'ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ'এর (NSE) চেয়ারম্যান হলেন গিরিশ চন্দ্র চতুর্বেদী।

☐ দিল্লির 'জওহরলাল নেহরু স্টেডিয়াম'এ আয়োজিত ৫০তম 'ফিট ইন্ডিয়া প্লগিং রান'এ 'প্লগিং অ্যাম্বাসাডর' হিসাবে নিযুক্ত হলেন রিপু দামান বেভলি।

☐ মধ্য প্রদেশের দেওয়াসে চালু হল 'অবন্তী মেগা ফুড পার্ক'। এটি মধ্য ভারতের প্রথম ফুড পার্ক।

☐ ভারতের প্রথম 'পশু কিষান ক্রেডিট কার্ড' চালু করল হরিয়ানা সরকার।


**৮ ডিসেম্বর :** পৃথিবীর অন্যতম শীতল অঞ্চল, সাইবেরিয়ার ইয়াকুটস্কের বরফ ঢাকা প্রান্তরে খোঁজ মিলল ১৮,০০০ বছর আগের এক প্রাণীর। প্রায় অক্ষত অবস্থায় রয়েছে সেটি। তবে, সেটি কুকুর না শিয়াল শাবক, তা নিয়ে দ্বিধায় রয়েছেন বিজ্ঞানীরা। প্রাণীটির নাম রাখা হয়েছে 'ডোগার'। স্থানীয় ভাষায় যার অর্থ 'বন্ধু'। এর আগে এতটা অক্ষত অবস্থায় কোনো প্রাচীন প্রাণীর খোঁজ পাওয়া যায়নি।

এরপর ১৩ পাতায়

## কমন পেতে জরুরি তথ্য

প্রত্যেক সপ্তাহে বিশ্ব জুড়ে অনেক ঘটনা ঘটে, যা আগামী দিনে চাকরির পরীক্ষায় সাম্প্রতিক ঘটনার প্রশ্ন হিসাবে আসে। কিন্তু কোন কোন ঘটনা কমন আসবেই তা বুঝতে পরীক্ষার্থীদের কালঘাম ছুটে যায়। সেই উদ্দেশ্যে চালু হয়েছে এই নতুন বিভাগ।

# মিস ইউনিভার্স



৮ ডিসেম্বর, ৯০ জন প্রতিযোগীকে হেলায় হারিয়ে, প্রথাগত ভাবনা ভেঙে মার্কিন যুক্তরাষ্ট্রের জর্জিয়ার আটলান্টা শহরে 'টাইলার পেরি স্টুডিয়োস'এ অনুষ্ঠিত, 'মিস ইউনিভার্স ২০১৯'এর মুকুট ছিনিয়ে নিলেন দক্ষিণ আফ্রিকার ২৬ বছর বয়সি তরুণী জোজিবিনি তুনজি। তৈরি করলেন এক নতুন অনুপ্রেরণা। তিনি প্রমাণ করলেন বাহ্যিক সৌন্দর্য নয়, প্রাকৃতিক ও ব্যক্তিত্বের সৌন্দর্যই তাঁর জয়ের মূলমন্ত্র। একনজরে 'মিস ইউনিভার্স' প্রতিযোগিতার খুঁটিনাটি।

* 'মিস ইউনিভার্স' বার্ষিকভিত্তিতে আয়োজিত আন্তর্জাতিক সৌন্দর্য প্রতিযোগিতা। যা মার্কিন যুক্তরাষ্ট্রভিত্তিক 'মিস ইউনিভার্স সংস্থা'র মাধ্যমে পরিচালিত হয়।
* বিশ্বের বৃহত্তম সৌন্দর্য প্রতিযোগিতা এটি।
* ক্যালিফোর্নিয়ার, প্রতিষ্ঠিত পোশাক ও ক্যাটালিনা সুইমওয়্যার প্রস্তুতকারী প্রতিষ্ঠান 'প্যাসিফিক মিলস'এর উদ্যোগে, ১৯৫২ সালে প্রতিষ্ঠিত এই প্রতিযোগিতাটি এখনও পর্যন্ত নিয়মিতভাবে অনুষ্ঠিত হয়ে আসছে।
* এই সংস্থাটি ১৯৫১ সাল পর্যন্ত 'মিস আমেরিকা' প্রতিযোগিতার স্পনসর ছিল।
* ১৯৫১ সালে 'মিস আমেরিকা' বিজয়ী ইয়োলান্দে মার্গারেট বেতবেজে ফক্স 'ক্যাটালিনা সুইমওয়্যার' কর্তৃপক্ষের সুইমস্যুট পরতে আপত্তি জানান। এর প্রেক্ষাপটে 'প্যাসিফিক মিলস' কর্তৃপক্ষ তাঁকে এই প্রতিযোগিতা থেকে প্রত্যাহার করেন।
* 'প্যাসিফিক মিলস' প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে এই প্রতিযোগিতা 'মিস ইউনিভার্স অর্গানাইজেশন'এর মাধ্যমে সংগঠিত ও পরিচালিত হয়ে আসছে।
* 'মিস ইউনিভার্স অর্গানাইজেশন'এর প্রেসিডেন্ট এখন পলা শুগার্ট।
* ২০১৫ সালের অক্টোবর থেকে 'মিস ইউনিভার্স' প্রতিযোগিতার অফিসিয়াল সম্প্রচারক 'ফক্স'।
* ১৯৫২ সালে প্রথম 'মিস ইউনিভার্স' প্রতিযোগিতার আসর বসেছিল মার্কিন যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ার লং বিচ শহরে।
* ১৯৫২ সালে প্রথম 'মিস ইউনিভার্স'এর সম্মান পান ফিনল্যান্ডের আর্মি হেলেনা কুসেলা।
* ১৯৫৫ সালে প্রথমবারের মতো এই প্রতিযোগিতা টেলিভিশনে সরাসরি সম্প্রচার করা হয়।
* ১৯৬০ সাল থেকে সিবিএস কর্তৃপক্ষ 'মিস ইউএসএ' ও 'মিস ইউনিভার্স' প্রতিযোগিতা একত্রিত করে প্রচার করত। ১৯৬৫ সাল থেকে এই প্রতিযোগিতা আলাদাভাবে সম্প্রচারিত হয়।
* ৩০ বছরেরও বেশি সময় পরে ১৯৯৬ সালে 'আইটিটি কর্প'এর কাছ থেকে ডোনাল্ড ট্রাম্প এই প্রতিযোগিতাটি কিনে নেন।
* ২০১৯ সালে 'মিস ইউনিভার্স' প্রতিযোগিতা ৬৮ তম বছরে পদার্পণ করেছে।
* ২০১৫ সাল থেকে এই প্রতিযোগিতাটি হোস্ট করছেন মার্কিন যুক্তরাষ্ট্রের ব্রোডেরিক স্টিফেন হার্ভে (স্টিভ হার্ভে)।
* এই নিয়ে তৃতীয়বারের জন্য (১৯৭৮ ও ২০১৭ সালের পর) 'মিস ইউনিভার্স'এর খেতাব জিতলেন কোন দক্ষিণ আফ্রিকান সুন্দরী।
* অ্যাঙ্গোলার লায়লা লোপেজের পর (২০১১ সালে 'মিস ইউনিভার্স' হন তিনি) কৃষ্ণাঙ্গ মহিলা হিসাবে 'মিস ইউনিভার্স'এর সম্মান পেলেন জোজিবিনি।
* এবছর জোজিবিনির মাথায় সেরার মুকুট পরিয়ে দেন ২০১৮ সালের 'মিস ইউনিভার্স' ফিলিপিন্সের ক্যাটরিওনা গ্রে।
* এবছর 'মিস ইউনিভার্স' প্রতিযোগিতার মূল পর্বে বিশ্বের ৯০টি দেশের প্রতিযোগীরা অংশ নেন।
* ২০১২ সালের শুরুতে রূপান্তরকামী প্রতিযোগীদের এই প্রতিযোগিতায় অংশ নেওয়ার অনুমতি দেওয়া হয়েছে।
* ২০১৮ সালে স্পেনের অ্যাঞ্জেলা পোনচে প্রথম রূপান্তরকামী প্রতিযোগী হিসাবে 'মিস ইউনিভার্স' প্রতিযোগিতায় অংশ নেন।
* এবছর মায়ানমারের সোয়ে জিন টেট প্রথম সমকামী মহিলা হিসাবে 'মিস ইউনিভার্স' প্রতিযোগিতায় অংশ নেন।
* ২০১৯ সালে 'মিস ইউনিভার্স' প্রতিযোগিতায় ভারতের প্রতিনিধিত্ব করেছেন বর্তিকা সিং।
* ২০১৯ সালে প্রথমবারের মতো এই প্রতিযোগিতায় অংশ নেয় বাংলাদেশ ও ইকুয়েটোরিয়াল গিনি।
* ২০১৯ সালে এই প্রতিযোগিতা থেকে নাম তুলে নিয়েছে ঘানা, গ্রিস, গুয়াতেমালা, হাঙ্গেরি, কিরগিজস্তান, লেবানন, রাশিয়া, শ্রীলঙ্কা, সুইৎজারল্যান্ড ও জাম্বিয়া।
* ২০১৯ সালে আবার এই প্রতিযোগিতায় ফিরে এসেছে লিথুয়ানিয়া, রোমানিয়া, সিয়েরা লিওন ও তাঞ্জানিয়া।
* ২০১৯ সালে 'বেস্ট ন্যাশনাল কস্টিউম'এর সম্মান গেছে ফিলিপিন্সের গজিনি গানাডোসের ঝুলিতে।

### 'মিস ইউনিভার্স' বিজয়ীরা কী কী সুবিধা পেয়ে থাকেন

* 'মিস ইউনিভার্স' বিজয়ীকে ১ বছরের জন্য 'মিস ইউনিভার্স অর্গানাইজেশন'এর সঙ্গে চুক্তিবদ্ধ থাকতে হয়।
* বিজয়ীকে বিভিন্ন দেশে গিয়ে রোগ নিয়ন্ত্রণ, শান্তি ও এইডস সম্পর্কিত জনসচেতনতা বার্তা প্রচার করতে হয়।
* এগুলি ছাড়াও বিজয়ী পান নগদ অর্থ, 'নিউ ইয়র্ক ফিল্ম আকাদেমি'র বৃত্তি, মডেলিং পোর্টফোলিও, সৌন্দর্য পণ্য, পোশাক, জুতো।
* এছাড়াও এই প্রতিযোগিতার বিভিন্ন স্পন্সরদের কাছ থেকে স্টাইলিং, স্বাস্থ্যসেবা ও ফিটনেস পরিষেবা পেয়ে থাকেন।
* বিভিন্ন ফ্যাশন শো ও ওপনিং গালার মতো বিভিন্ন ইভেন্টে তিনি যেতে পারেন ও নিউ ইয়র্ক সিটি জুড়ে বিভিন্ন মডেলিংয়ের সুযোগ পান।


### যে দেশগুলি সবথেকে বেশিবার 'মিস ইউনিভার্স' বিজয়ী হয়েছে

* **মার্কিন যুক্তরাষ্ট্র :** ৮ বার। ১৯৫৪, ১৯৫৬, ১৯৬০, ১৯৬৭, ১৯৮০, ১৯৯৫, ১৯৯৭ ও ২০১২।
* **ভেনেজুয়েলা :** ৭ বার। ১৯৭৯, ১৯৮১, ১৯৮৬, ১৯৯৬, ২০০৮, ২০০৯ ও ২০১৩।
* **পুয়েের্তো রিকো :** ৫ বার। ১৯৭০, ১৯৮৫, ১৯৯৩, ২০০১ ও ২০০৬।
* **ফিলিপিন্স :** ৪ বার। ১৯৬৯, ১৯৭৩, ২০১৫ ও ২০১৮।
* **সুইডেন :** ৩ বার। ১৯৫৫, ১৯৬৬ ও ১৯৮৪।

### একনজরে ভারতীয় 'মিস ইউনিভার্স'রা

* ১৯৯৪ সালে প্রথম ভারতীয় হিসাবে 'মিস ইউনিভার্স'এর সম্মান পান সুস্মিতা সেন।
* ২০০০ সালে 'মিস ইউনিভার্স'এর সম্মান পান লারা দত্ত।






Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

১২ পাতার পর

☐ বিপর্যয় মোকাবিলায় বিশ্বের সেরা রেডিও ক্লাবের শিরোপা জিতে নিল 'ওয়েস্ট বেঙ্গল রেডিও ক্লাব'। পেল মার্কিন যুক্তরাষ্ট্রের 'দি অ্যামেচার রেডিও নিউজলাইন'এর 'ইন্টারন্যাশনাল নিউজমেকার অফ দ্য ইয়ার, ২০১৯' পুরস্কার। যা হ্যাম রেডিওর 'নোবেল' বলেই মনে করা হয়।



প্রথম ভারতীয় টেবল টেনিস খেলোয়াড় হিসাবে আই.টি.টি.এফ অনূর্ধ্ব-২১ পুরুষদের সিঙ্গলস চ্যালেঞ্জ সিরিজের খেতাব পেলেন মানব ঠক্কর।

☐ মেক্সিকান-মার্কিনি প্রতিপক্ষ অ্যান্ডি রুইজকে হারিয়ে, সৌদি আরবের মাটিতে হেভিওয়েট বক্সিংয়ে চ্যাম্পিয়ন হলেন ইংল্যান্ডের অ্যান্টনি জোশুয়া।

☐ শেষ ম্যাচে অস্ট্রেলিয়ার কাছে হেরেও ত্রিদেশীয় হকি প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হল ভারতের জুনিয়র মহিলা দল।

**৯ ডিসেম্বর** : সাইবার তদন্তে, দেশে দ্বিতীয় সেরার স্থান দখল করল কলকাতা পুলিশের সাইবার থানা। ন্যাসকমের গুরুগ্রাম সামিটে 'সিকিউরিটি কাউন্সিল অফ ইন্ডিয়া' র পক্ষ থেকে এই সম্মান দেওয়া হয়েছে।

☐ ডোপিং কেলেঙ্কারির জেরে, টোকিও অলিম্পিক থেকে শুরু করে, কাতারের ফুটবল বিশ্বকাপ, সব আন্তর্জাতিক খেলার ইভেন্ট থেকে রাশিয়াকে ৪ বছরের জন্য নির্বাসন দিল বিশ্ব ডোপ বিরোধী সংস্থা 'ওয়াডা'।

☐ ম্যাগনাস কার্লসেনকে হারিয়ে, গ্র্যান্ড চেজ ট্যুরের ফাইনালে চ্যাম্পিয়ন হলেন চিনের দিং লিরেন।

☐ অস্ট্রেলিয়ার জোহল ইয়ংগারকে ৬-৫ ব্যবধানে হারিয়ে, অস্ট্রেলিয়ায় 'রিভেনটন মাস্টার্স স্নুকার'এ চ্যাম্পিয়ন হলেন ভারতের সৌরভ কোঠারি। এই জয়ে অস্ট্রেলিয়ার সর্বোচ্চ পর্যায়ের স্নুকার প্রতিযোগিতায় প্রথম ভারতীয় হিসাবে খেতাব জয়ের কৃতিত্ব দেখালেন তিনি।

☐ নেপালকে ২-০ ব্যবধানে হারিয়ে, 'দক্ষিণ এশীয় গেমস'এ চ্যাম্পিয়ন হয়ে সোনার পদক পেল ভারত। এই নিয়ে টানা ৩ বার চ্যাম্পিয়ন হল ভারত।

**১০ ডিসেম্বর** : ব্রিটেনের বার্মিংহামে মাটির নীচ থেকে ১,৭০০ বছরের পুরনো রোমান আমলের ডিম উদ্ধার করলেন প্রত্নতাত্ত্বিকরা। এখনও অক্ষত অবস্থায় রয়েছে এই ডিম। প্রত্নতাত্ত্বিকরা ৪টি ডিম পেলেও খনন করতে গিয়ে ৩টি ভেঙে যায়।

☐ 'ন্যাশনাল অ্যান্টি ডোপিং সংস্থা'র (নাডা) প্রচারদূত হলেন অভিনেতা সুনীল শেট্টি।

☐ কানাডার বর্ষসেরা ক্রীড়াবিদ নির্বাচিত হলেন 'ইউএস ওপন' চ্যাম্পিয়ন বিয়াঙ্কা আন্দ্রেস্কু।

☐ ২০১৯ সালের 'গোল্ডেন টুইট'এর স্বীকৃতি পেল ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র দামোদরদাস মোদীর করা 'সবকা সাথ, সবকা বিকাশ, সবকা বিশ্বাস' টুইট। ২৩ মে লোকসভা ভোটের ফল ঘোষণার পর এই টুইটটি করেছিলেন প্রধানমন্ত্রী। টুইটটি ৪ লাখ ২০ হাজার লাইক পেয়েছে ও ১ লাখ ১৭ হাজার বার রি-টুইট হয়েছে।

☐ মাদ্রিদে, জলবায়ু সংক্রান্ত শীর্ষ সম্মেলন 'সিওপি-২৫'এ 'ক্লাইমেট চেঞ্জ পারফরমেন্স ইনডেক্স' (CCPI) প্রকাশিত হল। গ্রিন হাউস গ্যাসের নির্গমণের মাত্রা কমিয়ে এনে, এই প্রথম সেরা ১০টি দেশের তালিকায় স্থান পেল ভারত। ভারতের স্থান নবম।

**১১ ডিসেম্বর** : বিকাল ৩টে ২৫ মিনিটে শ্রীহরিকোটার সতীশ ধাওয়ান মহাকাশ গবেষণা কেন্দ্র থেকে মহাকাশে উড়ে গেল ভারতের গুপ্তচর উপগ্রহ 'মেঘনাদ'। সরকারি নাম 'রিস্যাট-২বিআর১'। ভারতের সীমান্তে ও বিশ্বের সর্বত্র নজরদারি চালাবে এই উপগ্রহ। উত্তর-পূর্ব সীমান্তে চিনা সেনাদের গতিবিধির ওপর রুটিনমাফিক নজরদারি চালাবে এটি। সেইসঙ্গে কাশ্মীর-সহ গোটা পাক-ই-স্তান সীমান্তেও কঠোর নজরদারি চালাবে। এই উপগ্রহে রয়েছে রিস্যাট এক্স-ব্যান্ডের সিন্থেটিক অ্যাপারচার রাডার, যা দিনে ও রাতে নির্ভুল ছবি তুলতে সক্ষম। একইসঙ্গে মহাকাশে পাড়ি দিয়েছে ইজরায়েল, ইতালি, জাপান ও মার্কিন যুক্তরাষ্ট্রের আরও ৯টি কৃত্রিম উপগ্রহ।

☐ জলবায়ু পরিবর্তনের মতো বিষয় নিয়ে বিশ্বব্যাপী সচেতনতা গড়ে তোলার স্বীকৃতি হিসাবে, ২০১৯ সালের 'টাইমস পার্সন অফ দ্য ইয়ার' মনোনীত হলেন সুইডিশ পরিবেশকর্মী গ্রেটা থুনবার্গ।

☐ দক্ষিণ আফ্রিকার নতুন ক্রিকেট ডিরেক্টর হলেন গ্রেম স্মিথ।

☞ এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

**বিশেষ বিজ্ঞপ্তি**

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

**সংশোধন**

গত ১৪ ডিসেম্বর সংখ্যার সাম্প্রতিক ঘটনাপ্রবাহে ১৩ নম্বর পৃষ্ঠার ২৭ নভেম্বর তারিখের 'ভারতের প্রথম চিফ অফ ডিফেন্স স্টাফ হলেন জেনারেল বিপিন রাওয়াত' খবরটি 'ভারতের প্রথম চিফ অফ ডিফেন্স স্টাফ হতে চলেছেন জেনারেল বিপিন রাওয়াত' পড়তে হবে।

## কোল ইন্ডিয়ায় ১,৩২৬ ট্রেনি

১ পাতার পর

মাইনিংয়ে (সিরিয়াল নং : 01) ২৮৮টি (জেনাঃ ১১৭, ই.ডব্লু.ইস. ২৯, তঃজাঃ ৪৩, তঃউঃজাঃ ২২, ও.বি.সি. ৭৭)। ইলেক্ট্রিক্যালে (সিরিয়াল নং : 02) ২১৮টি (জেনাঃ ৮৯, ই.ডব্লু.ইস. ২২, তঃজাঃ ৩২, তঃউঃজাঃ ১৬, ও.বি.সি. ৫৯)। মেকানিক্যালে (সিরিয়াল নং : 03) ২৫৮টি (জেনাঃ ৯৩, ই.ডব্লু.ইস. ২৬, তঃজাঃ ৪২, তঃউঃজাঃ ২৭, ও.বি.সি. ৭০)। সিভিলে (সিরিয়াল নং : 04) ৬৮টি (জেনাঃ ২২, ই.ডব্লু.ইস. ৭, তঃজাঃ ১৪, তঃউঃজাঃ ৬, ও.বি.সি. ১৯)।

**কোল প্রিপেরেশন** : মোট অন্তত ৬০% নম্বর পেয়ে কেমিক্যাল বা, মিনারেল ইঞ্জিনিয়ারিংয়ের সংশ্লিষ্ট শাখার ডিগ্রি (বি.ই. / বি. টেক. / বি.এসসি.-ইঞ্জিনিয়ারিং) কোর্স পাশরা সংশ্লিষ্ট শাখার জন্য আবেদন করতে পারেন। শূন্যপদ : ২৮টি (জেনাঃ ১১, ই.ডব্লু.ইস. ২, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ৭)। সিরিয়াল নং : 05.

**সিস্টেম** : মোট অন্তত ৬০% নম্বর পেয়ে কম্পিউটার সায়েন্স / কম্পিউটার ইঞ্জিনিয়ারিং /ইনফর্মেশন টেকনোলজির ডিগ্রি (বি.ই. / বি.টেক. / বি.এসসি. - ইঞ্জিনিয়ারিং) কোর্স পাশরা আবেদন করতে পারেন। মোট অন্তত ৬০% নম্বর পেয়ে এম.সি.এ. কোর্স পাশরাও আবেদনের যোগ্য। শূন্যপদ : ৪৬টি (জেনাঃ ১৮, ই.ডব্লু.ইস. ৫, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ১৩)।। সিরিয়াল নং : 06.

**মেটেরিয়াল ম্যানেজমেন্ট** : ইলেক্ট্রিক্যাল বা, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে এম.বি.এ. বা, ম্যানেজমেন্টের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। শূন্যপদ : ২৮টি (জেনাঃ ১২, ই.ডব্লু.ইস. ২, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৮)। সিরিয়াল নং : 7.

**ফিনান্স অ্যান্ড অ্যাকাউন্টস** : চার্টার্ড অ্যাকাউন্ট্যান্সি বা, কস্ট অ্যাকাউন্ট্যান্সি কোর্স পাশরা আবেদন করতে পারেন। শূন্যপদ : ২৫৪টি (জেনাঃ ৭০, ই.ডব্লু.ইস. ২৫, তঃজাঃ ৩৮, তঃউঃজাঃ ৫২, ও.বি.সি. ৬৮)। সিরিয়াল নং : 8.

**পার্সোনেল অ্যান্ড এইচ. আর.** : যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা এইচ. আর. /ইন্ডাস্ট্রিয়াল রিলেশন্স /পার্সোনেল ম্যানেজমেন্ট স্পেশালাইজেশন হিসাবে নিয়ে ম্যানেজমেন্টের পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি, পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। এইচ.আর. স্পেশালাইজেশন হিসাবে সোশ্যাল ওয়ার্কের মাস্টার ডিগ্রি বা, এম.বি.এ. কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলেও যোগ্য। শূন্যপদ : ৮৯টি (জেনাঃ ৩৫, ই.ডব্লু.ইস. ৮, তঃজাঃ ১৪, তঃউঃজাঃ ৮, ও.বি.সি. ২৪)। সিরিয়াল নং : 9.

**মার্কেটিং অ্যান্ড সেলস** : যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা মার্কেটিং (মেজর) স্পেশালাইজেশন বিষয় হিসাবে নিয়ে ম্যানেজমেন্টের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা বা, এম.বি.এ. কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শূন্যপদ : ২৩টি (জেনাঃ ৭, ই.ডব্লু.ইস. ২, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৯)। সিরিয়াল নং : 10.

**কমিউনিটি অ্যান্ড ডেভেলপমেন্ট** : মোট অন্তত ৬০% নম্বর পেয়ে কমিউনিটি ডেভেলপমেন্ট, রুরাল ডেভেলপমেন্ট, কমিউনিটি অর্গানাইজেশন অ্যান্ড ডেভেলপমেন্ট প্র্যাক্টিস, আর্বান অ্যান্ড রুরাল কমিউনিটি ডেভেলপমেন্ট, রুরাল অ্যান্ড ট্রাইবাল ডেভেলপমেন্ট, ডেভেলপমেন্ট ম্যানেজমেন্ট বা, রুরাল ম্যানেজমেন্টের পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি বা, পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ২৬টি (জেনাঃ ১১, ই.ডব্লু.ইস. ৩, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৭)। সিরিয়াল নং : 11.

ওপরের সব ক্ষেত্রেই শিক্ষাগত যোগ্যতার শতকরা হারে তপশিলী ও প্রতিবন্ধীরা ৫% নম্বরে ছাড় পাবেন। এবছরের ফাইনাল পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য। তবে তাঁদের বেলায় ইন্টারভিউয়ের সময় পাশ মার্কশীট দেখাতে হবে। বয়স হতে হবে ১-৪-২০২০'র হিসাবে ৩০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর আর প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : 01/2019.

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। ৩ ঘন্টার পরীক্ষায় ২টি পেপার থাকবে। প্রথম পেপারে মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে :জেনারেল অ্যাওয়ারনেস ও অ্যাপ্টিটিউড। দ্বিতীয় পেপারে মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে সংশ্লিষ্ট শাখার টেকনিক্যাল বিষয়ের ওপর। প্রতিটি পেপারে ১০০টি প্রশ্ন হবে ও ১০০ নম্বর থাকবে। পরীক্ষা হবে এইসব কেন্দ্রে : কলকাতা, রাঁচী, ভুবনেশ্বর, গুয়াহাটিতে। লিখিত পরীক্ষায় প্রতিটি পেপারে ৪০% (ও.বি.সি. হলে ৩৫%, তপশিলী ও প্রতিবন্ধী হলে ৩০%) নম্বর পেলে সফল হবেন। সফল হলে মোট শূন্যপদের ৩ গুণ প্রার্থীকে ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে। কল লেটার ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন।

দরখাস্ত করবেন অনলাইনে, ২১ ডিসেম্বর থেকে ১৯ জানুয়ারি পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.coalindia.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে। কোনো অসুবিধা হলে ফোন করুন এই নম্বরে : 022-68202715.

## ১৫৮ নার্স ও স্টেনো

১ পাতার পর

তঃউঃজাঃ ১২)। পোস্ট কোড : ২১২০১৯.

**স্টেনোগ্রাফার গ্রেড-।।** : উচ্চমাধ্যমিক পাশরা ইংরিজি শর্টহ্যান্ডে মিনিটে অন্তত ৮০টি শব্দ তোলার গতি থাকলে আবেদন করতে পারেন। কম্পিউটারে ট্রান্সক্রিপশনে দক্ষতা থাকতে হবে। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৫,৫০০ টাকা। শূন্যপদ : ৮টি (জেনাঃ ৩, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। পোস্ট কোড : ২৫২০১৯.

দুই ক্ষেত্রেই বয়স হতে হবে ২৭-১-২০২০'এর হিসাবে। তপশিলী, ও.বি.সি.'রা যথারীতি বয়সে ছাড় পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : JIPAdmn-I/KKL/DR/1(1)/2019, Date: 21.12.2019.

দরখাস্ত করবেন অনলাইনে, ২৭ জানুয়ারি পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.jipmer.edu.in আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

বেরিয়েছে **শিলাদিত্য** ডিসেম্বর ২০১৯


**স্মরণ**

কবি, সাহিত্যিক নবনীতা দেব সেন ছিলেন ভ্রমণে আগ্রহী। অসুস্থ শরীর নিয়েও তিনি বেরিয়ে পড়েছেন। যা দেখেছেন তার অনেকটাই লেখার মাধ্যমে উপহার দিয়েছেন পাঠকদের।

শীতের শুরুতেই ছুটি নিলেন তিনি। গেলেন এমন এক জায়গায় যেখান থেকে আর ফেরা যায় না। থেকে যাবেন তাঁর অসংখ্য অনুরাগীর মনের মণিকোঠায়।

শিলাদিত্য পত্রিকা তাঁকে স্মরণ করেছে দু'টি লেখার মাধ্যমে। 'রসসুন্দরী' লিখেছেন শংকরলাল ভট্টাচার্য। অন্তরঙ্গ শব্দে রয়েছে তাঁর বর্ণময় জীবনের টুকরো কিছু কথা।

আলপনা ঘোষ লিখেছেন 'ভালো-বাসার বারান্দা'। যেখানে সব মানুষকে কাছের করে নিতে পারতেন নবনীতা। টুকরো স্মৃতিচারণে সেইসব মুহূর্তের কথা বলা হয়েছে।



Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com  Join http://t.me/BanglaJobGuide  http://t.me/BangoSongbad



সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

## পাব্লিক সার্ভিসের

■ *পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের ক্লার্কশিপ পরীক্ষা কবে হবে? পার্ট-। ও পার্ট-।। পরীক্ষা কি একই দিনে হবে? নেগেটিভ মার্কিং আছে কি? — পিয়ালী চক্রবর্তী, ব্যারাকপুর, উত্তর ২৪ পরগনা। সঞ্জয় ওঁরাও, ৯১, অন্দরান কুচলিবাড়ি, কোচবিহার।*

■■ ক্লার্কশিপ পার্ট-। পরীক্ষা হবে ২৫ জানুয়ারি। এই পরীক্ষায় সফল হলে পার্ট -।। পরীক্ষা। পার্ট-। পরীক্ষার ফল বেরোলে তবেই পার্ট-।। পরীক্ষা হবে। হ্যাঁ, নেগেটিভ মার্কিং আছে।

■ *২০১৯ সালের মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষা কবে হবে? — মৌমিতা দাস, মধ্যমগ্রাম, উত্তর ২৪ পরগনা।*

■■ মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষা হবে ৮ মার্চ।

■ *পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের কী কী পরীক্ষা সামনে আছে? — অরিজিৎ ঘোষ, ঘোলা, সোদপুর। পিযুস বিশ্বাস, বনগাঁও, উত্তর ২৪ পরগনা।*

■■ পি.এস.সি.'র যে যে পরীক্ষা সামনে আছে — (ক) ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট অফিসার পদের পরীক্ষা ২২ ডিসেম্বর, ক্লিনিক্যাল ইন্সট্রাক্টর পদের পরীক্ষা ২৯ ডিসেম্বর। ২০১৮ সালের ওয়ার্ক্স অ্যাকাউন্ট্যান্ট মেন পরীক্ষা ১১ জানুয়ারি। ক্লার্কশিপ পরীক্ষা ২৫ জানুয়ারি। ডব্লু.বি.সি.এস. প্রিলি. পরীক্ষা ৯ ফেব্রুয়ারি। ২০১৯ সালের পশ্চিমবঙ্গ অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিস প্রিলিমিনারি পরীক্ষা ১৬ ফেব্রুয়ারি। ২০১৮ সালের পশ্চিমবঙ্গ অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিস মেন পরীক্ষা ২০ ফেব্রুয়ারি থেকে ২৬ ফেব্রুয়ারি। মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষা ৮ মার্চ।

■ *উচ্চমাধ্যমিকে ৬১% নম্বর পেয়েছি। ইতিহাস, রাষ্ট্রবিজ্ঞান ও এডুকেশন বিষয়ে বি.এ. পাশ করেছি। ডব্লু.বি.সি.এস. পরীক্ষা দিতে চাই। কোন কোন গ্রুপের পরীক্ষা দিতে পারব? কখন বিজ্ঞপ্তি বেরোবে? — শুভজিৎ দত্ত, অশোকনগর, সেনডাঙ্গা, উত্তর ২৪ পরগনা।*

■■ ডব্লু.বি.সি.এস. পরীক্ষার জন্য যেকোনো শাখার গ্র্যাজুয়েট হতে হবে। আপনি চারটি গ্রুপের জন্যই আবেদন করতে পারবেন। তবে 'বি' গ্রুপের বেলায় শারীরিক মাপজোখ দেখা হয়। ডব্লু.বি.সি.এস. পরীক্ষার বিজ্ঞপ্তি বেরোয় নভেম্বর মাস নাগাদ। পরীক্ষা হয় ফেব্রুয়ারিতে।

■ *আই.সি.ডি.এস. প্রিলিমিনারি পরীক্ষার ফল কবে বেরোবে? - প্রতিমা বিশ্বাস, হাবড়া, উত্তর ২৪ পরগনা।*

■■ প্রিলিমিনারি পরীক্ষার ফল বেরোবে আগামী বছর মার্চ মাস নাগাদ।

## ব্যাঙ্কে চাকরির

■ *কানাড়া ব্যাঙ্কের পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ব্যাঙ্কিং ফিনান্স কোর্সের বিজ্ঞপ্তি এবছর কখন বেরোবে?*

■■ এই বিভাগে নাম ঠিকানা উল্লেখ করে চিঠি লিখবেন। যাইহোক, এই কোর্সের বিজ্ঞপ্তি সাধারণত সেপ্টেম্বর-অক্টোবর মাস নাগাদ বেরোয়। তবে এবছর এই কোর্সে লোক নেওয়া হবে কিনা তা কানাড়া ব্যাঙ্ক কর্তৃপক্ষ সঠিকভাবে জানাতে পারেননি।

## পুলিশে চাকরির

■ *পশ্চিমবঙ্গ পুলিশের এক্সাইজের সাব-ইন্সপেক্টর ও অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা থাকা দরকার? — রাজীবুল ইসলাম, বিড়া, উত্তর ২৪ পরগনা।*

■■ রাজ্য সরকারের আবগারি দফতরে সাব-ইন্সপেক্টর ও লেডি সাব-ইন্সপেক্টর আর কনস্টেবল পদে লোক নেওয়া হয় পশ্চিমবঙ্গ পুলিশ রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে। যেকোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা সাব-ইন্সপেক্টর পদের জন্য আবেদন করতে পারেন। বয়স হতে হবে ২০ থেকে ২৭ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৭,১০০-৩৭,৬০০ টাকা ও গ্রেড পে ৩,৯০০ টাকা। প্রার্থী বাছাই হবে ৩টি ধাপে। প্রথমে হবে প্রিলিমিনারি লিখিত পরীক্ষা। ২০০ নম্বরের লিখিত পরীক্ষায় থাকবে এইসব বিষয় : (১) জেনারেল নলেজ অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স, (২) টেস্ট অফ ইংলিশ (বাংলা), (৩) ইংলিশ, (৪) এলিমেন্টারি ম্যাথমেটিক্স, (৫) রিজনিং। প্রতিটি পার্টে থাকবে ২০টি প্রশ্ন ও ৪০ নম্বর। সময় থাকবে দেড় ঘন্টা। প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে।

প্রিলিমিনারি পরীক্ষায় সফল হলে শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে। এরপর হবে ফাইনাল পরীক্ষা। এই পরীক্ষায় ৩টি পেপার থাকবে। প্রথম পেপারে থাকবে : জেনারেল স্টাডিজ অ্যান্ড অ্যারিথমেটিক - ১০০ নম্বর (জেনারেল স্টাডিজ ৫০ নম্বর, লজিক্যাল অ্যান্ড অ্যানালিটিক্যাল রিজনিং ২৫, অ্যারিথমেটিক ২৫ নম্বর)। প্রশ্ন হবে বাংলা, ইংরিজিতে। সময় ২ ঘন্টা। দ্বিতীয় পেপারে থাকবে ইংরিজি বিষয়। ৫০ নম্বরের ১ ঘন্টার পরীক্ষা। তৃতীয় পেপারে থাকবে বাংলা বিষয়। ৫০ নম্বরের ১ ঘন্টার পরীক্ষা। সফল হলে পার্সোন্যালিটি টেস্ট।

মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা এক্সাইজের কনস্টেবল পদের জন্য আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা ও গ্রেড পে ২,৬০০ টাকা। প্রার্থী বাছাই হবে ৩টি ধাপে। প্রথমে হবে প্রিলিমিনারি লিখিত পরীক্ষা। সফল হলে শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে। এরপর হবে ফাইনাল পরীক্ষা। ও ১০ নম্বরের ইন্টারভিউ।

## অন্যান্য চাকরির

■ *এন.এস.ও.ইউ. থেকে যদি রাষ্ট্রবিজ্ঞানের মাস্টার ডিগ্রি করি, তাহলে নেট, সেট, স্কুল সার্ভিস, আপার প্রাইমারির জন্য যোগ্য কি? — অভিজিৎ ভক্ত, নিউটাউন, গৌরাঙ্গনগর, কলকাতা-১৫৯।*

■■ এন.এস.ও.ইউ.-এর মাস্টার ডিগ্রি কোর্স রাজ্য ও কেন্দ্রীয় সরকারের সব চাকরির ক্ষেত্রেই গ্রহণযোগ্য।

## স্বাস্থ্য দফতরের

■ *রাজ্য স্বাস্থ্য দফতরে ফ্যাসিলিটি ম্যানেজার গ্রেড-।।। পদে ৮১৯টি শূন্যপদের জন্য দরখাস্ত করেছি। এই পদের প্রার্থী বাছাই কবে থেকে কীভাবে হবে? — অরুণ রুদ্র, সোনারপুর, দঃ ২৪ পরগনা। পার্থ নস্কর, তারকেশ্বর, হুগলি।*

■■ এই পদের জন্য যাঁরা দরখাস্ত করেছিলেন, তাঁদের উচ্চমাধ্যমিক ও ডিগ্রি কোর্সে পাওয়া নম্বর দেখে একটি তালিকা তৈরি করে ওই তালিকার ওপর দিক থেকে প্রার্থীদের সার্টিফিকেট ভেরিফিকেশনের জন্য ডাকা হয়েছে। এই ভেরিফিকেশন চলবে ১১ ডিসেম্বর পর্যন্ত। ৮,৪৮২ জন প্রার্থীকে সার্টিফিকেট ভেরিফিকেশনের জন্য ডাকা হয়েছে। স্বাস্থ্য দফতর সূত্রে জানা গেছে, সার্টিফিকেট ভেরিফিকেশনের পর অনেক প্রার্থীই ঠিকমতো প্রমাণপত্র দেখাতে না পারায় কিছু দরখাস্ত বাতিল হবে। তারপর একটি প্রিলিমিনারি স্ক্রিনিং টেস্ট নেওয়া হতে পারে। যদিও সার্টিফিকেট ভেরিফিকেশনের পরই ঠিক করা হবে স্ক্রিনিং টেস্ট হবে কিনা। খুব বেশি সংখ্যক প্রার্থী যদি বাতিল হয়, তাহলে উচ্চমাধ্যমিক ও ডিগ্রি কোর্সের নম্বর দেখে মেধা তালিকা অনুযায়ী ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে। মোট দরখাস্তকারীর সংখ্যা ছিল ২ লাখ ৬১ হাজার ৫৮৫টি।

## কোর্স ও ট্রেনিং

■ *পলিটেকনিকে ভরতির বিজ্ঞপ্তি কবে বেরোয়? — প্রতিমা মন্ডল, রানাঘাট, নদিয়া।*

■■ পলিটেকনিকে ভরতির জেক্সপো ও ভোকলেট পরীক্ষার ফর্ম দেওয়া হয় সাধারণত ফেব্রুয়ারি মাস নাগাদ। বিজ্ঞপ্তি বেরোলে বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.webscte.co.in

■ *পশ্চিমবঙ্গে প্রতি বছর ইঞ্জিনিয়ারিং জয়েন্টে কত জন প্রার্থী পরীক্ষা দেন? সীট সংখ্যা কত? — বিকাশ মুর্মু, হাসনাবাদ, উত্তর ২৪ পরগনা।*

■■ পশ্চিমবঙ্গে ইঞ্জিনিয়ারিং জয়েন্টে এবার দরখাস্ত নেওয়া হয়ে গেছে। এবার দরখাস্তকারীর সংখ্যা প্রায় ৯০ হাজারের কাছাকাছি। ২০১৯ সালে পরীক্ষার্থীর সংখ্যা ছিল ১ লাখ ১৩ হাজারের মতো।

■ *২০১৯-২০২১ শিক্ষাবর্ষে একইসঙ্গে রেগুলার মোডে এম.এসসি. ও ডিস্ট্যান্সে বি.এড. করলে দু'টি সার্টিফিকেটই একইসঙ্গে সব চাকরির ক্ষেত্রে দেখাতে পারব কি? উচ্চ প্রাথমিকের জন্য যদি এম.এসসি. ও বি.এড. দু'টি সার্টিফিকেটই দেখাই, তাহলে মান্য হবে কি? — রবিনা দাস, রায়গঞ্জ, উত্তর দিনাজপুর।*

■■ হ্যাঁ, একটি রেগুলারে ও আরেকটি ডিস্ট্যান্সে করলে সেই সার্টিফিকেট গ্রহণযোগ্য হবে।

■ *রাষ্ট্রবিজ্ঞানে এম.এ. পাশ। অনার্সে ২০০ নম্বরের ইতিহাস পাস বিষয়ে পড়েছি। এখন ডিস্ট্যান্সে ইতিহাস বিষয়ে এম.এ. করতে পারব কি? — পুজা দাস, ১০০, দুর্গাচরণ মিত্র স্ট্রিট, কলকাতা - ৬।*

■■ হ্যাঁ, পারবেন। রবীন্দ্রভারতী ও বর্ধমান বিশ্ববিদ্যালয়ের ডিস্ট্যান্স কোর্সে ভরতি সংক্রান্ত তথ্য দেখুন।

## স্কুল সার্ভিসের

■ *৫২% নম্বর পেয়ে সংস্কৃত বিষয়ে অনার্স করেছি। বি.এড. আছে। একাদশ ও দ্বাদশ শ্রেণির জন্য যোগ্য কি? — সৌনাভ ভট্টাচার্য, বালুরঘাট, দক্ষিণ দিনাজপুর।*

■■ না, পারবেন না। একাদশ ও দ্বাদশ শ্রেণির বেলায় মোট অন্তত ৫০% নম্বর পেয়ে পোস্ট-গ্র্যাজুয়েট হতে হবে। আপনি নবম ও দশম শ্রেণির জন্য যোগ্য।

■ *স্পেশাল বি.এড. পাশ করে থাকলে স্কুল সার্ভিসের কোন পরীক্ষা দিতে পারব? — নিরঞ্জন ওঁরাও, বালাসি, কোচবিহার।*

■■ আপার প্রাইমারি 'টেট' দিতে পারবেন।

■ *ফিজিক্যাল এডুকেশন বিষয় নিয়ে ডিগ্রি কোর্স পাশ করলে স্কুল সার্ভিসের কোন পরীক্ষা দিতে পারব? — মিঠুন বিশ্বাস, রানাঘাট, নদিয়া। রাহুল কর্মকার, রানাঘাট, নদিয়া।*

■■ ওপরের ওই যোগ্যতা ছাড়াও বি.এড. কোর্স পাশ হলে আপার প্রাইমারির 'টেট' দিতে পারবেন।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| কাটোয়া পুরসভায় মজদুর, দারোয়ান, পিওন | এইট পাশ | ১২ | ২১-১২-১৯ | www.katwamunicipality.info |
| উত্তর প্রদেশ মেট্রো রেলে জুনিয়র ইঞ্জিনিয়ার | ডিগ্রি ও ডিপ্লোমা | ১৮৩ | ২৩-১২-১৯ | www.upmetrorail.com |
| কলকাতা মেট্রো রেলে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক ও আই.টি.আই. | ১২৩ | ২৩-১২-১৯ | www.mtp.indianrailways.gov.in |
| পি.এস.সি.'র মাধ্যমে অডিট অফিসার | কমার্স গ্র্যাজুয়েট | ৭০ | ২৩-১২-১৯ | www.pscwbonline.gov.in |
| এইমস-এ নার্স | নার্সিংয়ের বি.এসসি. | ৩৭২ | ২৪-১২-১৯ | www.aiimsrishikesh.edu.in |
| রাজ্য পুলিশে স্টাফ অফিসার কাম ইন্সট্রাক্টর | গ্র্যাজুয়েট | ১২৫ | ২৪-১২-১৯ | www.wbpolice.gov.in |
| দক্ষিণ-পূর্ব রেলে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক ও আই.টি.আই | ১,১০৪ | ২৫-১২-১৯ | www.ner.indianrailways.gov.in |
| বিমানবাহিনীতে অফিসার | গ্র্যাজুয়েট | - | ৩০-১২-১৯ | www.careerairforce.cdac.in |
| রাজ্য সরকারে মোটর ভেহিক্যাল ইন্সপেক্টর | গ্র্যাজুয়েট | ১৯ | ৩০-১২-১৯ | www.pscwbonline.gov.in |
| দক্ষিণ রেলে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক ও আই.টি.আই | ১,২০৮ | ৩১-১২-১৯ | www.sr.indianrailways.gov.in |
| কলকাতা পুর নিগমে সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার | ডিগ্রি ও ডিপ্লোমা | ৮৯ | ৩১-১২-১৯ | www.mscwb.org |
| স্টিল অথরিটিতে অপারেটর কাম টেকনিশিয়ান | ডিপ্লোমা পাশ | ১৪৬ | ৩১-১২-১৯ | www.sail.co.in |
| ব্যারাকপুর ক্যান্টনমেন্ট বোর্ডে ক্লার্ক, শিক্ষক | মাধ্যমিক, উচ্চমাধ্যমিক | ১৬ | ৬-১-২০ | www.cbbarrackpore.org |
| পূর্ব উপকূল রেলে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক ও আই.টি.আই. | ১,২০৬ | ৬-১-২০ | www.rrcbbs.org.in |
| কেন্দ্রীয় সরকারে ক্লার্ক, অপারেটর | উচ্চমাধ্যমিক পাশ | - | ১০-১-২০ | www.ssc.nic.in |
| দিল্লি মেট্রো রেলে মেন্টেনার ইঞ্জিনিয়ার, ম্যানেজার | গ্র্যাজুয়েট, ডিপ্লোমা | ১,৪৯৩ | ১৩-১-২০ | www.delhimetrorail.com |
| ইনস্টিটিউট অফ উড সায়েন্স অ্যান্ড টেক-এ এম.টি.এস. | মাধ্যমিক পাশ | ১২ | ১৬-১-২০ | www.iwst.icfre.gov.in |

এই বিভাগে উত্তর পেতে হলে চিঠি লিখুন পোস্ট কার্ডে কিংবা ই-মেল করে। তাতে নিজের নাম-ঠিকানা ও ফোন নং লিখবেন। পোস্ট কার্ডে লিখলে ঠিকানার জায়গায় নিচের অংশটি কেটে আঠা দিয়ে সেঁটে দেবেন। জিজ্ঞাসা বিভাগের পরের শূন্যস্থানে কোন বিভাগের চিঠি (রেল, স্কুল সার্ভিস, ব্যাঙ্ক, পি.এস.সি. কোর্স কিনা) তা লিখে দেবেন। E-mail করবেন এই নম্বরে: **karmajiggasa@gmail.com** ই-মেল করলে নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করতে হবে।

**কর্মসংস্থান**
জিজ্ঞাসা বিভাগ
...........................
১২/৩/৪, জামির লেন
কলকাতা-৭০০ ০১৯

Banglajobguide.blogspot.com  Join http://t.me/BanglaJobGuide  http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## অর্ডন্যান্স ফ্যাক্টরিতে ১০৮

১ পাতার পর

২৩ ফিল্ড অ্যামিউনিশন ডিপোতে ৩২টি (জেনাঃ ১৯, ও.বি.সি. ১০, ই.ডব্লু.এস. ৩)। এর মধ্যে প্রতিবন্ধী ৩, প্রাঃসঃকঃ ৩, মেধাবী খেলোয়াড় ২।

**ফায়ারম্যান** : মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৫ (তপশিলী উপজাতি হলে ১৬২.৫) সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৮১.৫ সেমি ও ফুলিয়ে ৮৫ সেমি আর ওজন অন্তত ৫০ কেজি। বেসিক পে ১৯,৯০০-৬৩,২০০ টাকা। শূন্যপদ : ২২৩ অ্যাডভান্স বেস অর্ডন্যান্স ডিপোতে ১৩টি (জেনাঃ ৬, তঃজাঃ ৫, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১, মেধাবী খেলোয়াড় ১। ২৩ ফিল্ড অ্যামিউনিশন ডিপোতে ২২টি (জেনাঃ ৯, তঃজাঃ ৫, ও.বি.সি. ৬, ই.ডব্লু.এস. ২)। এর মধ্যে প্রতিবন্ধী ১, প্রাঃসঃকঃ ২, মেধাবী খেলোয়াড় ১।

**জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট** : উচ্চমাধ্যমিক পাশরা ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩৫ টি শব্দ তোলার গতি থাকলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। বেসিক পে ১৯,৯০০-৬৩,২০০ টাকা। শূন্যপদ : ২২৩ অ্যাডভান্স বেস অর্ডন্যান্স ডিপোতে ৭টি (জেনাঃ ৩, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)। ২৩ ফিল্ড অ্যামিউনিশন ডিপোতে ১টি (ই.ডব্লু.এস.)। ১৭ ফিল্ড অ্যামিউনিশন ডিপোতে ১টি (প্রাঃসঃকঃ)।

**মাল্টি টাস্কিং স্টাফ** : মাধ্যমিক পাশরা যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। বেসিক পে ১৮,০০০-৫৬,৯০০ টাকা। শূন্যপদ : ২৩ ফিল্ড অ্যামিউনিশন ডিপোতে ২টি (জেনাঃ)। এর মধ্যে প্রতিবন্ধী ১।

সব পদের বেলায় বয়স গুণতে হবে ১১-১-২০২০'র হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে হবে লিখিত পরীক্ষা। এই পরীক্ষায় ১৫০ নম্বরের ১৫০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউট, জেনারেল ইংলিশ, জেনারেল অ্যাওয়ারনেস। সময় ২ ঘন্টা। সফল হলে এন্ডিওরেন্স টেস্ট বা, স্কিল টেস্ট। জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট পদের বেলায় লিখিত পরীক্ষায় সফল হলে মিনিটে ৩৫টি শব্দ তোলার গতিতে টাইপিং টেস্ট হবে। ফায়ারম্যান পদের বেলায় ৬ মিনিটে ১.৬ কিমি. দৌড়, ২.৭ মিটার খানা টপকানো, ৬৩.৫ কেজি বস্তুকে নিয়ে ৯৬ সেকেন্ডে ১৮৩ মিটার দূরত্ব বহন করা আর সমান্তরাল দড়ি বেয়ে ৩ মিটার ওপরে ওঠা। ট্রেডসম্যান মেট পদের বেলায় ৬ মিনিটে ১.৬ কিমি. দৌড়, ৫০ কেজি বস্তুকে নিয়ে ১০০ সেকেন্ডে ২০০ মিটার দূরত্ব বহন করা। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে। অ্যাডমিট কার্ড ওয়েবসাইট থেকে ডাউনলোড করে নেবেন। মোট শূন্যপদের ১০ গুণ প্রার্থীকে এই টেস্টে ডাকা হবে।

দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের ফর্ম ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইটে : www.ncs.gov.in, www.indianarmy.nic.in পূরণ-করা দরখাস্তের সঙ্গে দেবেন : (ক) বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল, (খ) রেজিস্টার্ড মেডিক্যাল প্র্যাক্টিশনারের দেওয়া ডাক্তারি সার্টিফিকেট, (গ) এখনকার তোলা ৩ কপি পাশপোর্ট মাপের ফটো (এক কপি দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে ও দু'কপি দরখাস্তের সঙ্গে গেঁথে), (ঘ) নিজের নাম-ঠিকানা লেখা ও ২৫ টাকার ডাকটিকিট সাঁটা ১২×১৮ সেমি মাপের একটি খাম। দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন 'Application for the post of Tradesman (Mate)/ Junior Office Assistant (Erstwile LDC)/Fireman (Ex-Servicemen/Gen/EWS/PH/MSP/SC/ST/OBC)'. দরখাস্ত পাঠাবেন সাধারণ ডাকে, রেজিস্ট্রি ডাকে বা, স্পিড ডাকে। পৌঁছনো চাই ১১ জানুয়ারির মধ্যে। এই ঠিকানায় : The Commandant, 23 FAD, Pin 909723, C/o 56APO.

## ৮০ সুপারভাইজর, নার্স, ড্রেসার, অ্যাটেন্ড্যান্ট

ব্রডকাস্ট ইঞ্জিনিয়ারিং কনসালট্যান্টস ইন্ডিয়া লিমিটেড 'পাব্লিক হেলথ নার্স', 'ক্যাটেরিং সুপারভাইজর', 'অক্সিলিয়ারি নার্সিং মিডওয়াইফ', 'ড্রেসার' ও 'মরচুয়ারি অ্যাটেন্ড্যান্ট' পদে ৮০ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**পাব্লিক হেলথ নার্স** : নার্সিংয়ের বি.এসসি. কোর্স পাশরা যোগ্য। 'এ' গ্রেড নার্সরা হেলথ ভিজিটর্স ট্রেনিং / পাব্লিক হেলথ ট্রেনিং কোর্স পাশ হলেও যোগ্য। পারিশ্রমিক মাসে ৩৮,০০০ টাকা। শূন্যপদ : ১৫টি।

**ক্যাটেগরি সুপারভাইজর** : মাধ্যমিক পাশরা ক্যাটেরিংয়ের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। পারিশ্রমিক মাসে ২০,০০০ টাকা। শূন্যপদ : ১টি।

**অক্সিলিয়ার নার্সিং মিডওয়াইফ** : মাধ্যমিক পাশরা নার্সিং কাউন্সিলে অক্সিলিয়ারি নার্সিং মিডওয়াইফ হিসাবে নাম নথিভুক্ত থাকলে যোগ্য। পারিশ্রমিক মাসে ২৪,০০০ টাকা। শূন্যপদ : ৬০টি।

**ড্রেসার** : ক্লাস এইট পাশরা সেন্ট জন অ্যাম্বুলেন্স অ্যাসোসিয়েশন থেকে ড্রেসিং অ্যান্ড ফাস্ট এইড সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। পারিশ্রমিক মাসে ১৮,০০০ টাকা। শূন্যপদ : ১২টি।

**মরচুয়ারি অ্যাটেন্ড্যান্ট** : মাধ্যমিক পাশরা যোগ্য। পারিশ্রমিক মাসে ১৮,০০০ টাকা। শূন্যপদ : ৭টি।

ওপরের সব ক্ষেত্রে চাকরি হবে চুক্তিতে।

দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের বয়ান ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইটে : www.becil.com তখন সঙ্গে দেবেন : (১) বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল, (২) এখনকার তোলা ২ কপি পাশপোর্ট মাপের ফটো, (৩) প্যান কার্ড, আধার কার্ডের স্ব-প্রত্যয়িত নকল, (৪) ৫০০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ২৫০) টাকার ডিমান্ড ড্রাফট। 'Broadcast Engineering Consultants India Limited'র অনুকূলে ও পেয়েবল অ্যাট লিখবেন 'New Delhi'. দরখাস্ত পৌঁছনো চাই ২৫ ডিসেম্বরের মধ্যে। এই ঠিকানায় : The Deputy Manager (HR), BECIL'S Corporate Office, BECIL Bhawan, C-56 / A-17, Sector - 62, Noida - 201307 (U.P.).

## খাদি ও ভিলেজ ইন্ডাস্ট্রিতে চাকরি

খাদি ও ভিলেজ ইন্ডাস্ট্রিজ কমিশন বিভিন্ন বিভাগে ৭৫ জন লোক নিচ্ছে। মাস্টার ডিগ্রি বা, ২ বছরের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্টে জ্ঞান থাকতে হবে। বয়স হতে হবে ১০-১-২০২০'এর হিসাবে ২৭ বছরের মধ্যে। মাইনে মাসে ৩০,০০০ টাকা। চাকরি হবে ১ বছরের চুক্তিতে। তবে চুক্তির মেয়াদ আরো ৩ বছর বাড়বে। এই পদের বিজ্ঞপ্তি নং : Adm/RW/Engagement Y.P/(105)/2019-20.

প্রার্থী বাছাই হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১০ জানুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.kvic.org.in আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

GSCE
পড়লেই সরকারি চাকরি
George Telegraph • Since 1920

জিএসসিই-র আকর্ষণীয় কোর্সগুলি হল

WBCS
Preliminary + Main (Compulsory+ Optional) + Interview

Regular Combined
Staff Selection, Bank (P.O & Clerk), Rail, Police, PSC, Army, LIC etc.

Short Time
Crash Course
on an Upcoming Exam

Interview, Personality Development & Grooming Course

উচ্চমাধ্যমিক যোগ্যতায়
CHSL
পরীক্ষার ফর্ম ফিল আপ চলছে।

মাধ্যমিক যোগ্যতায়
DRDO MTS
23/12/19 ফর্ম ফিল আপ শুরু।

শুধু প্রাইভেট টিউশন নয়, প্রয়োজন এক সম্পূর্ণ প্যাকেজের যেখানে থাকবে বিশেষজ্ঞ শিক্ষক-শিক্ষিকাদের অঙ্ক, রিজনিং, ইংরেজি, জি.কে. / সি.এ. প্রভৃতি প্রতিটি বিষয়ের উপর বিশেষ গাইডলাইন, সাজেস্টিড ও অথেনটিক মকটেস্ট সিরিজ, নিয়মিত স্টাডি মেটেরিয়ালস্ ধরে ক্লাসের সঙ্গে ইনডিভিজুয়াল কেয়ার, ডাউট ক্লিয়ারিং ক্লাস পরীক্ষার আগে স্পেশাল মেটেরিয়ালস্ ও লাস্ট মিনিট সাজেশনস্, ফ্রি লাইব্রেরি ও পার্সোনালিটি গ্রুমিং সেশন যা জিএসসিই-র ছাত্রছাত্রীদের সঠিক লক্ষ্যে পৌছাতে বছরের পর বছর সাহায্য করে চলেছে।

জিএসসিই-তে প্রস্তুতি চলছে জোরকদমে। নিজের ভবিষ্যৎ গড়তে আজই আসুন আপনার নিকটবর্তী জিএসসিই কেন্দ্রে। গ্রুপে ভর্তি হলে কোর্স ফি-তে বিশেষ ছাড়।

আর্থিক ভাবে দুর্বল ছাত্রছাত্রীদের সরকারি চাকরি পাওয়ার সুযোগ জিএসসিই-র বেসিক কোর্সে পড়েই

• SSC • Rail • Bank • SLST • TET • Police • Army

বৈশিষ্ট্য : ১। ভর্তির সময় ৪০০০ টাকা + জিএসটি
২। ৮০০ টাকা + জিএসটি প্রতি মাসে


এই বেসিক কোর্সে মাসিক ফি প্রদানের মাধ্যমে দুস্থ চাকরি প্রার্থীরা পাবে সেরা প্রস্তুতির সুযোগ পারিবারিক মাসিক আয় বিবেচ্য।

জিএসসিই-তে ভর্তি হয়ে সঠিক পদ্ধতি মেনে পড়াশোনা করে নিজেকে জীবনে প্রতিষ্ঠিত করুন। বাড়ির কাছাকাছি জিএসসিই-র কেন্দ্রে আজই যোগাযোগ করুন। SC/ST/OBC তালিকাভুক্ত ছাত্রছাত্রীদের জন্য স্কলারশিপের সুবিধা আছে। সব ধরনের ছাত্রছাত্রীদের জন্য বয়স ও যোগ্যতা অনুযায়ী চাকরি পাবার সুযোগ।

আসন সংখ্যা সীমিত

Website : www.gsceindia.org

স্টাফ সিলেকশন ও অন্যান্য সরকারি চাকরির পরীক্ষায় জিএসসিই-র সফল ছাত্রছাত্রীদের মধ্যে কয়েকজন



Toll Free No. 18001230667

শিয়ালদহ (হেড অফিস)
১৩৬, বি. বি. গাঙ্গুলি স্ট্রিট, কলকাতা-১২
9674087465
9051040306
Helpline :
9830277100/200/300
পরীক্ষার খুঁটিনাটি জানতে-
9231036500
উপরিউক্ত কোন একটি নম্বরে ফোন করুন অথবা আপনার নাম ও ফোন নম্বর সহ SMS করুন

| | |
|---|---|
| ডানলপ(C.O.) | 9230056673 |
| গড়িয়াহাট | 9230056665 |
| নেতাজীনগর | 9674087860 |
| বারাসাত | 9674087467 |
| ব্যারাকপুর | 9230056668 |
| কল্যানী | 9674087469 |
| রানাঘাট | 9674083508 |
| কৃষ্ণনগর | 9674087470 |
| সোনারপুর | 9674087466 |
| ডায়মন্ডহারবার | 9230056662 |
| ক্যানিং | 7031615596 |
| হাওড়া ময়দান | 9230056677<br>9830342271 |
| বাগনান | 9674087468 |
| তমলুক | 8697984951 |
| কাঁথি | 9674140376 |
| পঃমেদিনীপুর | 9230056671 |
| ঝাড়গ্রাম | 9674087874 |
| বাঁকুড়া | 8017491727 |
| পুরুলিয়া | 9830277820 |
| আসানসোল | 9674087475 |
| দুর্গাপুর | 9674025500 |
| বর্ধমান | 9674025700 |
| কোন্নগর | 9230056667 |
| তারকেশ্বর | 9830277743 |
| ব্যান্ডেল | 9230056669 |
| কাটোয়া | 9830277230 |
| বোলপুর | 9674012025 |
| রামপুরহাট | 9674061397 |
| বহরমপুর | 9674087471 |
| মালদা | 9674087472 |
| বালুরঘাট | 9230056676 |
| রায়গঞ্জ | 8017491728 |
| ইসলামপুর | 9830277597 |
| শিলিগুড়ি | 9674087473 |
| দার্জিলিং | 9674087821 |
| কালিম্পং | 9830277171 |
| জলপাইগুড়ি | 9674025600 |
| ধূপগুড়ি | 9830277257 |
| আলিপুরদুয়ার | 9674033336 |
| কোচবিহার | 9830277023 |
| দিনহাটা | 9830277698 |


Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. Phone No. : (033) 2460 6211/12, Fax No. : (033) 2460-8233. E-Mail : karmsang@gmail.com

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad